CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৬ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 25 January, 2020 ■ আগরতলা, ২৫ জানুয়ারী , ২০২০ ইং ■ ১০ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা









প্রজাতন্ত্র দিবস উপলক্ষে শুক্রবার আসাম রাইফেলস ময়দানে চূড়ান্ত মহড়া অনুষ্ঠিত হয়েছে। ছবি নিজস্ব।

## প্রত্যক্ষ কর থেকে আয় সংগ্রহে বড় ধাক্কা খেতে চলেছে মোদি সরকার

**নয়াদিল্লী, ২৫ জানুয়ারি।।** অর্থনৈতিক নিম্নগতি এবং কর্পোরেট কর হ্রাসের জোড়া ফলায় বিধ্বস্ত নরেন্দ্র মোদী সরকার। চলতি আর্থিক বছরে কেন্দ্রীয় সরকারের প্রত্যক্ষ কর থেকে আয় সংগ্রহ বড় ধাক্কা খেতে চলেছে। নজিরবিহীন ভাবে বিগত দু'দশকের মধ্যে এই প্রথম বার কর্পোরেট এবং আয়কর বাবদ কম আগের বছরের থেকে অর্থ জমা পড়বে সরকারি কোষাগারে।

বিগত আর্থিক বছররের তুলনায় চলতি আর্থিক বছরে ১৭ শতাংশ অতিরিক্ত প্রত্যক্ষ কর সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছিল নরেন্দ্র মোদী সরকার। এই বছরের ৩১ মার্চের মধ্যে এই খাত থেকে সাড়ে ১৩ লক্ষ কোটি টাকা আয়ের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কিন্তু চাহিদায় ভাটার টানের জেরে সামগ্রিকভাবে ব্যবসায় মন্দা চলছে। ফলশ্রুতিতে নয়া লগ্নিতে রাশ টানার পাশাপাশি চলছে বিপুল কর্মী ছাঁটাই। যার ফলশ্রুতে এই অর্থবর্ষে মাত্র ৫ শতাংশ হ্রাসের পূর্বভাস দিয়েছে সরকার, যা গত ১১ বছরের মধ্যে সর্বনিম্ন।

এই সামগ্রিক আর্থিক দুরাবস্থার জেরে প্রত্যক্ষ কর সংগ্রহ বৃদ্ধি তো দূরের কথা, উলটে গত বছরের আয়ের ধরে রাখাতে গিয়ে হিমশিম অবস্থা সরকারের। এ ক্ষেত্রে এখনও পর্যন্ত প্রত্যক্ষ কর সংগ্রহের পরিসংখ্যান নর্থ ব্লকের কর্তাদের কপালে চিন্তার ভাঁজ ফেলেছে। সূত্রের খবর, গত ২৩ জানুয়ারি পর্যন্ত ৭.৩ লক্ষ কোটি টাকা প্রত্যক্ষ কর সংগ্রহ করেছে মোদী সরকার। গত আর্থিক বছরের এই সময়ে আয়কর এবং কর্পোরেট কর থেকে রাজকোষে আরও ৫.৫ শতাংশ বেশি টাকা জমা পড়েছিল।

গত কয়েক বছরের ট্রেন্ড বলছে, আর্থিক বছরের প্রথম তিনটি ত্রৈমাসিকের তুলনায় শেষ তিন মাসে কর সংগ্রহের পরিমাণ এক ধাক্কায় ৩০ থেকে ৩৫ শতাংশ বৃদ্ধি পায়। তা সত্ত্বেও ২০১৮-১৯ আর্থিক বছরের আয়কর এবং কর্পোরেট কর থেকে কেন্দ্রীয় সরকারের আয় কোনও অবস্থাতেই সাড়ে ১১ কোটি টাকার গণ্ডী ছাড়াবে না বলে আধিকারিকরা জানিয়েছেন। আগামী আর্থিক বছরের সাধারণ বাজেটের আগে এই বিষয়টি অর্থ মন্ত্রকের কর্তাদের বিশেষভাবে চিন্তায় ফেলেছে।

গত দু'দশকে এমন পরিস্থিতি আগে দেখা দেয়নি বলে জানিয়েছেন আয়কর দফতরের আধিকারিকরা। দেশ জুড়ে মাথাচাড়া দেওয়া অর্থনৈতিক সঙ্কটকেই এই পরিস্থিতির জন্য দায়ী করেছেন বিশেষজ্ঞরা। তাঁদের মতে, পণ্যদ্রব্যের চাহিদার অভাবে কর্পোরেট সংস্থাগুলির রোজগার কমেছে। তার জেরে বিনিয়োগে রাশ টানতে বাধ্য হয়েছে তারা। কর্মী ছাঁটাইও করতে হয়েছে, যার ফলে প্রচুর মানুষ চাকরি হারিয়েছেন। এর পাশাপাশি অর্থনীতিকে চাঙ্গা করতে কর্পোরেট করও কাটছাঁট করা হয়েছে। সরাসরি আয়কর আদায়ের উপর তার প্রভাব পড়েছে বলে মত তাঁদের। নাম প্রকাশে অনিচ্ছুক আয়কর দফতরের আধিকারিকরা জানিয়েছেন, ২০১৮-'১৯ ☛ ৬ এর পাতায় দেখুন

## ফটিকছড়ায় দুই ভাইয়ের মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** বৃহস্পতিবার গভীর রাতে আনুমানিক দুইটা নাগাদ আগরতলা মোহনপুর সড়কের ফটিকছড়া বাজার সংলগ্ন স্থান থেকে একসাথে দুই ভাইয়ের রক্তাক্ত দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্যের পরিবেশ গোটা মোহনপুর জুড়ে।

সেই স্থান থেকেই উদ্ধার হয় টিআর০১-এই- ৬৭৯৬ নম্বরের একটি ভাঙা মোটর সাইকেল। প্রাথমিক চিত্রে দূর্ঘটনার ধারণা করা হলেও সকল স্তরের লোকদের মধ্যে গুঞ্জন গভীর রাতে নির্জনতার সুযোগ নিয়ে খুন করা হয় দুই ভাইকে। রাতেই ঘটনার খবর পেয়ে সিধাই থানার পুলিশ ঘটনাস্থলে এসে রক্তাক্ত দেহ মোহনপুর হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে জিবিতে নিয়ে গেলে তাদের দু'জনকেই মৃত ঘোষণা করা হয়। শুক্রবার ☛ ৬ এর পাতায় দেখুন

## ফাঁসীতে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার খুনের আশঙ্কা

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৪ জানুয়ারি।।** বৃহস্পতিবার গভির রাতে অসমের করিমগঞ্জ জেলার পাথারকান্দি বাজার এলাকার পেট্রল পাম্প সংলগ্ন আট নং আসাম আগরতলা জাতিয় সড়কের লাগোয়া নেতাজী মুর্তির পাশে এক চা বাগান এলাকার যুবকের ঝুলন্ত মৃতদেহ আবিষ্কারকে কেন্দ্র করে স্থানীয় জনমনে নানা প্রশ্ন চিহ্ন বিরাজ করছে।

অনেকে এই ঘটনাকে আত্মহত্যা বলে অভিহিত করলেও একাংশের মতে এটা পরিকল্পিত খুন। এমন খবরে প্রশাসনের টনক নড়লে শেষে তদন্তে নামেন সদর ডিএসপি শুধন্য শুক্লবৈদ্য।শুক্রবার মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের পর পরিবারবর্গের হাতে সমঝে দিয়েছে পাথারকান্দি পুলিশ। জানা গেছে ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যের প্রবীণ সাংবাদিক প্রদীপ দত্ত চৌধুরী প্রয়াত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** রাজ্যের প্রবীণ সাংবাদিক প্রদীপ দত্ত চৌধুরীর জীবনাবসান হয়েছে। শুক্রবার বেলা ২টা ২০ মিনিটে জিবিপি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। বৃহস্পতিবার শ্বাসকষ্ঠ জনিত সমস্যা নিয়ে তিনি হাসপাতালে ভর্তি হন। তিনি স্ত্রী ও এক কন্যা রেখে গেছেন।

সাংবাদিকতা দিয়েই তিনি কর্মজীবন শুরু করেছিলেন। এরপর তিনি তথ্য সংস্কৃতি দফতরে যোগ ☛ ৬ এর পাতায় দেখুন

### ফরেস্টারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

## কৈলাসহরে বন দফতরের মহকুমা কার্যালয়ে তালা দিল আইপিএফটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** কৈলাসহর মহকুমা বন দফতরের কর্মরত লিটন দেবনাথের বিরুদ্ধে সরকারি অর্থ লোপাট এবং বিভিন্ন প্রকল্পে ব্যাপক দুর্নীতির অভিযোগ এনে আইপিএফটি শুক্রবার মহকুমা বন দপ্তরের অফিসে মূল ফটকে তালা ঝুলিয়ে দেয়। তারা মূল ফটক বন্ধ করে দীর্ঘ কয়েক ঘন্টা বিক্ষোভ প্রদর্শন করেন।

কৈলাসহর মহকুমা বন দফতরের কর্মী তথা ফরেস্টার লিটন দেবনাথকে দুর্নীতির দায়ে অবিলম্বে চাকুরী থেকে সাসপেন্ড করতে হবে এবং বন দফতরের বিভিন্ন প্রকল্পে জড়িত লিটন দেবনাথের বিরুদ্ধে উঠা অভিযোগের তদন্তের জন্য তদন্ত কমিশনের দাবিতে আইপিএফটি ঊনকোটি জেলা কমিটির উদ্যোগে দলীয় কর্মীরা শুক্রবার সকালে কৈলাসহর শহরে অবস্থিত মহকুমা বন দফতরের অফিসের মূল গেইট তালাবন্দী করে বিক্ষোভ দেখাতে শুরু করে। এই বিক্ষোভ কর্মসূচীর নেতৃত্বে ছিলেন আইপিএফআই ঊনকোটি জেলা কমিটির সভাপতি জয়কিশান দেববর্মা, কৈলাসহর মহকুমা কমিটির সম্পাদক মনোরঞ্জন দেববর্মা ও দলীয় নেতা সঞ্জিত দেববর্মা প্রমুখ।

বিক্ষোভ কর্মসূচি চলাকালীন জেলা সভাপতি জয় কিশান দেববর্মা বলেন, রাজ্যের বাম আমল থেকেই ফরেস্টার লিটন দেবনাথ কৈলাসহরের এডিসি এলাকার বিভিন্ন কাজ কর্মে দুর্নীতি করে আসছে। এমনকি বর্তমান বিজেপি সরকারের আমলেও কেলেঙ্কারি করে চলেছে। তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, ফরেস্টার লিটন দেবনাথের বিরুদ্ধে বিভিন্ন এডিসি এলাকার মানুষ এমনকি দলীয় ভাবেও কয়েকবার দফতরের আধিকারীকদের নিকট মৌখিক ও লিখিত ভাবে অভিযোগ দেওয়ার পরও দপ্তর কোনো পদক্ষেপ নিচ্ছে না। দপ্তর সম্পূর্ণরূপে উদাসীন।

জয় কিশান দেববর্মা আরোও বলেন, কৈলাসহরের গোলোকপুর, সমরুছড়া, জামতৈলবাড়ি, হালামবাড়ি, এনসি পাড়া প্রভৃতি উপজাতি এলাকার মানুষ পাট্টা পেয়ে যে যার জায়গায় কলা বাগান, সুপারি বাগান, রাবার বাগান, বাঁশ বাগান, চা বাগান ইত্যাদি করেছে। ফরেস্টার লিটন দেবনাথ প্রায়ই এইসব এলাকায় গিয়ে উপজাতি মানুষের কাছ থেকে টাকা আদায় করে। টাকা না দিলে ফসল নষ্ট করে দেবে বলে হুমকি দেন। এছাড়া এই সমস্ত জায়গাতে বন দপ্তরের বিভিন্ন কনস্ট্রাকশন কাজ করার ☛ ৬ এর পাতায় দেখুন

## উন্নয়নের প্রশ্নে পরিবর্তনকে গ্রহন করার পরামর্শ দিলেন উপমুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** পরিবর্তন বারবারই অস্বস্তিকর হয়। কিন্তু এক জায়গায় দাঁড়িয়ে থাকলে উন্নয়ন সম্ভব নয়। তাই, উন্নয়নের প্রশ্নে পরিবর্তনকে গ্রহন করার পরামর্শ দিলেন ত্রিপুরার উপমুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী জিষ্ণু দেববর্মা। তাঁর কথায়, বানিজ্যের প্রসার এবং স্বচ্ছতা সুনিশ্চিত করার জন্যই নতুন পোর্টাল চালু করা হল। তাঁর দাবি, ২০১৯-২০ অর্থ বছরে এখন পর্যন্ত ২০ কোটি ৫৪ লক্ষ টাকার বানিজ্য হয়েছে। ওই পোর্টাল ছোট ও মাঝারি ব্যবসায়ীদের বানিজ্যের প্রসার বৃদ্ধি করবে।

এদিন প্রজ্ঞা ভবনে গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস(জেইএম) সংবাদ শীর্ষক অনুষ্ঠানে আংশ নিয়ে উপমুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় কথা থেকে পন্য সামগ্রী আসছে এবং কোথায় বিক্রি হচ্ছে, সরকার অনেক ক্ষেত্রেই অবগত নয়। তাই, স্বচ্ছতার প্রশ্নে এ-ধরনের উদ্যোগ খুব প্রয়োজনিয়। তাঁর কথায়, সারা দেশে ইতিমধ্যে উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, এখন ই-বাজারের যুগ। যুগের সাথে তাল মিলিয়েই চলতে হবে। তাই, একটি পোর্টাল চালু করা হয়েছে। তাতে আপনারা সবাই অংশগ্রহণ করুন, ব্যবসায়ীদের উদ্দেশ্যে আবেদন রাখেন তিনি।

উপমুখ্যমন্ত্রী বলেন, জীবন পরিবর্তনশীল। উন্নয়নও পরিবর্তনেই সম্ভব। তিনি বিদ্রুপ করে বলেন, যেভাবে চলছে চলুক, এই মানসিকতায় উন্নয়ন সম্ভব নয়। অবশ্য, পরিবর্তন অনেকের কাছে ভীষণ অস্বস্তিকর হয়ে দাঁড়ায়উ তিনি বলেন, ত্রিপুরায় সরকার বদল হওয়ার পর শিক্ষায়, রেগায় অনেক পরিবর্তন আনা হয়েছে। তাতে, শুরুতে অনেকের আপত্তি ছিল। কিন্তু, সময় যত পেরিয়েছে মানুষ পরিবর্তনের সুফল টের পাচ্ছেন। তাঁর কথায়, সামনের দিকে এগিয়ে যেতে হবে। এক জায়গায় দাঁড়িয়ে থাকলে উন্নয়ন কোনভাবেই সম্ভব নয়। ☛ ৬ এর পাতায় দেখুন

## প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যপাল রমেশ বৈস রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, 'ঐতিহাসিক এবং শুভ ৭১তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আমি ত্রিপুরাবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানাই। এই দিনটি দেশবাসীর কাছে সত্যিই এক বিশেষ দিন। ১৯৪৯-র ২৬ নভেম্বর ভারতের গণ পরিষদে ভারতের সংবিধান গৃহীত হয় এবং ১৯৫০ সালের এই দিনটিতে তা কার্যকর হয়। এবং দেশবাসীর জন্য ন্যায় ☛ ৬ এর পাতায় দেখুন

## পোলিও টিকা ও প্রতিষেধক খেয়ে মৃত্যু ৩ মাসের শিশুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** পোলিও টিকা ও প্রতিষেধক খেয়ে মারা গেল তিন মাসের এক শিশু। ঘটনাটি ঘটেছে আসাম ত্রিপুরা সীমান্তের বাজারিছড়া থানাধীন কুকিতল জিপির বড়পুতনি গ্রামে। জানা গেছে গতকাল স্থানীয় ৯৩১ নং জঙ্গলি বস্তি এলপি স্কুলে পোলিও টিকা ও প্রতিষেধক ফোটা খাওয়া হয়।

সেই স্কুলে নিয়ে মাত্র তিনমাসের শিশু সঞ্জু ভূমিজকেও ইনজেকশন ও পোলিও ফোটা খাওয়ানো হয়। রাতে ওই শিশুটি বমি শুরু করে। তারপর শিশুটি মারা যায়। খবর পেয়ে সেখানে ছুটে যায় বাজারিছড়া থানা ও কাঁঠালতলি পুলিশ। ঘটনাস্থলে ছুটে যান পাথারকান্দি সার্কেল অফিসার এল খিংতে। পুলিশ মৃত শিশুটিকে ময়না তদন্তের জন্য করিমগঞ্জে প্রেরণ করে। এদিকে আরেকটি শিশু পোলিও খেয়ে অসুস্থ পড়েছে বলে খবর পাওয়া গেছে। এবং সেই শিশুকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। পোলিও শোধন করে শিশু মৃত্যুর ঘটনায় ছড়িয়ে পড়েছে এলাকা জুড়ে আতঙ্ক। অবিলম্বে এই মৃত্যুর বিষয়ে সুষ্ঠু তদন্ত করে দোষীদের কঠোর শাস্তির দাবী উঠেছে।

## চুড়াইবাড়িতে অভিমানে আত্মঘাতী ৮ম শ্রেণীর ছাত্র

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৪ জানুয়ারি।।** অভিমানে আত্মঘাতী স্কুলছাত্র। ঘটনা উত্তর জেলার চুরাইবাড়ি থানা এলাকার গোবিন্দপুর দুই নং ওয়ার্ডে। অষ্টম শ্রেণীর ছাত্র জনি দাস (১৪) মায়ের বকুনি খেয়ে ফাঁসিতে ঝুলে আত্মহত্যা করে। ঘটনার বিবরণে প্রকাশ,পড়াতে বসার জন্য বৃহস্পতিবার দুপুরে জনির মা তাকে বকুনি দেয়। রাগে অভিমানে সে বাড়ি থেকে বেরিয়ে যায়।

সন্ধ্যা নেমে রাত হয়ে যায় বাড়ি ফিরেনি জনি। শুরু হয় চারিদিকে খুঁজাখুঁজি। অনেক খোঁজাখুঁজির পর রাত্রি দশটা বিশ মিনিট নাগাদ পাশের বাড়ির কাকুর বাড়ির শৌচাগারে গলায় গামছা লাগিয়ে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায় জনির মৃতদেহ। এই বাড়িতে কাকা ভুবন দাস বর্তমানে থাকেন ধর্মনগরে। তিনি পেশায় শিক্ষক ,কর্মসূত্রে বাড়ির বাহিরে ।নির্জনতার সুযোগ নিয়ে আত্মহত্যা করে জনি। মৃতদেহ দেখার পর পুলিশকে খবর দেওয়া হয়। রাত্রি দুই ঘটিকা নাগাদ জনির মৃতদেহ ময়না তদন্তের জন্য কদমতলা হাসপাতালে আনা হয়। শুক্রবার ময়নাতদন্তের পর মৃতদেহটি আত্মীয়-পরিজনদের হাতে তুলে দেওয়া হয় ।অকালে একটি তরতাজা প্রাণ ঝরে যাওয়াতে গোটা গোবিন্দপুর এলাকাজুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

## চিকিৎসকদের দায়বদ্ধতার পাঠ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** সমাজের প্রতি চিকিৎসকদের দায়বদ্ধতা রয়েছে। কারণ মানবজাতি চিকিৎসকদের ভগবানের মর্যাদা দিয়েছেন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ইণ্ডিয়ান ডেন্টাল অ্যাসোসিয়েশনের রাজ্য শাখার দুদিন ব্যাপী ১৯তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, নিজের মধ্যে উদ্যম, পেশাদারি মনোভাব সমাজের যে কোন ব্যক্তিকে সাফল্যের শিখরে পৌঁছে দিতে সাহায্য করে তেমনি এরূপ মনোভাব নিয়ে কাজ করলে চিকিৎসকরাও সমাজকে প্রভাবিত করতে পারেন। এরফলে সমাজে ইতিবাচক বাতাবরণ স'ষ্টি হয়। তাই সমাজ পরিবর্তনের ক্ষেত্রে চিকিৎসকদের ইতিবাচক ভূমিকার কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, চিকিৎসকরা যে যেই জায়গায় কর্তব্যরত বা দায়িত্বে রয়েছেন রোগীদের চিকিৎসার পাশাপাশি সামাজিক দিক দিয়েও তাঁদের দায়বদ্ধতা রয়েছে। চিকিৎসকদের মধ্যে অহংকার নয়, তাদের স্বাভিমানি হওয়া দরকার। স্বাভিমানিতাই মানুষকে জীবনের সাফল্যের শিখরে নিয়ে যায় বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।



মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা খব দ্রত বিকাশের পথে এগুচ্ছে। মানুষের মনোভাব পরিবর্তিত হচ্ছে। দায়বদ্ধতাও ব'দ্ধি পাচ্ছে। সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার মানসিকতা গড়ে উঠছে। এইগুলিই রাজ্যের উন্নয়নকে তরান্বিত করে। প্রব'দ্ধির হার বাড়াতেও সাহায্য করে। কিন্তু বিগত ৪০ বছর যাবৎ বঞ্চিত, লাঞ্ছিত, কেন্দ্রীয় বঞ্চনা এই শব্দগুলি শোনা যেত। বর্তমানে তার পরিবর্তন হয়েছে। তিনি বলেন, স্বাস্থ্য পরিকাঠামোগত উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে রাজ্য সরকার । বক্তব্য রাখতে গিয়ে তিনি রাজ্যের বিভিন্ন ক্ষেত্রগুলিতে রাজ্য সরকারের সাফল্যের চিত্র তুলে ধরেন। রাজ্যের গণবন্টন ব্যবস্থায় ই-পি ডি এস-এর ক্ষেত্রে ১০০ শতাংশ সাফল্য পাওয়া গেছে বলে তিনি উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, এই ক্ষেত্রে সারা দেশের প্রথম তিনটি রাজ্যের মধ্যে ত্রিপুরা অন্যতম। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপস্থিতির ক্ষেত্রেও অনলাইন ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হচ্ছে। জনধন অ্যাকাউন্ট কার্যকর করা হয়েছে। এরফলে গরীব মহিলাদের নগদ অর্থ ব্যাঙ্কের মাধ্যমে সুরক্ষিত রাখার ব্যবস্থা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, যে কোন দেশের কৃষ্টি সংস্কৃতির মাধ্যমে অন্য দেশের সাথে আত্মিক সম্পর্ক গড়ে উঠে। ভারতবর্ষের কৃষ্টি সংস্কৃতি অত্যন্ত সমৃদ্ধশালী। যদিও মোঘল এবং ইংরেজদের দীর্ঘ শাসনকালে এদেশের কৃষ্টি সংস্কৃতিতে আঘাত হানার চেষ্টা হয়েছিল। কিন্তু ভারতবর্ষের কৃষ্টি সংস্কৃতি আজও উজ্জল। তিনি বলেন বর্তমানে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাষ্ট্র প্রেম ☛ ৬ এর পাতায় দেখুন

## শান্তিরবাজারে বিপুল পরিমানে নেশা সামগ্রী উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** গোপন খবরের ভিত্তিতে শান্তিরবাজার পূর্বপাড়া এলাকা থেকে বিপুল পরিমাণে নেশা সামগ্রী আটক করলো বাইখোড়া থানার পুলিশ। বৃহস্পতিবার রাত্র আনুমানিক ৮ ঘটিকায় গোপন খবরের ভিত্তিতে শান্তিরবাজার ছুটে আসে বাইখোড়া থানার পুলিশ। পরবর্তী সময় খবর দেওয়া হয় শান্তিরবাজার থানায়।

শান্তিরবাজার থানা ও বাইখোড়া থানার যৌথ উদ্যোগে শান্তিরবাজারের পূর্বপাড়ার বাসিন্দা স্বপন মালাকারের বাড়িতে হানা দিয়ে বিপুল পরিমাণে নেশা সামগ্রী উদ্ধার করে পুলিশ। যার মধ্যে ৪৯ কৌটা রয়েছে ব্রাউন সুগার ও ১২০টি রয়েছে এসপি টেবলেট সঙ্গে রয়েছে অনেকগুলি খালি কৌটা। যার বাজারমূল্য আনুমানিক এক লক্ষ টাকা হবে জানা যায়। পুলিশ ঘটনাস্থল থেকে নেশা ☛ ৬ এর পাতায় দেখুন




CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৬ ▫ সংখ্যা ১০৭ ▫ ২৫ জানুয়ারি ২০২০ইং ▫ ১০ মাঘ ▫ শনিবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## রাজনীতির শুদ্ধিকরণ ও নেতাজী

তেইশে জানুয়ারী তারিখটা যেকোনও দেশপ্রেমিকের কাছেই অনেক বেশী স্মরণীয় ও বরণীয় হইয়া আছে। নেতাজী সুভাষ চন্দ্র বসুর এই জন্মজয়ন্তী নানা অনুষ্ঠানে পালিত হইয়াছে। সরকারী উদ্যোগে মহান এই বীরের জন্ম জয়ন্তী তেমন পালিত না হইলেও নেতাজী জন্মজয়ন্তী পালনে সাধারণের অংশ গ্রহণ ছিল। পশ্চিমবঙ্গ, ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যে নেতাজী জন্মজয়ন্তীতে গণ অংশগ্রহণ বুঝাইয়া দেয় মহান বীর মানুষের হৃদয়ে কতখানি জায়গা করিয়া আছেন। নেতাজী বলিয়াছিলেন 'তোমরা আমাকে রক্ত দাও আমি তোমাদের স্বাধীনতা দেব।' ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে নেতাজীর অবদান কতখানি তাহা নিয়া দীর্ঘ আলোচনা হইয়াছে। তবু, নেতাজীর প্রতি কেন্দ্রের সরকার শ্রদ্ধায় স্মরণ করার মধ্যে তেমন উল্লেখযোগ্য উচ্ছাস দেখা গিয়াছে, এমন মনে হইতেছে না। কিন্তু, আজ বামপন্থীদের কাছে নেতাজী অনেক বেশী আদরণীয় বরণীয় হইয়া গিয়াছেন। তেইশে জানুয়ারী তাই মানুষের মনে জাগিয়া উঠে স্বাধীনতার স্বপ্ন। যে স্বাধীনতা নেতাজী দেখিয়াছিলেন সেই স্বাধীনতা কি আমরা পাইয়াছি? গণতন্ত্র, স্বাধীনতা তো আজ আগ্রাসনের মুখে। দেশজুড়িয়া এক অনিশ্চয়তার ঘনঘটা। নেতাজীর আজাদ হিন্দ সরকার, আজাদ হিন্দ বাহিনীই আমাদের স্বাধীনতা প্রাপ্তিতে বিশেষ ভূমিকা নিয়াছে। নেতাজীর প্রতি দেশবাসীর মনে যে শ্রদ্ধা ও ভালবাসা বিরাজিত তাঁহাকে পূঁজি করিয়া ঘুরিয়া দাঁড়াইতে চায় বামপন্থীরা। নেতাজী নিজে বামপন্থী ছিলেন এমন প্রমাণও নাই। অথচ বামেরা এখন নেতাজী বন্দনায় অনেক বেশী ব্যস্ত। অথচ কমিউনিষ্টরাই নেতাজীকে জার্মানীর কুত্তা, সাম্রাজ্যবাদের দালাল বলিয়া গালাগাল দিয়াছিলেন। স্বাধীনতার অন্তত ত্রিশ বছর পর কমিউনিস্ট নেতা জ্যোতি বসু স্বীকার করিয়াছিলেন নেতাজীকে আমরা ভুল বুঝিয়াছিলাম। সেই সময় হইতেই দেখা গেল কমিউনিস্টরা নেতাজীকে নিয়া উঠিয়া দাঁড়াইবার কাছে ব্যস্ত থাকিতে চান। আজ কমিউনিস্টরা নেতাজীর জন্মদিনকে দেশপ্রেম দিবস হিসাবে পালন করিতেছেন।

নেতাজী নিয়া সবচাইতে সর্বনাশা খেলা খেলিয়াছে কংগ্রেস। আজ প্রশ্ন উঠে নেতাজীর মৃত্যু বা অন্তর্ধানের পিছনে কংগ্রেসের হাত কতখানি। দেশের ক্ষমতা যেন তেন প্রকারেণ জওহরলাল নেহেরুর থাকিতে হইবে। এই পরিস্থিতিই কি নেতাজীর অন্তর্ধানের পিছনে কাজ করিয়াছে? যদি নেতাজীর হাত ধরিয়াই স্বাধীনতা আসিত তাহা হইলে দেশভাগই হইত না। দ্বিজাতি তত্বের ভিত্তিতে এই দেশভাগ যে কি বিশাল ঐতিহাসিক ক্ষতির মুখে দেশবাসীকে ঠেলিয়া দিয়াছে তাহা আর বলিবার অপেক্ষা রাখে না। এই ক্ষত আজ বিশ্বালত্ব ধারণ করিয়া সমস্যা বাড়াইয়া দিয়াছে। এই সমস্যার হাত ধরিয়াই তো আসিয়াছে এনআরসি, সিএএ। যাহা আজ গোটা দেশে উত্তাল পরিস্থিতি সৃষ্টি করিয়াছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলিয়াছেন যেকোনও মূল্যে এনআরসি ও নাগরিকত্ব আইন বলবৎ করা হইবেই। একদিকে জন বিক্ষোভ অন্যদিকে নতুন আইন বলবতের সরকারী অনমনীয় এমন মনোভাব অতীতে খুব বেশী দেখা গিয়াছে এমন বলিবার বোধহয় সুযোগ নাই। জন বিক্ষোভের মুখে সরকারী নয়া আইন বলবতের এই যে ঘটনা তাহার ভবিষ্যত পরিণতি কি এখন বলা মুশকিল। তবে, একথা ঠিক, দেশে যদি অশান্তির পরিবেশ চলিতে থাকে তাহা হইলে গণতন্ত্র সাবলীল হইবে কিভাবে? নতুন আইনের বিরুদ্ধে আন্দোলনের নামে সরকারী সম্পত্তির ধ্বংস দেশের বুকেই ছুরিকাঘাতের সামিল। দেশকে দূর্বল, শক্তিহীন ও উশৃঙ্খলতার দিকে ঠেলিয়া দেওয়া। যাহা কাম্য হইতে পারে না। ৩৭০ ধারা বাতিলের কারণে জম্মু কাশ্মীরে আঠার হাজার কোটি টাকা ক্ষতি হইয়াছে বলিয়া যে রিপোর্ট মিলিয়াছে তাহাতে আতংকিত হইবারই কথা। এনআরসি ও সিএএ বিরোধী আন্দোলনের নামে হিংসায় হাজার হাজার কোটি টাকার ক্ষয়ক্ষতি হইয়াছে। ইহা তো দেশকে দূর্বল করারই নগ্ন চেষ্টা। এইভাবে গণতন্ত্র ও দেশের স্বাধীনতাকে রক্ষা করা যাইবে না।

দেশের সামনে আজ যে পরিস্থিতির সৃষ্টি হইয়াছে তাহা আমাদের স্বাধীনতা ও গণতন্ত্র কতখানি সুরক্ষিত সেই প্রশ্নই টানিয়া আনিয়াছে। আমরা বিশ্বাস করিতে পারি এই অবস্থায় নেতাজীর আদর্শ, তাঁহার চিন্তা ভাবনাই আমাদের নতুন করিয়া উজ্জীবিত করিতে পারে, সত্যিকারের দেশপ্রেম জাগিলে দেশ মার্তৃকার বিপদ মোকাবিলা করা সম্ভব। কিন্তু, আজ দেশের রাজনীতিও তো একেবারে আদর্শহীনতার নাগপাশে বন্দী। এমন একটি দল পাওয়া যাইবে যে আদর্শের বলে বলিয়ান? যেখানে আদর্শের, ত্যাগের কোনও মূল্য নাই সেখানে স্বচ্ছতা আসিতে পারে না। আজ দেশবাসীর সামনে কতবড় দূর্ভাগ্য। স্বচ্ছতা, আদর্শের অভাব। নীতিহীনতার করাল গ্রাসে আজ তো রাজনৈতিক শক্তি। গণতন্ত্রের বিকাশ, জয়যাত্রার সাফল্য তো আদর্শ ও নীতিবাদীতা। সেখানে যদি ঘাটতি হয় গণতন্ত্র ও স্বাধীনতা বিপন্ন হয়। অর্থ মাসল শক্তির জোরে ক্ষমতায় আসীন হইবার প্রবণতা বাড়িবার সুযোগ বাড়ে। আজ নেতাজীর স্মরণ আমাদের কি আত্মশুদ্ধির পথে নিয়া যাইতে পারে। নেতাজীর আদর্শ, তাঁহার ভাবনা তাঁহার দেশপ্রেম যতবেশী আজকের প্রজন্মের কাছে পৌঁছানো যাইবে ততই স্বাধীনতার স্বপ্ন সফল হইতে পারে।

## ১১ ও ১২ ফেব্রুয়ারি এডিসির অধিবেশন

**আগরতলা,২৪ জানুয়ারি।।** ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান রণজিৎ দেববর্মা আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২০ এডিসির অধিবেশন আহ্বান করেছেন। আগামী ১১ ফেব্রুয়ারি ২০২০ খুমুলুঙস্থিত পরিষদীয় ভবনে সকাল ১১ টায় এই অধিবেশন শুরু হবে। আজ এক বিজ্ঞপ্তিতে এসংবাদ জানান পরিষদীয় সচিব কে চক্রবর্তী।

## মধ্যপ্রদেশে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল মিনি ট্রাক, মৃত্যু ৪ জন শ্রমিকেব

খারগোনে (মধ্যপ্রদেশ), ২৪ জানুয়ারি (হি.স.): মধ্যপ্রদেশের খারগোনে জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল একটি মিনি ট্রাকউ মিনি ট্রাক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জন শ্রমিকেরউ এছাড়াও কমপক্ষে ১০ জন গুরুতর আহত হয়েছেনউ শুক্রবার দুর্ঘটনাটি ঘটেছে খারগোনে জেলার ভিকানগাঁও থানার অন্তর্গত বামনালা গ্রামের কাছেউ নিহত শ্রমিকদের নাম-মণিশা (১৬), রোহিত (১৫) এবং সিলদার (১৭)উ চতুর্থজন একজন মহিলা, তাঁর নাম ও পরিচয় জানা যায়নি।

ভিকানগাঁও থানার সাব-ইন্সপেক্টর অন্তিমওয়ালা জানিয়েছেন, শুক্রবার বামনালা গ্রামের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় একটি মিনি ট্রাকউ মিনি ট্রাকটি খেতমজুরদের নিয়ে কামোদওয়াড়া অভিমুখে যাচ্ছিলউ মিনি ট্রাক উল্টে প্রাণ হারিয়েছেন ৪ জন শ্রমিকউ এছাড়াও ১০ জনকে উদ্ধার করে খারগোনে জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছেউ কী কারণে দুর্ঘটনার কবলে পড়ল মিনি ট্রাকটি, তা তদন্ত করে দেখা হচ্ছে।

## অবন্তীপোরা এনকাউন্টারে খতম কুখ্যাত জইশ জঙ্গি, পালাল অপর সন্ত্রাসবাদী

শ্রীনগর, ২৪ জানুয়ারি (হি.স.): গত বুধবার জম্মু ও কাশ্মীরের পুলওয়ামা জেলার অবন্তীপোরায় সুরক্ষা বাহিনীর গুলিতে খতম হয়েছিল কুখ্যাত একজন সন্ত্রাসবাদী। ওই সন্ত্রাসবাদী জইশ-ই-মহম্মদ (জেইএম) জঙ্গি সংগঠনের সক্রিয় সদস্য ছিলউ নিহত সন্ত্রাসবাদীর নাম-আবু সাইফুল্লাহ। বিগত দেড় বছর ধরে অবন্তীপোরার ত্রাল এবং খ্রে। এলাকায় সক্রিয় ছিল জেইএম জঙ্গি আবু সাইফুল্লাহউ জেইএম জঙ্গি কারি ইয়াসির অত্যন্ত ঘনিষ্ঠ ছিল আবু।তবে, সুরক্ষা বাহিনীর অভিযান চলাকালীন পালিয়ে যেতে সক্ষম হয়েছে একজন সন্ত্রাসবাদী। শুক্রবার জম্মু-কাশ্মীর পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযান চলাকালীন বৃহস্পতিবার রাতে সম্ভবত পালিয়ে যায় একজন সন্ত্রাসবাদীউ এনকাউন্টারে খতম হয়েছে কুখ্যাত জইশ-ই-মহম্মদ জঙ্গি আবু সাইফুল্লাহ।

# বাঙালীর ওপর হিন্দী সাম্রাজ্যবাদের আঘাত

**এইচ এন মাহাতো**

বাঙালী জাতিসত্বাকে কেন বার বার প্রথমে ব্রিটিশ সাম্রাজ্যবাদ পরবর্তীতে হিন্দী সাম্রাজ্যবাদ আঘাতে ক্ষত-বিক্ষত করে চলেছে। এর কারণগুলো কখনো ভেবে দেখেছেন কি? আজকের আলোচনায় কয়েকটি বিষয় তুলে ধরার চেষ্টা করছি। প্রথমত -ভারতের আধ্যাত্মিকতাকে দু'টি ভাগে ভাগ করা হয় (১) অন্তর্মুখী, (২) বহির্মুখী।

এলাহাবাদের পশ্চিম প্রান্ত থেকে গান্ধীর রাজ্য আজ যাকে আফগানিস্তান বলা হয়। এই অঞ্চলের আধ্যা আধ্যাত্মিকতা বহির্মুখী হওয়ার ফলে এখানে যাগ-যজ্ঞের ওপর নির্ভরশীল। এর ফলস্বরূপ এখানে মানুষের মনপ্রধান না হয়ে শরীর প্রধান হয়। ফলাফলে আমরা দেখতে পাই এই অঞ্চলের মানুষের প্রবণতা অনেকটা যাযাবরের মত, যেখানে এরা যাবে সেখানেই এরা রাজতন্ত্রের মত চলাফেরা করে বলপূর্বক অন্যের জমি ভোগ দখল করবে ও অন্যকে ক্রীতদাস রূপে ব্যবহার করবে।

এলাহাবাদের পূর্বপার থেকে মায়নমার পর্যন্ত অন্তর্মুখী যোগ ও তন্ত্রসাধনায় নিজেদের প্রতিষ্ঠা করতে চায়। যেমন মগধ, অঙ্গদেশ, মিথিলা সহ বাঙালীস্তানের এর প্রভাব পড়েছে। বিশেষ করে বাঙালীর মানুষের মধ্যে রয়েছে কতগুলো গুণ যেমন---এদের মধ্যে আছে প্রচণ্ড সহনশীলতা, উদার মানসিকতা, সাহসিকতা, তেজস্বীকতা ও তেজীভাব। এর জন্য এরা অকাতরে মৃত্যুকে বরণ করতে কুণ্ঠাবোধ করে না। নৈতিকতা ও মানবিকতায় এরা সুদৃঢ়, কঠোর পরিশ্রমী জনগোষ্ঠী। অপরকে আপন করতে ভালবাসে, অতিথিকে অন্নপূর্ণার মত খাওয়াতে ভালবাসে। এরা পছন্দ করে অন্যকে অন্নদান, শিক্ষাদান, বাসস্থান, বস্ত্রের ও চিকিৎসা সহ আধ্যাত্মিক উন্নতিতে নিজেদের উজাড় করে দেন। দ্বিতীয়ত- এই বাঙালায় ছয়টি জাত বাঙালী নিয়ে বাঙালীস্তান তথা ভারতকে সমৃদ্ধ করেছে। যেমন নদীমাতৃক দেশ হওয়ার জন্যে নদীকে কাজে ব্যবহার করে তারাই 'কৈবর্ত্ত বা কেওট' (এখানে ক মানে জল, জলকে যারা মানব সমাজে ব্যবহার করতে শিখিয়েছে সেই অর্থে কেওট বা কৈবর্ত্ত), শৌর্য-বীর্যের ও সেবার প্রতীক 'নমশূদ্র', মঙ্গোলীয় রক্তে-ক্ষাত্রবল সমৃদ্ধ 'রাজবংশী', মননশীলতায় সামাজিক প্রয়োজনে সাংসারিক খুঁটিনাটি তৈরীতে সমৃদ্ধ 'সদ্‌গোপ', শখ্যামা অর্থাৎ চাকমা এরা মূলতঃ পাহাড়ী অঞ্চলে কৃষিতে নিজেদের প্রতিষ্ঠা করেছে, শেষ জাত বাঙালী হ'ল যারা সারা পৃথিবীতে প্রগতির পথ দেখিয়েছেন যেমন---কৃষিকাজে 'হাল' ব্যবহার, 'আগুন'-এর আবিষ্কার, 'চাকা' আবিষ্কার, নানাবিধ 'গহনাদি'র, অস্ত্র ইত্যাদি ইত্যাদি আবিষ্কার করার ফলে এদের নাম হয়েছে মহত্তন বা মহাতো।

তৃতীয়ত- বাঙালীর রক্তে রয়েছে বিমিশ্রিত সভ্যতার উপকরণ যেমন গঙ্গা নদীর ধারায় রয়েছে আর্য সভ্যতা, ব্রহ্মপুত্রের ধারায় রয়েছে মঙ্গোলীয় সভ্যতা, আবার রাঢ়ের নদ-নদী দামোদর, কংসাবতী, ময়ূরাক্ষী প্রভৃতির সভ্যতা বা সংস্কৃতি এসে মিশেছে বাঙালীস্তনের 'ব' দ্বীপে। যার ফলস্বরূপ এখানে আমরা দেখতে পাই মেধা, সৃজনশীলতা, শিল্প-সাহিত্য-কলা, উদার মানসিকতার জন্য বাংলা তথা ভারত ও বিশ্বকে সমৃদ্ধ করেছে। চতুর্থত- ইউ এন ও সম্প্রতি বাংলাকে ভাষাকে পৃথিবীর মধ্যে মধুরতম ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে কেননা বাংলা ব্যকরণ, ধ্বনি বিজ্ঞান, শব্দভাণ্ডার, বানান পদ্ধতি, প্রতিশব্দ, ভাষার মাধুর্যতা (যেমন ---টুকটুকে লাল, ধবধবে সাদা ইত্যাদি ইত্যাদি) ও ভাষার অলঙ্কারণ যাহা বাংলা ভাষাকে বিশ্বের মধুরতম ভাষায় স্বীকৃতি লাভ করতে সাহায্য করেছে। বালার অক্ষর বিজ্ঞানকে অতীতে সমৃদ্ধ করেছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বর্তমানে ভাষাবিদ শ্রী প্রভাতরঞ্জন সরকার বাংলা ভাষার অক্ষরজ্ঞানকে আরো সহজ করে সাজিয়ে দিয়েছে।

**আজ হিন্দী সাম্রাজ্যবাদের তথাকথিত নেতৃবর্গ সহ অসমের উগ্রবাদীদের দ্বারা বাঙালীকে রাষ্ট্রহীন করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আজ আমরা দেখছি গত সত্তর দশক থেকেই শুরু করে অসমে বাঙালী হিন্দু ও মুসলমানের রক্তে ব্রহ্মপুত্রে জল লালে লাল হয়েছে। ভারতের স্বাধীনতার পর থেকে কেন্দ্র বা রাজ্যে যে সরকারই অসমে প্রতিষ্ঠা হয়েছে প্রত্যেকেই বাঙালী বিদ্বেষী নানা প্রকার কালোল আইন তৈরি করে বাঙালীকে ভারতের মাটি থেকে উৎখাত করা ও রাষ্ট্রহীন করার চেষ্টা করে চলেছে। এখন আবার নুতন করে বলছে অসমীয়ারাই অসমের ভূমিপুত্র। বাঙালীরা বহিরাগত ও অনাকাঙ্খিত। অসম কেন বলব, ত্রিপুরার বাঙালীরা ভূমিপুত্র হওয়ার পরেও তাদের বিরুদ্ধে সেই হিন্দী সাম্রাজ্যবাদের নেতৃবর্গ একটার পর একটা আইন তৈরি করে বাঙালীকে উৎখাত করার চেষ্টা করে চলেছে। সমগ্র উত্তর-পূর্বাঞ্চল সহ সমগ্র ভারতের বাঙালীদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের একটাই টার্গেট ভারত থেকে বাঙালীকে রাষ্ট্রহীন করা।**

মহান দার্শনিক, বাষাবিদ, সঙ্গীতজ্ঞ শ্রীপ্রভাতরঞ্জন সরকারের যুগান্তকারী প্রভাত সঙ্গীতের আলোকে বলেছেন---"মধুর চেয়ে আরও মধুর আমার বাংলা ভাষা আমার প্রাণের ভাষা।..........'' পঞ্চমত- বিমিশ্রিত সংস্কৃতি হওয়ার ফলে বাঙালীস্থানে জন্ম নিয়েছে উর্বরমনসা ও মনীষাগণ---যারা হলেন পৃথিবীর প্রথম দার্শনিক মহর্ষি কপিল মুনি, পতঞ্জলী দর্শনের প্রণেতা, অনুপরমাণু আবিষ্কারকে কনাদ মুনি, জ্যোতিষবিদ মহীয়সী খনা, মহাকবি কালিদাস, বাংলা তথা ভারতের নবজাগরণ ও সতীদাহ প্রথা বিলুপ্ত করেছিলেন রাজা রামমোহন রায়, সাহিত্য সম্রাট ঋষি বঙ্কিমচন্দ্র, কথাশিল্পী সাহিত্যিক শরৎচন্দ্র, বিশ্বকবি, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, ছন্দের জাদুকর, সত্যেন্দ্রনাথ দত্ত, জাগরণী সঙ্গীতেরপ প্রণেতা দ্বিজেন্দ্রলাল রায়, বিদ্রোহী কবি নজরুল ইসলাম, অমৃতাক্ষর ছন্দের জাদুকর মাইকেল মধুসূদন দত্ত, শিশু সাহিত্যিক উপেন্দ্রকিশোর রায় চৌধুরী, সুকুমার রায় ও লীলা রায়, আশাপূর্ণা দেবী, মহেশ্বেতা দেবী সহ আরও অনেক মনীষী জন্ম নিয়েছে। বিজ্ঞানের উদ্ভাবনী ভারতের মধ্যে বাংলাই সর্বেচ্চ স্থান নিয়েছে বিসেষ করে বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু, মেঘনাথ সাহা, জগদীশ চন্দ্র বোস ও আরো অনেকে। নোবেল জয়ীতে ভারতকে উচ্চস্থানে প্রতিষ্ঠিত করেছে মাননীয় রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত সেন, মাদার টেরেসা, মহম্মদ ইউনিস, অভিজিৎ বন্দ্যোপাধ্যায় এছাড়াও অস্কার পেয়েছেন সত্যজিৎ রায়। শিল্প ও চারুকলায় অবনীন্দ্রনাথ ঠাকুর, যামিনী রায়, নন্দদুলাল বসু, উদয়শঙ্কর, মহানায়ক উত্তমকুমার ও আরো অনেক। ভারতের স্বাধীনতার বিপ্লবে ব্রিটিশকে ভারত ত্যাগ করতে বাধ্য করেছিল যাঁরা—তাঁরা হলেন প্রথম শহীদ ক্ষুদিরাম বোস, প্রফুল্ল চাকী থেকে শুরু করে বিনয়-বাদল-দীনেশ, বাঘা যতীন, মাষ্টারদা সূর্য সেন, প্রীতিলতা, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, নেতাজী সুভাষচন্দ্র বোস সহ আরো অনেকে যাঁদের তালিকা এই অল্প পরিসরে লেখা সম্ভব নয়।

বাংলা ও বাঙালীর এত অবদানের পরেও কতিপয় অর্থলোভী, সংকীর্ণমনা কাপুরুষ, ধান্দাবাজ মীরজাফরের জন্য বাঙালীস্থানের সুজলা, সুফলা 'মা'কে আজ ক্ষতি বিক্ষত করে বাংলাকে হাতে ও ভাতে মারার পরিকল্পনা ফলে বাংলার শিল্প অঞ্চলকে কেটে বিহারকে সমৃদ্ধ করেছে। আজ রাজনৈতিকভাবে যাহা ঝাড়খণ্ড রাজ্যে কিছুটা বিহারে রয়েছে, বাংলার কৃষি অঞ্চল কেটে (তৎকালীন আমলে) রঙপুর জেলার অংশ গোয়ালপাড়া সাব ডিভিশনকে (আজ যাহা চারটি জেলা), শ্রীহট্ট জেলার সমতল ও হিল কাছাড়কে,গোড়ো ও জয়ন্তীয়া পাহাড় কেটে, নওগাঁ ও বরপেটার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে অসম প্রদেশকে দেওয়া হয়েছিল। তৎকালীন আমলের ভারতবর্ষের নেতৃবর্গ বলেছিল বাঙালীস্তানের যে অংশ অসম প্রদেশে থাকবে সেই অঞ্চলের বাঙালীদের ভাষা সহ বাঙালী সংস্কৃতির পূর্ণ মর্যাদা দেওয়া হবে। অসম প্রদেশের অতীতের ইতিহাস বলছে এই অঞ্চলটি বাঙালীস্থানের অংশ ও এখানে অতীত থেকেই বাঙালীদের জনসংখ্যা বেশী ছিল। আজ হিন্দী সাম্রাজ্যবাদের তথাকথিত নেতৃবর্গ সহ অসমের উগ্রবাদীদের দ্বারা বাঙালীকে রাষ্ট্রহীন করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আজ আমরা দেখছি গত সত্তর দশক থেকেই শুরু করে অসমে বাঙালী হিন্দু ও মুসলমানের রক্তে ব্রহ্মপুত্রে জল লালে লাল হয়েছে। ভারতের স্বাধীনতার পর থেকে কেন্দ্র বা রাজ্যে যে সরকারই অসমে প্রতিষ্ঠা হয়েছে প্রত্যেকেই বাঙালী বিদ্বেষী নানা প্রকার কালো আইন তৈরি করে বাঙালীকে ভারতের মাটি থেকে উৎখাত করা ও রাষ্ট্রহীন করার চেষ্টা করে চলেছে। এখন আবার নুতন করে বলছে অসমীয়ারাই অসমের ভূমিপুত্র। বাঙালীরা বহিরাগত ও অনাকাঙ্খিত। অসম কেন বলব, ত্রিপুরার বাঙালীরা ভূমিপুত্র হওয়ার পরেও তাদের বিরুদ্ধে সেই হিন্দী সাম্রাজ্যবাদের নেতৃবর্গ একটার পর একটা আইন তৈরি করে বাঙালীকে উৎখাত করার চেষ্টা করে চলেছে। সমগ্র উত্তর-পূর্বাঞ্চল সহ সমগ্র ভারতের বাঙালীদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের একটাই টার্গেট ভারত থেকে বাঙালীকে রাষ্ট্রহীন করা।

কেন্দ্রীয় সরকারের কাছে বাঙালীর অস্তিত্বকে বিলোপ করা মানেই হিন্দী সাম্রাজ্যবাদের শেকড়কে শক্তিশালী করা। এর পরিণতি সারা ভারতের বৈপ্লবিক চেতনাকে শেষ করে শারীরিক, মানসিক ও অর্থনৈতিক তৎসহ আধ্যাত্মিক শোষণকে প্রতিষ্ঠা করা।

# আজাদ হিন্দের পথে এক ভবঘুরের যাত্রা

**অনিন্দ্য মুখোপাধ্যায়**

২৬ ফেব্রুয়ারি, ২০১৯। এই দিনটির প্রায় ৪০ দিন আগে, 'আজাদ হিন্দ ফৌজ'-এর চরণরেখা অনুসরণ করে, সিঙ্গাপুর থেকে আমার যে পথচলা শুরু হয়েছিল, একে একে মালয়েশিয়া, থাইল্যান্ড, মায়ানমার পার করে সেদিন তা ঠেকেছিল অন্তিমে।

শেষবারের মতো মান্দালয়ের পথেঘাটে ঘুরে বেড়ানোর পর, আমার আস্তানা থেকে ব্যাগ-বস্ত নিয়ে হাঁটা শুরু করেছিলাম বাস স্ট্যান্ডের দিকে।গত কয়েক দিনে কতবার যে ঘুরপাক খেয়েছি এই শহরে, ইয়ত্তা ছিল না। শেষদিনে তাই খুব চেনা মনে হচ্ছিল প্রাচীন এই শহরটাকে। পিনিয়া স্ট্রিট ছাড়িয়ে ই-ওয়ান মোটেলের সামনে গিয়ে দেখি—বাস দাঁড়িয়ে আছে, যাত্রীরাও সবাই বসে পড়েছে, এখন কেবল মালপত্র বোঝাইয়ের পালা। সময়ে বাস ছাড়ল।

আমরাপুরা পেরিয়ে ইড়ওয়া-র কাছে অতিক্রম করলাম ইরাবতী নদীরদীর্ঘ সেতু। ইরাবতীর বুকে অলসভাবে ভেসে থাকা অগণিত নৌকা ও বজরা, আমাকে মনে করিয়ে দিয়েছিল কিপলিং-এর 'মান্দালয়' কবিতার 'ওল্ড ফ্লোটিলা'। ব্রিজ পার হতেই এক অপার্থিব আলোয় দেখা দিয়েছিল সাগায়িং। অস্তমিত সূর্যের আভা সোনা ঢেলে দিয়েছিল শহরের বৌদ্ধস্তুপের মাথায়। সন্ধের মুখে বাস থেমেছিল টাজে নামের ছোট এক শহরে, অনেক রাতে এসেছিল কালেওয়া।

বাস থামতে ঘুম জড়ানো চোখে কিছুক্ষণ হেঁটে বেড়ালাম। সহযাত্রী সবাই ঢুকে পড়েছিল রাস্তার ধারের খাবার দোকানে। দোকানের সামনে খদ্দের টানার জন্য সাজিয়ে রাখা ছিল সেদিনের স্পেসাল আইটেম। কাছে গিয়ে দেখিয়েছিলাম চারটে বড় বাটিতে সাজিয়ে রাখা আছে মুরগির ঠ্যাং, কাঁকড়া, চিংড়ি এবং বোলতা। ছাঁকা তেলে ভাজা। একে শেষ রাত, তায় ১৮ ঘন্টার বাস জার্নি। তাই খাবার নিয়ে আর অ্যাডভেঞ্চারের ঝুঁকি নিইনি। বাস এবার উত্তরমুখী হয়ে টামু-র রাস্তা ধরল। পাকা রাস্তা বিদায় নিয়েছিল কালেওয়ার পর থেকেই। গাড়ির গতিও হয়েছিল মন্থর। জানলা দিয়ে অন্ধকার পাহাড় আর তার গায়ে টিমটিমে আলো জ্বলা-গ্রাম দেখা চাড়া কাজ ছিল না।

মনে পড়েছিল, এই পথেই ঘটে যাওয়া যুদ্ধের শেষ দিনগুলোর কথা। কালাদান উপত্যকা, আরাকান পাহাড়ে সুভাষ ব্রিগেডের অধীন মেজর রাতুরি-র দলের সাফল্য এবং সিকান্দার কানেরা হতে কাচিন গোরিলাদের পর্যুদস্ত হওয়ার পর জাপানিদের মনে আজাদ হিনদ সেনাদের সম্বন্ধে একটা সমীহ জন্মেছিল। এই সময় গান্ধী ব্রিগেডের জওয়ানরা এসে পৌঁছেছিল কালেওয়া-তে ডিভিশনাল কমান্ডার জামান কিয়ানি স্বয়ং ফৌজের সঙ্গে ছিলেন এবং সেই ব্রিগেডের নেতৃত্ব দিচ্ছিলেন তাঁরই আত্মীয় কর্ণেল আই জে কিয়ানি। ইম্ফলের যুদ্ধ তখন তুঙ্গে। তাই দ্রুত এগারোর জন্য গান্ধী ব্রিগেডের সৈন্যদের নির্দেশ ছিল সঙ্গে একটি রাইফেল ৫০ রাউন্ড গুলি এবং একটিমাত্র কম্বল সঙ্গে রাখা যাবে। মেশিনগান, হ্যান্ড গ্রেনেড, ট্রেঞ্চ কাটার যন্ত্রপাতি—কোনও কিছুই নেওয়া যাবে না। ফলে, আদর্শ গেরিলা রেজিমেন্টের মতোই তারা ক্ষিপ্র গতিতে এগিয়েছিল টামু-পালেল রাস্তা ধরে। একে একে পালেল এয়ারোড্রোম এবং উপাও গিরিশিরা আজাদ হিন্দের দখলে চলে এসেছিল।

সেই সময় আমাদের ফৌজ যেভাবে পালেল এয়ারোড্রোম দখল করেছিল, তা মনে পড়লে, গর্বে বুক ফুলে ওঠে।

এয়ারোড্রোম ঘিরে ব্রিটিশ সেনাদের অজস্র পিকেট ছিল। সব পিকেটেই মেশিনগান বসানো। গভীর রাতে গান্ধী ব্রিগেডের নিঃশব্দ গেরিলা অপারেশনে একের পর এক ব্রিটিশ পিকেট ধরাশায়ী হয়। এরকম একটি পিকেটকে আমাদের সৈন্যরা আচমকা ঘিরে ফেলতেই হিন্দি ভাষায় কাতর আর্তনাদ ভেসে এসেছিল। ব্রিটিশ ইন্ডিয়ান আর্মি-র সেই ভারতীয় সৈনিকেরা চিৎকার করে বলেছিল, 'সাথী, হামকো মত মারো'।

নেতাজির নির্দেশ ছিল, শত্রুপক্ষের সৈন্য ভারতীয় হলে তাকে প্রাণে মারা যাবে না। একমাত্র আত্মরক্ষার জন্য গুলি চালানো যেতে পারে। শত্রুপক্ষ আত্মসমর্পণ করছে ভেবে কাছে যেতেই ব্রিটিশ আর্মির সেই ভারতীয় সৈনিকরা গুলি চালাতে আরম্ভ করেছিল। সবার আগে ছিলেন লেফটেন্যান্ট লাল সিং, তাঁর হাতে ছিল একটি নাগ্যা বর্শা। মেশিনগানের গুলিতে শরীর ঝাঁজরে হয়ে গেলেও সেই বর্শা দিয়ে দু'জন মেশিনগার চালককে মেরে তবে নিজের শেষ শ্বাস ফেলেছিলেন লাল সিং। সেই রাতেই এয়ারোড্রোম ঢুকে সবক'টা ব্রিটিশ প্লেন ধ্বংস করে দিয়েছিল গান্ধী ব্রিগেড। গান্ধী ব্রিগেডের সেনাদ্রেদের বেশিরভাগই ছিলেন মালয়েশিয়াতে ফৌজে ভর্তি হওয়া ছিলেন মালয়েশিয়াতে ফৌজে ভর্তি হওয়া তামিল। সম্মুখসমরে এই ছিল তাঁদের প্রথম অবিজ্ঞাত। সাহসিকতা এবং পারদর্শিতায় তাঁরা ব্রিটিশদের মস্তিস্কপ্রসূত মার্শাল এবং নন-মার্শাল জাতির তত্ত্ব বেঙে গুঁড়িয়ে দিয়েছিলেন।



মণিপুর-কোহিমায় যুদ্ধ যেমন আরম্ভ হয়নি, তেমন শেষও হয়নি। রেঙ্গুনের কিছুটা উত্তর দিকে টাউঙ্গু থেকে শুরু করে ব্রিটিশ ফৌজকে মেইকাটিলাস পোপা, মণিওয়া, কালেওয়া—এসব শহরে একের পর এক যুদ্ধে হারাতে হারাতে মণিপুর এবং কোহিমা অঞ্চলে প্রবেশ করেছিল আজাদ হিন্দ এবং জাপানের সৈন্যদল। হ্যাঁ, ইম্ফল আক্রমণ এবং দখলের সেই শেষ পর্যায়ে বিভিন্ন কারণে তাদের কাছে যথেষ্ট খাবার এবং অস্ত্র ছিল না। কিন্তু তার অর্থ কখনওই এই নয় যে আজাদ হিন্দ ফৌজ এক অপরিণত, অর্ধপ্রস্তুত সেনাদল ছিল। ১৯৪৪ সালের ১৮ জুলাই মহম্মদ জামান কিয়ানি 'রিট্রিট' ঘোষণা করেন মণিপুর-কোহিমা সীমান্তে। ইম্ফল আক্রমণ ব্যর্থ হয়েছিল। কিন্তু যুদ্ধ সেখানেই শেষ হয়ে যায়নি। মনে রাখতে হবে, বিট্রিট ঘোষণার ঠিক একমাস আগেই ১ লক্ষ ৩০ হাজার নতুন ভলান্টিয়ার যোগ দিয়েছিলেন আজাদ হিন্দ ফৌজে। এই যোগদান এসেছিল কেবল মালয়েশিয়ার প্রবাসী ভারতীয়দের তরফেই। ১৯৪৫ সালের ১০ জানুয়ারি, নেতাজি রেঙ্গুন থেকে আবার নতুন করে আক্রমণের প্রস্তুতি শুরু করে দিয়েছিলেন। জানুয়ারি মাস শেষ হওয়ার আগেই আরও দু'টি নতুন রেজিমেন্ট মালয়েশিয়া থেকে বার্মার এসে পৌঁছেছিল।

(সৌজন্যে প্রতিদিন)



শুক্রবার ১৯তম পোল কনফারেন্স এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। ছবি- নিজস্ব।

# প্রয়াত অসমিয়া ভাষার বিশিষ্ট পণ্ডিত গোলোকচন্দ্র গোস্বামী, মুখ্যমন্ত্রী-সহ শোক বহুজনের

গুয়াহাটি, ২৪ জানুয়ারি (হি.স.) : অসমিয়া ভাষার বিশিষ্ট পণ্ডিত, গবেষক, সংস্কারক, সরলীকরণের প্রবক্তা ড় গোলোকচন্দ্র গোস্বামী আর নেই। বার্ধক্যজনিত কারণে ৯৭ বছর বয়সে শুক্রবার ভোরে গুয়াহাটিতে নিজের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। গত বছরের ২৫ নভেম্বর শারীরিক অবস্থার অবনতি হলে সংকটজনক অবস্থায় স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে তাঁকে ভরতি করা হয়েছিল। পরে স্বাস্থ্যের কিছু উন্নতি ঘটলে দিন-কয়েক আগে নিজস্ব বাড়িতে নিয়ে যাওয়া হয়েছিল। এদিকে অসমিয়া ভাষার বিশিষ্ট পণ্ডিত ড় গোলোকচন্দ্র গোস্বামীর মৃত্যুর খবর পেয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী-সহ বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সংগঠন গভীর শোক ব্যক্ত করেছে। শোক ব্যক্ত করেছে অসম সাহিত্য সভা, অসম প্রকাশন পরিষদও। তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে তাঁর বাড়িতে বহু গুণমুগ্ধ ভিড় করেছিলেন। আজই বিকেলে সম্পূর্ণ রাজ্য মর্যাদায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

ড় গোলোকচন্দ্র গোস্বামীর মৃত্যুতে অসমিয়া ভাষার ব্যাপ্ত দৃষ্টিভঙ্গির অপূরণীয় ক্ষতি হয়েছে বলে মন্তব্য করেছেন এই ধারায় কর্মরত গবেষক একাধিকজন।

বিশিষ্ট অসমিয়া ভাষাবিদ গোলোকচন্দ্র গোস্বামীর জন্ম হয়েছিল ১৯২৩ সালের ১৫ নভেম্বর অবিভক্ত নগাঁও জেলার মায়ং মৌজার অন্তর্গত দৈপাড়া সত্রে। ১৯৪৮ সালে কটন কলেজ থেকে স্নাতক ডিগ্রি নিয়ে গুয়াহাটির কামরূপ অ্যাকাডেমিতে শিক্ষকতার মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন গোস্বামী। শিক্ষকতার পাশাপাশি নৈশ ক্লাসে বিটি পাঠক্রম সমাপ্ত করেন তিনি। বিটি পড়ার সময় তাঁকে বুনিয়াদী শিক্ষার স্নাতকোত্তর প্রশিক্ষণের জন্য অসম সরকার দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ে নির্বাচন করে। সেখানে এক বছরের প্রশিক্ষণ সফলতার সঙ্গে সমাপ্ত করার পর অসমে ফিরে এসে গৌহাটি বিশ্ববিদ্যালয়ের অসমিয়া ভাষার স্নাতকোত্তর শ্রেণিতে ভরতি হন।

১৯৫৪ সালে গোলোকচন্দ্র গোস্বামী প্রথম শ্রেণির প্রথম স্থানে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে গৌহাটি বিশ্ববিদ্যালয়ের অসমিয়া বিভাগে শিক্ষক হিসেবে যোগদান করেন। ১৯৫৪ সালের ১৫ নভেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত পুণের ডেক্কান কলেজে অনুষ্ঠিত উইন্টার স্কুল অব লিঙ্গুইস্টিকসশীর্ষক ভাষা-বিজ্ঞানের প্রশিক্ষণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন তিনি।

১৯৫৫ সালের ২ মে মামণি দেবীর সঙ্গে বিবাহপাশে আবদ্ধ হন তিনি। ওই সালের মে থেকে ১৯৫৬ সালের শেষ পর্যন্ত তিনি পুণের ডেক্কান কলেজে ভাষা-বিজ্ঞানের গবেষক ছাত্র হিসেব প্রশিক্ষণ নেন। ১৯৫৬ সালের শেষের দিকে গোস্বামী নিউইয়র্কের রোকফেলার ফাউন্ডেশনের রিসার্চ ফেলো হিসেবে কেলিফর্নিয়া বিশ্ববিদ্যালয়ের বার্কলি টোলে ভাষাবিজ্ঞান বিভাগে যোগদান করেন।

১৯৬৭ সালে তিনি গৌহাটি বিশ্ববিদ্যালয়ের অসমিয়া বিভাগের রিডার এবং ১৯৭৮ সালে ওই বিভাগের প্রধান অধ্যাপক হিসেবে কার্যভার গ্রহণ করেন। ১৯৮৫ সালে ওই পদ থেকেই অবসর গ্রহণ করেন ড় গোলোকচন্দ্র গোস্বামী।

অসমিয়া ভাষার আরেক বিশিষ্ট ভাষাবিদ ড় বাণীকান্ত কাকতির 'অ্যাসামিজ : ইটস ফর্মেশন অ্যান্ড ডেভেলপমেন্ট' শীর্ষক বইয়ের পুনঃসম্পাদনা ছাড়াও তিনি বহু গ্রন্থ রচনা করে গেছেন। তাঁর রচিত গ্রন্থবলি যথাক্রমে - 'ধ্বনি-বিজ্ঞানর ভূমিকা' (১৯৬৬ সাল), ইংরেজি 'অ্যান ইন্ট্রডাকশন টু অ্যাসামিজ ফনোলজি' (১৯৬৬), 'অসমীয়া বর্ণ প্রকাশ' (১৯৬৯), 'অসমীয়া আখর জোঁটনি' (১৯৭২), 'অসমীয়া গোলোক ব্যাকরণ (প্রবোধ ভাগ)' (১৯৭২), 'অসমীয়া গোলোক ব্যাকরণ (সুবোধ ভাগ)' (১৯৭৪), 'স্ট্রাকচার অব অ্যাসামিজ' (১৯৮৩), 'হিন্দী-অসমীয়া-ইংরাজী ত্রিভাষী অভিধান' (১৯৮৫), 'হিন্দী-অসমীয়া লঘুকোষ' (১৯৮৫), 'ভারতীয় ভাষাকোষ' (১৯৮৫), 'অসমীয়া ব্যাকরণর মৌলিক বিচার' (১৯৮৭), 'ভাষা-ভাষাণিকা' (১৯৯২), 'অসমীয়া ব্যাকরণ প্রবেশ' (২০০০), 'অসমীয়া ভাষার অনুশীলন' (২০০০), 'অসমীয়া ভাষার উচ্চারণ' (২০০০), 'অসমীয়া ব্যাকরণ প্রবেশ' (২০০২), 'অসমীয়া আখর জোঁটনি সমীক্ষা' (২০০৯) ইত্যাদি।

তাঁকে অসম ভাষা-বিজ্ঞান সমিতি 'ভাষাচার্য্য' উপাধি এবং অসম সাহিত্য সভা 'সাহিত্যাচার্য' উপাধিতে বিভূষিত করেছিল। এছাড়া ২০০১ সালে তাঁকে আনন্দরাম বরুয়া ভাষা-কলা-সংস্কৃতি সংস্থার তরফ থেকে 'আনন্দরাম বরুয়া পুরস্কার' দিয়ে সম্মানিত করা হয়েছে। এভাবে ২০০৮ সালে সাতভনী মিত্র মঞ্চ, অসম নামের এক স্বেচ্ছাসেবী সংগঠন ড় গোলোকচন্দ্র গোস্বামীকে 'ভাষাগুরু' সম্মানে বিভূষিত করেছিল। তিনি অসম ভাষা-বিজ্ঞান সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

# সিএএ : গদির লোভে কং নেতারা আজ জাতির জনক এবং তদানীন্তন প্রধানমন্ত্রী মনমোহন সিঙের কথাও মানছে না, বলেছে বিজেপি

করিমগঞ্জ (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : জাতির জনক মহাত্মা গান্ধী এবং তদানীন্তন প্রধানমন্ত্রী প্রবীণ কংগ্রেস নেতা মনমোহন সিং বলেছিলেন পাকিস্তান, আফগানিস্তান ও পূর্ব পাকিস্তান তথা অধুনা বাংলাদেশ থেকে ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে এ দেশে আশ্রিতদের জানমালের নিরাপত্তা-সহ কর্ম সংস্থানের ব্যবস্থা করে দেওয়া ভারত সরকারের নৈতিক দায়িত্ব। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, আজ এই একই দল, কংগ্রেস নেতারা জাতির জনক মহাত্মা গান্ধী এবং প্রাক্তন কংগ্রেসি প্রধানমন্ত্রী মনমোহন সিঙের কথাও মানতে নারাজ। গদিচ্যুত কংগ্রেসিরা আজ ক্ষমতার লোভে দিশেহারা হয়ে দলীয় নীতি আদর্শ জলাঞ্জলি দিতেও কুণ্ঠাবোধ করছেন না।

শুক্রবার করিমগঞ্জে দলের জেলা সদর কার্যালয় শ্যামাপ্রসাদ স্মৃতি ভবনে এক সাংবাদিক সম্মেলনে এভাবেই কংগ্রেসের বিরুদ্ধে হামলা করেছেন বিজেপি-র জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য। তিনি বলেন, কংগ্রেসিদের এখন কা কা কা (সিএএ) করা ছাড়া আর কোনও কাজ নেই। নাগরিকত্ব আইন নিয়ে কংগ্রেস এবং এআইইউডিএফ রাজ্যবাসীকে ভুল বার্তা দিচ্ছে। রাজ্যের সহজ সরল জনগণকে ভুল বুঝিয়ে রাজনৈতিক ফায়দা লুটতে মরিয়া হয়ে উঠেছে শতবর্ষ পুরনো কংগ্রেস, সিপিএম, এআইইউডিএফ-সহ বিভিন্ন রাজনৈতিক দল। সংশোধিত নাগরিকত্ব আইনে দেশের কোনও নাগরিককে দেশহারা করা হবে বলে কোথাও একটি শব্দের উল্লেখ নেই। নিজের পায়ের তলার মাটি সরে যাচ্ছে দেখে রাজনৈতিক দলগুলি ভুল বার্তা ছড়িয়ে মানুষকে বিভ্রান্ত করছে।

সুত বলেন, ধর্মের ভিত্তিতে দেশভাগ হওয়াটাই ছিল এক ঐতিহাসিক ভুল সিদ্ধান্ত। দেশভাগের ফলে পরবর্তীতে যে পরিস্থিতির উদ্ভব হয়েছিল তা ছিল আরও ভয়াবহ। ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে ভিটেমাটি হারানো ছিন্নমূল লক্ষ লক্ষ মানুষ এ দেশে এসে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলেন। স্বাধীনতার দীর্ঘ বছর পরও উদ্বাস্তুদের নাগরিকত্ব নিয়ে কোনও সরকারই গুরুত্ব দিয়ে ভাবেনি। ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে পাকিস্তান, আফগানিস্তান ও বাংলাদেশ থেকে এসে এ দেশে আশ্রিত ছিন্নমূল মানুষের নাগরিকত্ব প্রদানের প্রতিশ্রুতি দিয়েছিল বিজেপি। ১৯৫১ সালে শ্যামাপ্রসাদ মুখার্জির নেতৃত্বে জনসংঘ গঠন এবং পরবর্তীতে ১৯৮০ সালে ভারতীয় জনতা পার্টির জন্মলগ্নের পর থেকেই দলের লক্ষ্য ছিল উদ্বাস্তুদের নাগরিকত্ব দেওয়া। ২০১৪ সালে বিজেপি ক্ষমতায় আসার পর মোদী মন্ত্রিসভা নাগরিকত্ব বিল সংসদে উত্থাপন করে। লোকসভায় পাসও হয়। কিন্তু রাজ্যসভায় সদস্য সংখ্যা কম থাকায় বিল আটকে যায়। ২০১৯-এ ফের বিজেপি ক্ষমতায় এসেই সংসদে এই বিল উত্থাপন করে এবং লোকসভা এবং রাজ্যসভায় তা পাস হয়। এর পর রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তা শেষপর্যন্ত আইনেও পরিণত হয়। তিনি বলেন, আজ কংগ্রেস সেই আইনের বিরোধিতা করছে একমাত্র তাদের রাজনৈতিক স্বার্থে। এই মন্তব্য করে সুব্রত করিমগঞ্জ জেলা কংগ্রেস সভাপতি সতু রায় ও উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থকে এক হাত নিয়ে বলেন, কংগ্রেস এই আইনের বিরোধিতা করে বাঙালি হিন্দু উদ্বাস্তুদের পুনরায় ভিটে ছাড়া করার কু-প্রয়াস চালাচ্ছে। তবুও তারা সফল হতে পারেনি।

জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য প্রসঙ্গক্রমে অসম চুক্তির ছয় নম্বর ধারা সম্পর্কে বলেন, অসম চুক্তির এই ধারা সম্পর্কে করিমগঞ্জ জেলা বিজেপি তেমন পর্যালোচনা করেনি যদিও, তবুও প্রাথমিক জ্ঞান বলছে, এই ধারা কার্যকর হলে বরাকের মানুষের কোনও ক্ষতি হবে না। সিএএ নিয়ে মানুষকে সচেতন করার জন্য আগামীকাল জেলার পাঁচটি বিধানসভা এলাকায় একসাথে গণজাগরণ সমাবেশের আয়োজন করা হয়েছে। এই জনজাগরণ সমাবেশ সম্পর্কে সুব্রত বলেন, আগামীকাল সকাল দশটায় প্রথম সভা হবে রাতাবাড়ি বিধানসভা এলাকার ভৈরবনগরে। সাড়ে এগারোটায় দক্ষিণ করিমগঞ্জের ফাকুয়াগ্রামে, দুপুর একটায় পাথারকান্দির দোহালিয়ায়, বিকেল চারটায় করিমগঞ্জ শহরের গঙ্গা ভাণ্ডারের সামনে এবং বিকেল ছয়টায় বদরপুরের স্টেশন রোডে। জনজাগরণ সভার মুখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন শিলচরের সাংসদ ডা. রাজদীপ রায়। বিশিষ্টদের মধ্যে উপস্থিত থাকবেন করিমগঞ্জের সাংসদ

ছয়ের পাতায়

# ভারতের কোনও ব্যক্তি বা অঞ্চল যেন পিছিয়ে না থাকে, এটিই প্রজাতন্ত্র প্যারেডের লক্ষ্য: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.) : ভারতের কোনও ব্যক্তি বা অঞ্চলকে পিছনে রাখা উচিত নয়। এটা আমাদের নিশ্চিত করতে হবে। প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজের পেছনের উদ্দেশ্য এমনই বলা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার প্রধানমন্ত্রী ন্যাশনাল ক্যাডেট কর্পস (এনসিসি), জাতীয় পরিষেবা প্রকল্পের (এনএসএস) শিক্ষার্থীদের সঙ্গে জন কল্যাণ মার্গের সরকারি বাসভবনে সাক্ষাৎ করেন। প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশ নেওয়া এনসিসি, এনএসএস-এর শিক্ষার্থীদের উদ্দেশ্যে মোদী বলেন, এখানে আসা সমস্ত অনুগামীরা এমন এক উপায়ে যারা মিনি ইন্ডিয়া-নিউ ইন্ডিয়া যান। ভারত আসলে কী, আপনার মাধ্যমে আমাদের দেশ এবং গোটা বিশ্ব বোঝে। প্রধানমন্ত্রী বলেন, এনসিসি এবং এনএসএসের মাধ্যমে শৃঙ্খলা ও সেবার একটি সমৃদ্ধ ঐতিহ্য যখন রাজপথে দেখা যায়, তখন দেশের কোটি কোটি যুবক উদ্বুদ্ধ ও উতাহিত হয়। তিনি আরও বলেন, যখন আমরা এক ভারত সম্পর্কে কথা বলি, তখন ভারতকে আসলে কী, তাও আমাদের মনে রাখতে হবে। তিনি বলেন, রাজপথে আপনাদের কুচকাওয়াজের সঙ্গে পুরো বিশ্বও ভারতের এই শক্তি দেখে। ভারতের শক্তি প্রসারেও এর প্রভাব রয়েছে এবং ভারতের পর্যটনকেও বাড়িয়ে তোলে। প্রধানমন্ত্রী এই কুচকাওয়াজে অংশ নেওয়া এই শিক্ষার্থীদের যতটা সম্ভব জাতির প্রতি তাদের কর্তব্য নিয়ে আলোচনা করেন। কেবল আলোচনা নয়, উদাহরণস্বরূপ নিজেই একটি উদাহরণ স্থাপন করেন। প্রসঙ্গত, এই পুরস্কারের বিজয়ীরা জম্মু ও কাশ্মীর, অরুণাচলপ্রদেশ, মণিপুর সহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে এসেছে। তারা সংস্কৃতি, আবিষ্কার, সমাজসেবা, খেলা, সাহসিকতার মতো বিষয়ে দক্ষতা দেখিয়ে এই পুরস্কার জিতেছে।




শুক্রবার জিইএম সমবাদের অনুষ্ঠান মঞ্চে উপ মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা সহ অন্যানরা। ছবি- নিজস্ব।

# আমেরিকা বিরোধী বিক্ষোভে উত্তাল বাগদাদ

বাগদাদ, ২৪ জানুয়ারি (হি.স.) : আমেরিকা বিরোধী বিক্ষোভে উত্তাল ইরাকের রাজধানী বাগদাদ উ শুক্রবার দুপুরের আগে থেকেই বিভিন্ন প্রান্ত থেকে মানুষ বাগদাদের এই কর্মসূচিতে যোগ দিচ্ছেন উ যা ইতিমধ্যেই জনসমুদ্রে পরিণত হয়েছে উ

ইরাকের প্রভাবশালী শিয়া নেতা মুক্তাদা আস-সাদরের ডাকা 'মিলিয়ন-ম্যান মার্চ'-এ যোগ দিতে শুক্রবার দুপুরের আগে থেকেই বিভিন্ন প্রান্ত থেকে মানুষ বাগদাদের এই কর্মসূচিতে যোগ দিচ্ছেন উ রাজধানীর বাইরের বিভিন্ন প্রদেশ থেকেও এই কর্মসূচিতে যোগ দিতে থাকেন শিয়া, সুন্নি, কুর্দি ও আরব- নির্বিশেষে সব গোত্র-সম্প্রদায়ের ইরাকিরা। যা ইতিমধ্যেই জনসমুদ্রে পরিণত হয়েছে উ ওই বিক্ষোভ থেকে শ্লোগান ওঠছে-আমেরিকা নিপাত যাক, ইসরায়েল নিপাত যাক, ইরাক থেকে বের হওয়া আমেরিকান সেনারা'। এসব শ্লোগানে যেন কাঁপাতে থাকে বাগদাদের রাজপথকে। গত ৩ জানুয়ারি যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী বাগদাদে ইরানের বিপ্লবী গার্ডের কুদস ফোর্সের কমান্ডার জেনারেল কাসেম সোলেইমানি নিহত হন উ পরে পেন্টাগন নিশ্চিত করেছে যে তাকে "মার্কিন প্রেসিডেন্টের নির্দেশ অনুযায়ী হত্যা করা হয়েছে"। এরপর থেকেই আমেরিকার বিরুদ্ধে ফুঁসে সেদেশের জনগন উ মুক্তাদা আস-সাদর এই বিক্ষোভ ডেকেছেন উ

এই শান্তিপূর্ণ এই মহাবিক্ষোভকে ১৯২০ সালে অনুষ্ঠিত ইরাকের ইসলামী বিপ্লব বা গণ-অভ্যুত্থানের সঙ্গে তুলনা করছে মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যমগুলি। কয়েক দশকের মধ্যে যুক্তরাষ্ট্রবিরোধী এত বড় বিক্ষোভ আর দেখা যায়নি।

# প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে শুক্রবার মধ্যরাত থেকে ২৪ ঘণ্টার ডিমা হাসাও ও কারবি আংলং জেলা বনধ-এর ডাক জঙ্গি সংগঠনের

হাফলং (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে এবার ডিমাসা ন্যাশনাল লিবারেশন আর্মি (ডিএনএলএ) নামের জঙ্গি সংগঠন শুক্রবার রাত ১২টা থেকে শনিবার রাত ১২টা পর্যন্ত ২৪ ঘণ্টার ডিমা হাসাও এবং কারবি আংলং জেলা বনধ-এর ডাক দিয়েছে। এছাড়া আগামীকাল ২৫ জানুয়ারির দিনকে ডিমাসা শহিদ দিবস পালন করার আহ্বান জানিয়েছে জঙ্গি সংগঠনটি।

জঙ্গি সংগঠন ডিমাসা ন্যাশনাল লিবারেশন আর্মির প্রচারসচিব রিংসমাই ডিমাসা এক প্রেস বিবৃতি জারি করে বলেছেন, ২০১৮ সালের ২৫ জানুয়ারি মাইবাং রেলওয়ে স্টেশনে পুলিশের গুলিতে নিহত হয়েছিলেন আন্দোলনকারী প্রবান্ত হাকমকসা ও মিঠুন ডিব্রাগেডে নামের দুই যুবক। নাগা শান্তি চুক্তিতে ডিমা হাসাও জেলার ভূমি বৃহত্তর নাগালিমে অন্তর্ভুক্ত হচ্ছে বলে প্রকাশিত এক খবরে ২০১৮ সালের ২৫ জানুয়ারির দিনটি অভিশপ্ত হয়ে উঠেছিল। তাই ২৫ জানুয়ারি শনিবার ২৪ ঘণ্টার বনধ-এর ডাক দিয়েছে জঙ্গি সংগঠন ডিমাসা ন্যাশনাল আর্মি।

সংগঠনটির প্রচার সচিব রিংসমাই তার প্রেস বিবৃতিতে আগামী ২৫ জানুয়ারির দিনটি শহিদ দিবস হিসেবে পালন করার আহ্বান জানিয়ে এদিন ২৪ ঘণ্টার ডিমা হাসাও এবং কারবি আংলং জেলা বনধ পালন করার ডাক দিয়েছেন। পাশাপাশি জঙ্গি সংগঠনটির প্রচার সচিব বিবৃতিতে উল্লেখ করেন, ডিমা হাসাও জেলা কোনও ডাম্পিং গ্রাউন্ড নয়। এই অবস্থায় ডিমা হাসাও জেলায় ডিটেনশন সেন্টার তৈরি করার যে সিদ্ধান্ত সরকার নিয়েছে এর তীব্র বিরোধিতা করছে জঙ্গি সংগঠনটি। রিংসমাই ডিমাসার মতে, ডিটেনশন সেন্টারের বদলে ডিমা হাসাও জেলায় আরও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা জরুরি।

তাছাড়া নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)-এর তীব্র বিরোধিতা করে জঙ্গি সংগঠনটির পক্ষ থেকে প্রেস বিবৃতিতে রিংসমাই ডিমাসা উল্লেখ করেন, ডিমা হাসাও জেলায় পঞ্চায়েতরাজ প্রবর্তনেরও তীব্র বিরোধিতা করেন তারা। পঞ্চায়েতরাজ পাহাড়ি জেলায় প্রবর্তন হলে উপজাতি জনগোষ্ঠীর মানুষের অস্তিত্ব সংকটে পড়বে বলে উল্লেখ করেন ডিমাসা ন্যাশনাল লিবারেশন আর্মির প্রচার সচিব রিংসমাই ডিমাসা।

তবে ২৫ জানুয়ারি জঙ্গি সংগঠনটির ডাকা ২৪ ঘণ্টার বনধ-এর আওতার বাইরে রাখা হয়েছে বিদ্যুৎ পরিষেবা, স্বাস্থ্য, পানীয় জল ও দুধ পরিষেবা।

# সুষ্ঠুভাবে ভোট হলে মালদার দুই পৌরসভার প্রতিটি ওয়ার্ডেই বিজেপি জিতবে : দেবশ্রী চৌধুরি

মালদা, ২৪ জানুয়ারি (হি.স.) : সুষ্ঠুভাবে ভোট হলে মালদার দুই পৌরসভার প্রতিটি ওয়ার্ডেই বিজেপি জিতবে উ এমনটাই দাবি করলেন কেন্দ্রীয় মন্ত্রী দেবশ্রী চৌধুরি । বৃহস্পতিবার পৌরসভা ভোটের আগে রাজ্যে বিজেপির অবস্থান প্রসঙ্গে মন্ত্রী দেবশ্রী বলেন, """নির্বাচন সুষ্ঠুভাবে হলে মালদার দুই পৌরসভার প্রতিটি ওয়ার্ডেই বিজেপি জিতবে ।শাসকদল আমাদের সবক্ষেত্রে বাধা দিচ্ছে । কিন্তু আমরা মানুষের উপর ভরসা রাখছি ।

কলকাতায় জরুরি দলীয় বৈঠক সেরে বৃহস্পতিবার নিজের কেন্দ্রে যাওয়ার পথে মালদা জেলা কর্মকর্তাদের সঙ্গে দেখা করেন কেন্দ্রীয় মন্ত্রী দেবশ্রী চৌধুরি । সেখানেই চায়ে চুমুক দিতে দিতেই প্রয়োজনীয় আলোচনা সেরে নেন । এরপরই রাজ্যে দলীয় ভাঙন প্রসঙ্গে বিজেপির কেন্দ্রীয় মন্ত্রী বলেন, 'আমাদের মধ্যে মতবিরোধ থাকতে পারে। কিন্তু তার প্রভাব দলের উপর পড়ে না। তিনি বলেন, """নির্বাচন সুষ্ঠুভাবে হলে মালদার দুই পৌরসভার প্রতিটি ওয়ার্ডেই বিজেপি জিতবে ।শাসকদল আমাদের সবক্ষেত্রে বাধা দিচ্ছে । কিন্তু আমরা মানুষের উপর ভরসা রাখছি । মধ্যপ্রদেশ, রাজস্থান ও ছত্তিশগড়ে আমরা আগে থেকেই জানতে পেরেছিলাম যে, ফলাফল আমাদের বিপক্ষে যাচ্ছে । কিন্তু তা সত্ত্বেও আমরা রিগিং, এভিএম ভাঙা, ব্যালট পেপার লুট, ভোটারদের বাড়ি থেকে বের হতে না দেওয়া- কোনও কিছুই আমরা করিনি । আমরা মানুষের রায় মাথা পেতে নিয়েছিলাম ।"""

তাঁর আরও দাবি, পশ্চিমবঙ্গে মানুষকে ভয় দেখিয়ে ভোট করানো হয় বলে অভিযোগ করেন কেন্দ্রীয় মন্ত্রী । তাঁর মতে, """ভয় না দেখিয়ে সুষ্ঠুভাবে ভোট করালে বিজেপির র জেতার সম্ভাবনা ১০০ শতাংশ রয়েছে।

# কালিম্পঙে নিয়ন্ত্রণ হারিয়ে তিস্তায় পড়ল গাড়ি, মৃত ১, নিখোঁজ আরও ৪ জন

কালিম্পং, ২৪ জানুয়ারি (হি.স.) : কালিম্পঙে মর্মান্তিক দুঘটনা উ নিয়ন্ত্রণ হারিয়ে তিস্তায় পড়ল গাড়ি উ শুক্রবারের এই ঘটনায় উদ্ধার এক কিশোরীর দেহউ এখনও নিখোঁজ চারজন উ

জানা গেছে শুক্রবার শুক্রবার সকালে কালিম্পঙের জাতীয় সড়ক থেকে নিয়ন্ত্রণ হারিয়ে তিস্তায় পড়ল গাড়ি। নাগাদ সিকিম নম্বরের একটি অলটো-গাড়ি ১০ নম্বর জাতীয় সড়ক থেকে ডুয়ার্সের বীরপাড়ার দিকে যাচ্ছিল। এদিন সকাল ১১তা নাগাদ কালিম্পঙের তিস্তাবাজারের কাছে লিকুভিড়ে ঘটে দুর্ঘটনা। নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারের রেলিং ভেঙে তিস্তা নদীতে পড়ে যায় উ ওই ঘটনায় গাড়িতে এক পরিবার ও চালক-সহ মোট পাঁচজন ছিলেন। খবর পেয়ে ঘটনাস্থানে যায় পুলিশ। নদীতে নামানো হয় ব্যাফিং টিম। ইতিমধ্যেই এক কিশোরীর দেহ উদ্ধার করেছে পুলিশ। বাকিদের খোঁজে চলছে তল্লাশি। তবে বাকিদের মৃত্যুর আশঙ্কা করছে পুলিশ। দুর্ঘটনার পর থেকে জেলা পুলিশ ও প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে।


ছয়ের পাতায়





শুক্রবার সারা ভারত কৃষক সভার আয়োজিত অনুষ্ঠানে উদ্যোক্তারা। ছবি- নিজস্ব।

# হরেকরকম ○ হরেকরকম ○ হরেকরকম

## নেশার ঘোরে আমাকে ক্লাউন বলেছেন নাসিরুদ্দিন, পাল্টা জবাব অনুপম খেরের





এনআরসি ইস্যুতে সরকারের পক্ষ নেওয়ার জন্য অনুপম খেরকে বর্ষীয়ান অভিনেতা নাসিরুদ্দিন শাহ তীব্র সমালোচনা করেছিলেন গতকাল। তিনি বলেছিলেন অনুপম খের একটা চামচা। তাঁর রক্তেই আছে চামচাগিরি। তিনি একটা ক্লাউন। এই মন্তব্যকে কার্যত উড়িয়ে দিয়ে অনুপম খের এদিন বলেন, নাসিরুদ্দিন নেশার ঘোরে এই সমস্ত কথা বলেছেন। দীর্ঘ দিন ধরে নেশা করে করে তাঁর মাথাটা গিয়েছে।অনুপমের বক্তব্য ৬৯ বছরের অভিনেতা নাসিরুদ্দিন এর আগেও বলিউডের আরও অনেক সেলিব্রিটির সমালোচনা করেছেন। তাদের মধ্যে আছেন দিলীপ কুমার, অমিতাভ বচ্চন, রাজেশ খান্না ও শাহরুখ খান। এমনকী বিরাট কোহলিরও সমালোচনা করেছিলেন নাসিরউদ্দিন। এবার নাসিরুদ্দিন সমালোচনা করলেন অনুপমেরও।তিনি বলেন, এ জন্য তিনি আসলে গর্ব অনুভব করছেন। নাসিরুদ্দিন এ যাবত যাঁদেরই সমালোচনা করেছেন, কেউ তাঁর কথা সিরিয়াসলি নেননি। কারণ সকলেই জানেন, নাসিরুদ্দিন সুস্থ মস্তিষ্কে একথা বলছেন না। বছরের পর বছর তিনি নেশা করেছেন। নেশার দ্রব্যগুলি তাঁর ভালমন্দ বোধকে গুলিয়ে দিয়েছে। গতকাল বিকেলেই টুইটারে একটি ভিডিও আপলোড করে এই কথা বলেছেন অনুপম খের।নাসিরুদ্দিন বলেছিলেন, অনুপম খেরের মতো কেউ কেউ খুব গলা ফাটাচ্ছেন। আমি মনে করি, ওর কথা সিরিয়াসলি নেয়ার কিছু নেই। তিনি একজন ক্লাউন। এনএফডি এবং এফটিআইআই-তে যাঁরা তাঁর সহকর্মী ছিলেন, সকলেই এ কথা বলবেন। তাঁর স্বভাবই হল ক্ষমতাবানদের চামচাগিরি করা। এই ব্যাপারটা তাঁর রক্তের মধ্যে আছে। তিনি চেষ্টা করেও এই স্বভাব বদলাতে পারবেন না।কিছুদিন আগে জেএনইউ-তে আক্রান্ত ছাত্রছাত্রীদের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন দীপিকা পাড়ুকোন। তা নিয়ে বলিউডে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। নাসিরুদ্দিন জোর গলায় দীপিকাকে সমর্থন করেছিলেন। এক সাক্ষাকারে তিনি বলেছিলেন, দীপিকা যা করেছে, তাতে তাঁর সাহসের পরিচয় পাওয়া যায়। ''আ ওয়েডনেজডে'' ছবির দুই দুর্দান্ত অভিনেতার প্রকাশ্য সংঘাত। নেটিজেনরা বসে আছেন পপকর্ন হাতে। এরপর কে কী জবাব দেবেন সেটাই দেখতে চাইছেন তাঁরা!সংঘাতের বিষয়টা তো বোঝাই যাচ্ছে। অভিনেতা অনুপম খের এখন অভিনয়ের চাইতে রাজনৈতিক কারণেই বেশি পরিচিত। বিজেপি সমর্থক এই অভিনেতার সম্পর্কে ৬৯ বছর বয়সী কিংবদন্তী অভিনেতা নাসিরুদ্দিন শাহের মন্তব্যের পর শুরু হল এই সংঘাত। সম্প্রতি একটি সাক্ষাতকারে সংশোধিত নাগরিক আইন নিয়ে কথা বলছিলেন শাহ। এই আইনের ক্ষতিকর প্রভাবের কথা তুলতে কথায় কথায় অনুপম খেরের কথা উঠেছিল। তাঁর প্রসঙ্গে নাসিরুদ্দিন শাহ বলছিলেন, ''ওনার কথা ছেড়ে দিন। উনি একজন জোকার। এফটিআইআই বা এনএসডির সহপাঠীদের জিজ্ঞেস করলে জানা যাবে মানসিক সমস্যার কথা। কিছু করার নেই, এটা ওনার রক্তে আছে।'' এটা শোনর পরেই টুইটার নেমে সেচেন অনুপম খের। লিখেছেন, ''জনাব নাসিরুদ্দিন, আমি আপনাকে কখনও সিরিয়াসলি নিই নি। আপনার সমপর্কে খারাপ কথাও বলিনি।তবে এখন বলব, আপনি অগুন্তি সাফল্য পেয়েও সারা জীবন হতাশায় ভুগেছেন। যদি আপনি দিলীপকুমার, অমিতাভ বচ্চন, রাজেশ খান্না, শাহরুখ খান, বিরাট কোহালির মতো মানুষদের সমালোচনা করতে পারেন, তাহলে বলব আমি ভাল দলেই পড়লাম। তাঁরাও কেউ আপনার কথা সিরিয়াসলি নেননি। আসলে এত বছর আপনি যে নেশা করে চলেছেন, তার প্রভাবে ঠিক-ভুল বোঝার ক্ষমতা না থাকারই কথা।আমাকে নিয়ে কথা বলে যদি আপনি দু''তিন দিন একটু প্রচার পান তাহলে তো ভালই।আর আমার রক্তে কী আছে বলুন তো? হিন্দুস্তান।এটা বোঝার চেষ্টা করুন।''

## পরিবার আমার কাজের প্রশংসা করে না, বলছেন সিদ্ধার্থ মলহোত্র

প্র: ''মরজাওয়াঁ''তে আপনি অ্যাংরি ইয়ং ম্যানের ভূমিকায়। অমিতাভ বচ্চনের সেই ঘরানার ছবিগুলো দেখেছেন?উ: বাড়িতে তখন ভিডিয়ো ক্যাসেট আসত আর বেশির ভাগ সময়ে অমিতাভ বচ্চনের ছবির ক্যাসেট ভাড়া করা হত। মনে আছে, আমি একবার ''হম'' দেখছিলাম। সেখানে বচ্চন স্যর যখন ''বখতাওয়ার'' বলে চিতকার করছিলেন, অনেক দিন পর্যন্ত আমার মনে হত ওটা একটা গালি। ওটা যে কারও নাম ছিল, সেটা বুঝতে আমার অনেক সময় লেগেছিল। এর জন্য অনেক দিন পর্যন্ত আমাকে নিয়ে ঠাট্টা করা হত।প্র: আপনার কেরিয়ারের সিদ্ধান্ত নিয়ে পরিবারের বাকিদের কী প্রতিক্রিয়া?উ: যখন ২১ বছর বয়স, তখন আমি ফিল্মে আসার সিদ্ধান্ত নিই। প্রথমে পরিবারের সায় ছিল না। মানিয়ে নিতে সময় লেগেছে। এত বছর বাদে অবশ্য এটা মেনে নিয়েছে যে, আমি কিছু একটা করতে পেরেছি। তবে পরিবার কখনও আমার প্রশংসা করে না। মা বন্ধুদের সঙ্গে আমার ছবি দেখতে যান।

আর আমার কাজ নিয়ে কিছু বলার থাকলে, সেটা আমাকে বলেও দেন। এখন আমার কোনও টেনশন নেই। মুম্বইয়ে নিজের চেষ্টায় বাড়ি বানিয়েছি। সময় বুঝে বিয়েও করব।প্র: লাভ ম্যারেজ?উ: অবশ্যই। চোখের সামনে আমার মা-বাবাকে দেখেছি। এত দিন ধরে সম্পর্ক বজায় রেখেছেন তাঁরা। বিয়ে প্রতিষ্ঠানটার কাছে এর চেয়ে বেশি কিছু চাওয়ার নেই আমার।প্র: কী রকম মেয়ে পছন্দ আপনার?উ: তার সঙ্গে আমার যেন একটা বন্ডিং তৈরি হয়। সে যে কোনও ব্যাকগ্রাউন্ড থেকেই হতে পারে। আমি যখন কোনও মেয়ের সঙ্গে কথা বলি, সবচেয়ে আগে তার চোখের সঙ্গে একটা সম্পর্ক তৈরি হয়। সেটাই তার সম্পর্কে আরও জানার উতসাহ তৈরি করে।

দু''জনের সম্পর্কের মধ্যে সততা থাকা জরুরি। অনেক সময়ে চেহারা সুন্দর হলেও যদি অকারণে মিথ্যা বলে বা আমাকে ইমপ্রেস করার জন্য কিছু বানিয়ে বলে, সেটা আমাকে খুব হতাশ করে।প্র: স্টারডম আপনাকে কতটা বদলেছে?উ: আমি জানি না, একজন স্টারকে কেমন আচরণ করতে হয়। মনে হয় না, কাজ আমাকে বদলাতে পারে। আমি মধ্যবিত্ত পরিবারে বড় হয়েছি। সাত-আট বছর হয়েছে মাত্র জনপ্রিয়তা পেয়েছি।

অনুরাগীরা সেলফি তুলতে আসেন। আমার স্কুলের কিছু বন্ধু এবং আমার পরিবার আমাকে মাটির কাছাকাছি থাকতে সাহায্য করেছে।প্র: ব্যর্থতা কী ভাবে সামলান?উ: শূন্য থেকে শুরু করেছিলাম। এখন যেখানে পৌঁছেছি, সেটা অনেক বড় পাওনা। ব্যর্থ হলেও শিখতে চাই। ভবিষ্যতে যখন ছবি বানাব, এই ধাক্কা খাওয়ার অভিজ্ঞতাগুলো কাজে আসবে।

## ভারতে দূষণ রোধে পাশে দাঁড়ালেন টাইটানিক-এর তারকা লিওনার্দো

ভারত তথা রাজধানী দিল্লির বায়ু দূষণ রোধে এবার সাহায্যের হাত বাড়িয়ে দিলেন হলিউড অভিনেতা লিওনার্দো ডি ক্যাপ্রিও। অস্কার বিজেতা ওই তারকা ইনস্টাগ্রামে পোস্ট করেছেন, ''কিছুদিন আগে দেড় হাজারের বেশি মানুষ দিল্লির ইন্ডিয়া গেটে জড়ো হয়েছিলেন। তাঁদের দাবি, রাজধানীর বায়ুদূষণ রোধে অবিলম্বে ব্যবস্থা নিতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী বায়ু দূষণের ফলে ভারতে প্রতি বছর ১৫ লক্ষ মানুষের মৃত্যু হয়।'' প্রসঙ্গত, পরিবেশ দূষণ রোধ করার জন্য ''৯৮ সালে একটি সংগঠন গড়েছিলেন হলিউডের তারকা। ভারতে বায়ুদূষণ দূর করার জন্য চার দফা কর্মসূচির কথাও বলেছেন ডিক্যাপ্রিও। যে সংগঠনগুলি দূষণ রোধে কাজ করছে, তিনি তাদের সাহায্য করবেন বলে জানিয়েছেন।

## এমন একটি রোগ, যা কেড়ে নেয় আপনার বাবা হওয়ার ক্ষমতা

পুরুষের যখন বীর্যপাত ঘটে তখন স্বাভাবিকভাবে সেটা মূত্রনালি দিয়ে বাইরে বেরিয়ে আসে, কিন্তু সেটা না হয়ে বীর্য যদি পেছনের দিকে গিয়ে মূলথলিতে চলে যায় তাহলে তাকে রেট্রোগ্রেড ইজাকুলেশন বলে। এই রোগে পুরুষেরা বন্ধ্যা হতে পারে।যেভাবে ঘটেমূত্রথলির স্ফিংটার সংকুচিত হয় এবং শুক্রাণু মূত্রনালিতে ধাবিত হয়। রেট্রোগ্রেড ইজাকুলেশনের ক্ষেত্রে এই স্ফিংটার ঠিকমতো কাজ করে না।কারণঅটোনমিক স্নায়ুতন্ত্র বা প্রোস্টেট অপারেশনের জন্য হতে পারে। প্রোস্টেট অপারেশনের সাধারণ জটিলতা হচ্ছে রেট্রোগ্রেড ইজাকুলেশন। কিছু ওষুধের পার্শপ্রতিক্রিয়ায়ও হতে পারে। সবচেয়ে সাধারণ ওষুধটি হচ্ছে ট্যাম্পুলোসিন। এই ওষুধটি মূত্রপথের মাংসপেশিকে শিথিল করতে ব্যবহার করা হতো। এর ফলে মূত্রথলির স্ফিংটার শিথিল হয়ে সংকুচিত হতে ব্যর্থ হয়। অ্যান্টি ডিপ্রেস্যান্ট ও অ্যান্টি সাইকোটিক ওষুধগুলোও এ ধরনের সমস্যা তৈরি করে। ডায়াবেটিক রোগীদেরও মূত্রথলির স্ফিংটারের স্নায়ু সমস্যার কারণে এটি হয়।রোগ নির্ণয়সাধারণত বীর্যস্থলনের পর পরই প্রস্রাব পরীক্ষা করে রোগ নির্ণয় করা যায়। এ ক্ষেত্রে প্রস্রাবে বীর্য পাওয়া যাবে।চিকিতসাএতে পুরুষরা বন্ধ্যা হতে পারে। সিউডোইফি ব্যবহারে গুণগত উন্নতি হয়। অনেক ক্ষেত্রে সিলডানাফিল ব্যবহার করা হয়।

## ৫ বার বিয়ে করেছিলেন এই সুপারহিট নায়িকা! সমাধিস্থ করা হয় দানের টাকায়





এএনএম নিউজ ডেস্ক : বলিউড বক্স অফিসে ঝড় তোলা সিনেমা ''এক থি লড়কি'' মুক্তি পেয়েছিল ১৯৪৯ সালে। এই ছবির নায়িকা ছিলেন মীনা শোরে। তার লিপেই বিখ্যাত হয়েছিল লতা মঙ্গেশকরের কণ্ঠে ''লারা লাপ্পা, লারা লাপ্পা'' গান। মীনাও অবশ্য নায়িকার প্রকৃত নাম নয়। জন্মগত নাম ছিল খুরশিদ জাহান। খুরশিদের জন্ম ১৯২১ সালের ১৭ নভেম্বর। অবিভক্ত ভারতের পঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডিতে। চার ভাইবোনের মধ্যে তিনি ছিলেন দ্বিতীয়।চরম অনটনের সংসারে নুন আনতে পান্তা ফুরিয়ে যেত। শেষে তিন সন্তানের হাত ধরে খুরশিদের মা চলে আসেন ততকালীন বম্বে শহরে। বিয়ের পরে সেখানেই থাকতেন খুরশিদের বড় দিদি ওয়াজির বেগম। তার কাছেই থাকতে এলেন খুরশিদরা তিন ভাইবোন এবং তাদের মা।ম্বে শহরে একদিন জামাইবাবুর সঙ্গে ছবির মহরত দেখতে গেলেন খুরশিদ। ছবির নাম ছিল ''সিকন্দর''। সুন্দরী খুরশিদকে পছন্দ হয় পরিচালক সোহরাব মোদীর। তিনি তাকে ওই ছবিতেই অভিনয়ের সুযোগ দেন। ছবিতে তক্ষশীলার রাজার বোনের ছোট ভূমিকায় অভিনয় করেছিলেন খুরশিদ ওরফে মীনা। তার নতুন নামকরণ করেছিলেন পরিচালক মোদী। সেই নামই রয়ে যায় তার পরিচয় হিসেবে।১৯৪১ সালে মু পায় ''সিকন্দর''। নায়কের ভূমিকায় ছিলেন পৃথ্বীরাজ কপূর। দেশ জুড়ে এই ছবি সফল হয়। প্রশংসিত হয় মীনার অভিনয়ও। এরপর তিনি পরিচালক মোদীর সঙ্গে পরপর বেশ কিছু ছবিতে কাজ করেন। সেগুলি হল ''ফির মিলেঙ্গে'', ''পৃথ্বী বল্লভ'' এবং ''পাত্থরোঁ কা সওদাগর''।জীবনের একটা অংশ মীনা কাটিয়েছিলেন পাকিস্তানে। মীনার বিয়ে কবে হয়েছিল, তা নিয়ে দ্বিমত আছে।মীনার দীর্ঘতম দাম্পত্য ছিল তার তৃতীয় বিয়েতে। দীর্ঘ পরিচয়ের পরে তিনি রূপ শোরেকে গ্রহণ করেছিলেন স্বামী হিসেবে। প্রায় আট বছর স্থায়ী হয়েছিল তাদের সংসার। তবে কাজের জন্য পাকিস্তানে যাওয়ার পরে ভেঙে যায় তাদের দাম্পত্য। মীনা ওখানেই থেকে যান। রূপ ফিরে আসেন ভারতে।পাকিস্তানের আমন্ত্রণে রূপ-মীনা গিয়েছিলেন সেখানে। তাদের অভিনীত ছবি ''মিস ১৯৬৫'' মুক্তি পেয়েছিল পাকিস্তানে। যদিও ছবিটি যথেষ্ট বিতর্কিত। অভিযোগ, এই ছবিটির বিষয় গুরু দত্তের ''মিস্টার অ্যান্ড মিসেস ৫৫'' থেকে চুরি করা।অভিযোগ ও বিতর্ককে দূরে সরিয়ে পাকিস্তানেও প্রথম দিকে সফল জীবন কাটাতে সক্ষম হয়েছিলেন মীনা। তিনি ছিলেন প্রথম পাকিস্তানি অভিনেত্রী, যিনি ''লাক্স'' সাবানের মডেল হয়েছিলেন। তাকে বলা হত পাকিস্তানের ''লাক্স লেডি''। পাকিস্তানেও মু পেয়েছিল মীনার বেশ কিছু ছবি। সেগুলির মধ্যে উল্লেখযোগ্য ''সরফরোশ'', ''মিস ৫৬'', ''বড়া আদমি'', ''আখরি নিশান'', ''গুলশন''-এর মতো ছবি।পাকিস্তানে আরও দু''বার বিয়ে করেছিলেন মীনা। প্রথমে রাজা মীর, তারপরে বিয়ে করেছিলেন পাকিস্তানি সহঅভিনেতা আসাদ বোখারিকে। কিন্তু নিজের ''শোরে'' পদবী আর পরিবর্তন করেননি। তার রঙিন জীবনের শেষটা ছিল মর্মান্তিক। সাতের দশকে তার দিন কাটতে শুরু করে চরম অর্থকষ্টে। তার থেকে আর বেরিয়ে আসতে পারেননি তিনি।দারিদ্রের মধ্যেই শেষ হয় একসময়ের গ্ল্যামারাস নায়িকা মীনার নশ্বর জীবন। ১৯৮৯ সালের ৩ সেপ্টেম্বর। দান করা অর্থ জোগাড় করেই সমাধিস্থ করা হয়েছিল ''লারা লাপ্পা গার্ল''কে।

## মিথ্যে বললেই ধরে ফেলবে মোবাইল

আছি এক জায়গায় কিন্তু বলছি অন্য জায়গায় কথা। মোবাইলে এমন মিথ্যা বলার দিন এবার শেষ হচ্ছে। নিজের সম্পর্কে ভুল তথ্য দিয়ে অন্যকে হয়রানি বা অলস বসে থেকে অন্যের কাছে ব্যস্ত মানুষেণ ভান ধরে আর পার পাওয়া যাবে না।

বিজ্ঞানীরা এমন এক স্মার্টফোন আবিষ্কার করেছেন যেটাতে চ্যাট বা কথা বলার সময় এসব সস্তা ছলচাতুরি আর চলবে না। ফোনের অন্যদিকে যিনি আছেন, তাকে কোনোরকম মিথ্যে কথা বললে সঙ্গে সঙ্গেই তা ধরে ফেলবে সেই স্মার্টফোন। বিশেষ প্রযুক্তিসমৃদ্ধ ওই স্মার্টফোনের সাহায্যেই কে সত্যি বলছে, কে মিথ্যে বলছে তা ধরে ফেলা যাবে। শুক্রবার যুক্তরাষ্ট্রের এক গবেষণা ম্যাগাজিনের প্রতিবেদনে বলা হয়েছে, বিষয়টি এখনও গবেষণার স্তরে থাকলেও অদূর ভবিষ্যতে তা কার্যকরী হবে বলে আশা করছেন বিজ্ঞানীরা।

কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের এক গবেষক দল এ গবেষণা চালাচ্ছে। তারা একটি অ্যাপ নিয়ে পরীক্ষা নিরীক্ষা করছেন। এই অ্যাপটি স্মার্টফোনে ডাউনলোড করে নিলেই ফোনটি স্বয়ংক্রিয়ভাবে লাই ডিটেক্টর হিসেবে কাজ করবে।

বিজ্ঞানীরা জানাচ্ছেন যে, কোনো ব্যক্তি মিথ্যে বলছেন কিনা, তা মোবাইলে কী ভাবে সোয়াইপ করছেনপ বা ট্যাপ করছেন, তার থেকেই বোঝা যাবে। টাইপ করার সময় কেউ মিথ্যে বললেও টাইপিং এ বেশি সময় লাগে বলে সমীক্ষা চালিয়ে দেখছেন বিজ্ঞানীরা।

## বিজ্ঞানের ভাষায় অটোনোমিক নার্ভাস সিস্টেম

আপনার সমস্যাটা বড় কোনো সমস্যা নয়। তবে অবশ্যই বিব্রতকর ও অস্বস্তিকর। আরো কিছু তথ্য জানার ছিলো। যেমন কতোদিন যাবৎ সমস্যা, সমস্যা শুরু হওয়ার আগে পরে অন্য কোনো ঘটনা বা অসুখ হয়েছিলো কিনা? কখনো খিঁচুনি হয়েছে কিনা? অন্য কোনো ওষুধ খেতে হয় কিনা? আপনার সমস্যাটা বড় কোনো সমস্যা নয়। তবে অবশ্যই বিব্রতকর ও অস্বস্তিকর। অরো কিছু তথ্য জানার ছিলো। যেমন কতোদিন যাবৎ সমস্যা, সমস্যা শুরু হওয়ার আগে পরে অন্য কোনো ঘটনা বা অসুখ হয়েছিলো কিনা? কখনো খিঁচুনি হয়েছে কিনা? অন্য কোনো ওষুধ খেতে হয় কিনা? বাড়ির বাইরে বের হওয়া এবং গাড়িতে ওঠা ছাড়া অন্য সময়গুলো কেমন থাকে। তখন কোনো সমস্যা হয় কিনা? যেকোনো চাপ সামলানোর ক্ষমতা কতটুকু? মানসিক চাপের সাথে নিজেকে খাপ খাইয়ে নেওয়ার পদ্ধতিগুলো কেমন এব কতটুকু কার্যকর? যা হোক, প্রতিটি মানুষের একটা সাধারণ প্রতিক্রিয়া হলো, যখন মানুষ চাপে পড়ে তখন মনের অজান্তে কিছু বিষয় কাজ করতে থাকে। বিজ্ঞানের ভাষায় যাকে বলে অটোনমিক নার্ভাস সিস্টেম। অটোনমিক নার্ভাস সিস্টেম হলো, এমন একটি পদ্ধতি যেটি অটো অটো অর্থাৎ নিজে থেকেই কাজ করতে থাকে। যার কাজের মধ্যে হচ্ছে শ্বাসপ্রশ্বাস মেইনটেইন করা, পায়খানা প্রশ্রাব কন্ট্রোল করা, গরম ঠান্ডার অনুভবগুলোকে বোঝা, ভয় রাগ দুঃখ সহ আবেগগুলোকে নিয়ন্ত্রণ করা।হঠাৎ কোনো ভয় বা ভয়ের কারণে এই অটোনোমিক নার্ভাস সিস্টেমের একটি অংশ দ্রুতই একটিভ হয়ে যায় বা প্রভাব বিস্তার করে। তখন মানুষের এমন সমস্যা হতে পারে। এটি কোনো কোনো মানসিক রোগের কারণেও হতে পারে। একবার দুবার হওয়াটা অস্বাভাবিক নয়, কিন্তু আপনি যেভাবে লিখেছেন তাতে মনে হচ্ছে আপনার ক্ষেত্রে বারবারই হচ্ছে এবং এসমস্যাটি আপনাকে খুবই ভোগাচ্ছে। যদি আপনার অন্য কোনো শারীরিক সমস্যা না থাকে এবং উপরে উল্লেখিত বিষয়গুলো সম্পর্কে আপনার খুব কিছু বলার না থাকে তবে, আপাতত আপনি সকালে টেবল্যাট নেক্সিটাল ৫ মিগ্রা নাস্তার পর খেতে পারেন। আপনার সমস্যা কমবে। হাপানী বা ডায়াবেটিস না থাকলে সাথে ট্যাবলেট ইনডেভার ১০ মিগ্রা, সকালে ও রাতে একটা করে খেতে পারেন। বিশেষমুহূর্তে নিজের আবেগ বা আবেগ জনিত সমস্যাগুলো কমানোর জন্য আরো অনেক কার্যকর পদ্ধতি রয়েছে। যেহেতু আপনি চট্টগ্রামে থাকেন, সেহেতু চেষ্টা করবেন সরাসরি সেখানে কারো সঙ্গে দেখা করে উপযোগ্য কোনো সাইকোথেরাপি বা রিলাক্সেশন পদ্ধতি শিখে নেওয়ার। সব সময় মনে রাখবেন সরাসরি ডাক্তরের সাথে কথা বলে চিকিৎসা নেওয়াই ভালো। কারণ অন্যকোনো সমস্যা, প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে নেওয়া যায়।

## জিমেইলে পাঠানো বার্তা পড়ছে অন্য কেউ

জিমেইল ব্যবহার করে যে বার্তা পাঠানো কিংবা গ্রহণ করা হচ্ছে, তা কেবল মেশিনই না, কখনও কখনও থার্ড পার্টি বা তৃতীয় পক্ষের অ্যাপ ডেভেলপার পড়েছেন বলে নিশ্চিত করেছে সার্চ জায়ান্ট গুগল। থার্ড পার্টি অ্যাপ বলতে অফিসিয়াল অ্যাপ ছাড়া তৃতীয় কোনো নির্মাতার অ্যাপকে বোঝানো হয়। যেমন আপনি যদি ফেসবুক, গুগল কিংবা ট্যুইটারের অ্যাপ প্লে স্টোরে খোঁজেন, তবে দেখবেন তাদের নিজস্ব অ্যাপ ছাড়াও বিভিন্ন অ্যাপ সেখানে রয়েছে। যেগুলো অন্যান্য ডেভেলপারের তৈরি। এগুলোই হচ্ছে থার্ড পার্টি অ্যাপ। অন্য কথায় কোনো কাজের কিংবা সার্ভিসের জন্য আগে থেকেই তৈরি অফিসিয়াল অ্যাপ থাকার পরও একই কাজের জন্য থার্ড পার্টি ডেভেলপাররা যেসব অ্যাপ বানান সেগুলোই থার্ড পার্টি অ্যাপ। এই তৃতীয় পক্ষের অ্যাপের সঙ্গে জড়িত ব্যক্তিরা অসচেতনভাবে তাদের কর্মীদের জিমেইলের বার্তা পড়ার অনুমতি দিয়েছেন। ওয়ালস্ট্রিট জার্নালকে একটি কোম্পানি জানিয়েছে, এটি খুবই স্বাভাবিক চর্চা। যেটি খুবই নোংরাভাবে গোপন রাখা হয়। কিন্তু এ ধরনের চর্চা তাদের নীতিমালার বাইরে নয় বলে আভাস দিয়েছে গুগল। একজন নিরাপত্তা বিশ্লেষক বলেন, এটি খুবই বিস্ময়কর যে গুগল ধরনের চর্চার অনুমতি দিয়েছে। ইমেল সেবায় পৃথিবীর সবচেয়ে জনপ্রিয় হচ্ছে জিমেইল। ১৪০ কোটি লোক এ সেবা ব্যবহারকরেন।

## ১৪ ফেব্রুয়ারি আদিত্যকে বিয়ে করছেন নেহা কক্কর! কী বললেন উদিত নারায়ণ

ভালবাসার দিনেই কি বিয়ে করছেন নেহা কক্কর! ওইদিনই কি আদিত্য নারায়ণের সঙ্গে সাতপাকে বাঁধা পড়ছেন তিনি! সম্প্রতি এমন গুঞ্জনই শুরু হয়েছে বিভিন্ন মহলে।বিষয়টি খুলেই বলা যাক তাহলে। সম্প্রতি নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে একটি স্টেটাস শেয়ার করেন নেহা কক্কর। সেখানে তিনি নিজের একটি ছবি শেয়ার করে ১৪ ফেব্রুয়ারির কথা শেয়ার করেন। তবে ১৪ ফেব্রুয়ারি অর্থাত ভালবাসার দিনে দর্শকদের জন্য নেহা কী উপহার গুছিয়ে রেখেছেন, সে বিষয়ে খোলসা করে কিছু জানাননি অভিনেত্রী।একটি রিয়েলিটি শোয়ের মঞ্চ থেকেই নাকি নেহা কক্করের সঙ্গে আদিত্য নারায়ণের সম্পর্কের সূত্রপাত। যে বিষয়ে নেহা মুখ ন খুললেও, আদিত্য নারায়ণের বাবা উদিত নারায়ণ যে বিষয়টি নিয়ে বেশ উত্তেজিত, তা স্পষ্ট।নেহার সঙ্গে আদিত্যর বিয়ের বিষয়ে প্রশ্ন করা হলে, সম্প্রতি বেশ খোলাখুলি উত্তর দেন বলিউডের জনপ্রিয় গায়ক উদিত নারায়ণ। তিনি বলেন, নেহা এবং আদিত্যর মধ্যে কী সম্পর্ক, তা ওঁরাই ভাল বলতে পারবেন। তবে নেহা কক্করের গান তাঁর বেশ ভাল লাগে। এবং পরিবারে যদি আরও একজন গায়িকার সংখ্যা বাড়ে, তাহলে তিনি খুশিই হবেন। তবে চেলে আদিত্য নারায়ণের সঙ্গে নেহা কক্করের বিয়ের আসর কবে বসবে, সে বিষয়ে কোউ কিছু খোলসা করেননি।আদিত্য নারায়ণকেই নাকি বিয়ে করছেন নেহা কক্কর। টেলিভিশনের একটি রিয়েলিটি শোয়ের মঞ্চ থেকেই নেহা এবং আদিত্যর প্রেম পর্বের সূত্রপাত হয়েছে বলে শোনা যায়। যা নিয়ে (বি টাউনে ইতিমধ্যেই জোর গুঞ্জন শুরু হয়েছে। বিষয়টি নিয়ে এবার মুখ খুললেন আদিত নারায়ণের বাবা উদিত নারায়ণ।নি বলেন, নেহা বেশ মিষ্টি মেয়ে। নেহার গানও তাঁর ভাল লাগে। নেহা যদি তাঁদের পরিবারে আসেন, তাহলে ভালই হবে। আদিত্যর স্ত্রী হিসেবে নেহাকে দেখতে তাঁর কোনও আপত্তি নেই বলে স্পষ্ট জানান উদিত।পাশাপাশি তিনি আরও লেন, টেলিভিশনের রিয়েলিটি শোয়ের মঞ্চ থেকে নেহা এবং আদিত্যর সম্পর্ক নিয়ে গুঞ্জন শুরু হয়েছে। আদিত্য এবং নেহা যদি একে অপরের সঙ্গে গাঁটছড়া বাঁধে, তাতে তাঁদের কেন কোনও আপত্তি থাকবে। উলটে, নেহার সঙ্গে আদিত্য নারায়ণের বিয়ে হলে, তাঁদের পরিবারে আরও একজন গায়িকার সংখ্যা বাড়বে বলে আশা প্রকাশ করেন উদিত নারায়ণ।সম্প্রতি হিমাংশ কোহলির সঙ্গে বিচ্ছেদ হয়ে যায় নেহা কক্করের।

## স্তনের আকারের সঙ্গে ক্যান্সারের সম্পর্ক

নারী জীবনে স্তন নিয়ে নানা খুঁতখুতানি। মানসিক চিকিৎসকদের অভিজ্ঞতা বলে, স্তনের আকৃতি একপ্রকার মানসিক জটিলতার জন্ম দেয়। তাই অসুখ থেকে অবসাদ, বহু ক্ষেত্রে বক্ষ একটা বিসয় হয়ে দাঁড়ায়। শুদু তাই নয়, এর সঙ্গে ক্যান্সারের ও সম্পর্ক খুঁজে পেয়েছেন সমীক্ষকরা। সম্প্রতি অ্যাংলিয়া রাসকিন বিশ্ববিদ্যালয়ের গবেষক বীরেন স্বামী ও ইউনিভার্সিটি অব লন্ডনের গবেষক অ্যাড্রিয়ান ফার্নহ্যাম একটি সমীক্ষা চালিয়েছিলেন। তাঁদের বক্তব্য, যেসব মহিলাদের স্তন 'আকারে ছোট' তাদের মধ্যে নিজেদের স্তন পরীক্ষা করার ক্ষেত্রে অনীহা প্রবল। ফলে স্তনে কোনও পরিবর্তন দেখা দিলেও, তাঁরা চিকিৎসকের কাছে যেতেও আগ্রহ দেখান না। প্রায় ৪০০ ব্রিটিশ মহিলার উপর সমীক্ষা করা হয়। এদের মধ্যে অধিকাংশ মহিলাই তাঁদের স্তনের আকার নিয়ে অসন্তুষ্ট। মহিলাদের ৩১ শতাংশ 'ছোট স্তনে'র পক্ষে। ৪৪ শতাংশ মহিলা আবার চান বড় স্তন।' অন্যদিকে, ৩৩ শতাংশ মহিলার দাবি, তাঁরা নিয়মিত স্তন পরীক্ষা' করান না। এদের অধিকাংশই আকারে ছোট স্তনে'র অধিকারী। গবেষকদের বক্তব্য, কোনও মহিলার নিজের স্তন সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে, সেখানে কোনও পরিবর্তন ঘটলে তিনি সহজেই তা বুঝতে পারেন। গবেষক বীরেন স্বামীর দাবি, মহিলাদের সঙ্গে কথা বলে দেখা গিয়েছে,স্তনের আকার নিয়ে কারও কোনও অসন্তুষ্টি থাকলে তিনি নিজের স্তন পরীক্ষা করান খুবই কম। এমনকী কোনও পরিবর্তন ঘটলে চিকিৎসকদের কাছে তাঁরা অনেক দেরিতে গিয়ে পৌঁছন। ফলে ক্যান্সারের মতো রোগের ক্ষেত্রে তা ধরা পড়তে অনেকটা সময় পেরিয়ে যায়। আর তাই বহুক্ষেত্রেই প্রাণঘাতী হয়ে ওঠে বেস্ট ক্যান্সার।



শুক্রবার ত্রিপুরা ডিস্টিবিউটর এসোর আয়োজিত সাংবাদিক সম্মেলনে কর্মকর্তারা। ছবি- নিজস্ব।

# অসম যুব-কং সভাপতি কমরুল গ্রেফতার : প্রতিবাদে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কুশপুতুল দাহ কাছাড়ে, ১২ ঘন্টার মধ্যে মুক্তি না দিলে আন্দোলন, হুমকি

কাটিগড়া (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : অসম প্রদেশ যুব-কংগ্রেস সভাপতি কমরুল ইসলাম চৌধুরীকে গ্রেফতারের প্রতিবাদে শুক্রবার কাটিগড়ায় মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং শিক্ষামন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার কুশপুতুল পুড়ালো ব্লক যুব কংগ্রেস।
কাছাড় জেলার অন্তর্গত কাটিগড়া ব্লক যুব-কংগ্রেসের উদ্যোগে ও কাটিগড়া ব্লক কংগ্রেসের পরিচালনায় শুক্রবার বিকেলে এক প্রতিবাদী কর্মসূচি হাতে নেওয়া হয়। এদিন সন্ধ্যার প্রাক্কালে প্রায় ৩৫ মিনিট টিআরকে সড়ক প্রতিরোধ করে "আসাম সরকার, হায় হায়", "আসাম সরকারের দমননীতি চলবে না", "সর্বানন্দ মুর্দাবাদ", "হিমন্তবিশ্ব শর্মা মুর্দাবাদ", "কমরুল ইসলামকে গ্রেফতার করা মানছি না, মানব না", "বিনা শর্তে কমরুলকে মুক্তি দিতে হবে" ইত্যাদি কংগ্রেস কর্মীদের এ সব বিভিন্ন স্লোগানে আকাশ বাতাস কাঁপিয়ে তুলেন যু কংগ্রেস কর্মীরা। এর পর রাজ্যের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও শিক্ষামন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার কুশপুতুল দাহ করেন তাঁরা।
প্রতিবাদী কর্মসূচির পর সংবাদ মাধ্যমের সাথে আলাপচারিতায় কাটিগড়া ব্লক কংগ্রেস সভাপতি হুসেন আহমদ চৌধুরী বলেন, বৃহস্পতিবার প্রদেশ যুব কংগ্রেস সভাপতি কমরুল ইসলাম চৌধুরীকে বেআইনিভাবে গ্রেফতার করা হয়েছে। এরই প্রতিবাদে আজ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।
তিনি আরও বলেন, ভারতের সংসদে নাগরিকত্ব বিল পাশ হওয়ার পর বিগত মাস-দিন ধরে অসমে সিএএ-বিরোধী আন্দোলন চলছে। গত ১১ তারিখ দিশপুরে আন্দোলন চলাকালীন অনেক সরকারি ও বেসরকারি সম্পত্তি ধ্বংস করেছে আন্দোলনকারীরা। এর পর ওই দিনের ঘটনার একটি ভিডিও ফুটেজ নিয়ে মন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা সংবাদ মাধ্যমে বলেছিলেন, সেখানে কমরুল ইসলাম চৌধুরী জড়িত ছিলেন। বক্তা ব্লক কংগ্রেস সভাপতির দাবি, সেদিনের ঘটনার সঙ্গে কমরুলকে ফাঁসানো হয়েছে। কারণ সেদিন সেখানে কয়েক হাজার মানুষ ছিল। যেহেতু কমরুল যুব কংগ্রেসের প্রদেশ সভাপতি, তাই তাঁকে ইচ্ছে করেই টার্গেট করা হয়েছে।
কমরুল ইসলাম চৌধুরীকে গ্রেফতারের তীব্র ভাষায় নিন্দা জানান ব্লক কংগ্রেস সভাপতি।
কাটিগড়া ব্লকের যুব কংগ্রেস সাধারণ সম্পাদক ইকবাল বাহার চৌধুরী হুমকি দিয়ে বলেন, ১২ ঘণ্টার মধ্যে বরাকের সন্তান তথা যুব কংগ্রেসের প্রদেশ সভাপতি কমরুল ইসলাম চৌধুরীকে মুক্তি না দিলে গণতান্ত্রিকভাবে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। এছাড়া ব্লক কংগ্রেসের সম্পাদক মৃদুল নাগ বলেন, উদ্যেশ্যপ্রণোদিতভাবে ৩৬টি মামলার দায়ে প্রদেশ সভাপতি কমরুল ইসলাম চৌধুরীকে গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, এভাবে দমননীতির বলে কংগ্রেসের আন্দোলন দুর্বল করা যাবে না।
কারণ এই আন্দোলন রোখা কারোর পক্ষে সম্ভব নয়। মৃদুল আরও বলেন, জনগণ যা মানছেন না, তা সরকারের চাপে কিছু হবে না। সরকার যতই চাপ সৃষ্টি করবে, ততই আন্দোলন আরও ছড়াবে, তীব্র হবে, বড় হবে। তিনি সরকারের কাছে রাজ্য স্তরে নতুবা কেন্দ্রীয় স্তরে একটি সর্বদলীয় বৈঠকের আহবান জানান।
কমরুল ইসলাম চৌধুরীকে মুক্তির দাবিতে আজকের কর্মসূচিতে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাটিগড়া ব্লক কংগ্রেস সাধারণ সম্পাদক যথাক্রমে এনামুল হক লস্কর, নিখিলেশ দেব, সরফুল আলম চৌধুরী, নজরুল হুসেন বড়ভুইয়াঁ, কাটিগড়া ব্লক যুব কংগ্রেস সভাপতি সারিমুল হক লস্কর, সম্পাদক সামসুল আলম লস্কর, প্রদেশ যুব কংগ্রেস সম্পাদক তনুজ দাস-সহ অন্যান্যরা।

# আন্দোলনের ফল পাওয়া যাচ্ছে, দাবি তৃণমূল সুপ্রিমোর

কলকাতা, ২৪ জানুয়ারি (হি. স.) : এনআরসি, সিএএ ও এনপিআর-এর বিরুদ্ধে প্রতিবাদ-আন্দোলনের ফল পাওয়া যাচ্ছে। শুক্রবার তৃণমূল ভবনে বৈঠকে দলীয় নেতাদের এ কথা বলেছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়উ
সূত্রের খবর মুখ্যমন্ত্রীর দাবি, "পরিস্থিতি আগের থেকে অনেকটা উন্নত হয়েছে। আন্দোলনের পথেই থাকতে হবে। এই আন্দোলন চালিয়ে যেতে হবেউ" প্রসঙ্গত শুক্রবারই উত্তরবঙ্গ সফর সেরে কলকাতায় ফেরেন মুখ্যমন্ত্রী। বৈঠকের পর পার্থ চট্টোপাধ্যায় সাংবাদিকদের বলেন, আমাদের আন্দোলন চলবে। আমরা নাগরিকরা নিজেরাই প্রতিবাদ করবউ এ ব্যাপারে পরিকল্পিত সুচিও ঘোষণা করেন তিনিউ ঠিক হয়েছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের জনসভা হবে তিন জায়গায়উ এর একটি হবে বনগায়, অপর একটি কল্যাণী, চাকদা ও গয়েশপুর- এই তিন বিধানসভার মধ্যে কোনও একটি জায়গায়, রানাঘাটে হবে আরও একটিউ কিন্তু কোনওটির নির্দিষ্ট স্থান এবং দিন ঠিক হয়নিউ
পার্থবাবুজানান, "১ ও ২ ফেব্রুয়ারি ব্লকে ব্লকে হবে মিছিল। ৫ ফেব্রুয়ারি দুপুর ২-৩ টের মধ্যে ব্লকে ব্লকে মানববন্ধন করবে তৃণমূলউ ৬ ফেব্রুয়ারি ব্লকে ব্লকে মৌন মিছিল হবে বুকে প্ল্যাকার্ড লাগিয়ে, ৭ ফেব্রুয়ারি স্ট্রীট কর্নার হবে ব্লকে ব্লকে, ৮ ফেব্রুয়ারি বুথে বুথে হবে ছোট ছোট পথসভাউ ৮ এবং ৯ ফেব্রুয়ারি ব্লক স্তরের সমস্ত জনপ্রতিনিধিরা তাদের এলাকার তপশিলি জাতি উপজাতি গ্রামগুলিতে যাবেনউ ১০ থেকে ১৩ ফেব্রুয়ারি সব জনপ্রতিনিধি, বিধায়ক সাংসদ কাউন্সিলর এবং পঞ্চায়েত স্তরে সব জনপ্রতিনিধিরা ব্লকে ব্লকে, বাড়ি বাড়ি গিয়ে জনসংযোগ করবেনউ
বাঁকুড়া জেলায় দলের সংগঠনের সভাপতি এবং কার্যকরী সভাপতি করা হয়েছে যথাক্রমে শুভাশিস বটব্যাল এবং শ্যামল সাঁতরাকেউউদ্বাস্তু সেলের দায়িত্ব পেয়েছেন মুকুল বৈরাগ্যউ তিনি বিভিন্ন জায়গায়, বিশেষ করে নদিয়ায় সভা করবেনউ এ ছাড়া, বেহালায় পুরসভার ১২৫ ও ১২৬ নম্বর ওয়ার্ডে বিজেপির আক্রমণের বিরুদ্ধে সভা হবে।

# তিহাড় জেল কর্তৃপক্ষের বিরুদ্ধে আদালতের দ্বারস্ত নির্ভয়া কান্ডের দুই অপরাধী

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.) : তিহাড় জেল কর্তৃপক্ষের বিরুদ্ধে আদালতের দ্বারস্ত নির্ভয়া গণধর্ষণ ও হতায় দোষী সাব্যস্ত দুই অপরাধী উ শুক্রবার পাতিয়ালা হাউস কোর্টে তাদের অভিযোগ জেল কর্তৃপক্ষ কিছু নথিপত্র তাদের হাতে তুলে দিতে গড়িমসি করছে।
নির্ভয়া গণধর্ষণ ও হতায় দোষী সাব্যস্ত চার অপরাধীর দুজনের আইনজীবী তিহার জেল কর্তৃপক্ষের বিরুদ্ধে নালিশ জানিয়ে শুক্রবার পাতিয়ালা হাউস কোর্টে গেল। দুই অপরাধী পবন এবং অক্ষয়ের আইনজীবী এপি সিংয়ের অভিযোগ তিহাড় জেল কর্তৃপক্ষ এখনও কিছু নথি তাদের হাতে তুলে দেয়নি । ওই নথিগুলি তার মক্কেলদের কিউরিটিভ পিটিশন এবং প্রাণভিক্ষার আর্জি জানাতে প্রয়োজন ছিল । আদালত তাদের আবেদন গ্রহণ করেছে উ আগামী ২৫ জানুয়ারি শনিবার তার শুনানি।
২০১২-র ১৬ ডিসেম্বরের রাতে রাজধানীর বুকে প্যারামেডিকেল ছাত্রীকে ৬ জনের ধর্ষণের পর চলন্ত বাস থেকে ছুঁড়ে ফেলে দেওয়া, হাসপাতালে তাঁর দাত চাপা লড়াইয়ের পর মৃত্যু গোটা দেশকে নাড়িয়ে দিয়েছিল।
সেই নারকীয় অত্যাচারে দোষীদের মৃত্যুদণ্ড হলেও তা আজও কার্যকর হয়নি আইনি জটিলতায়। আদালতের সর্বশেষ নির্দেশানুসারে ১ ফেব্রুয়ারি সকাল ৬টায় তিহার জেলে ফাঁসি হওয়ার কথা তাদের। দুই অপরাধী বিনয় কুমার শর্মা (২৬) ও মুকেশ সিংয়ের (৩২) মৃত্যুদণ্ডের বিরুদ্ধে দায়ের করা কিউরেটিভ পিটিশন সম্প্রতি খারিজ করেছে সুপ্রিম কোর্ট। এবার বাকি দুই অপরাধী অক্ষয় ঠাকুর (৩১), পবন কুমার গুপ্তাও (২৫) কিউরেটিভ পিটিশন পেশ করতে চায়। কিন্তু তার জন্য যেসব নথি, কাগজপত্র লাগবে, সেগুলি তাদের দিতে জেল কর্তৃপক্ষ দেরি করছে বলে অভিযোগ জানিয়ে পাতিয়ালা হাউস কোর্টে আজ পিটিশন দিয়েছেন তাদের কেঁসুলি এ পি সিং । আদালত তাদের আবেদন গ্রহণ করেছে উ আগামী ২৫ জানুয়ারি শনিবার তার শুনানি।

# গোয়ালপাড়ায় দুর্ঘটনাগ্রস্ত যাত্রীবাহী টর্যাভেলার, হত দুই

গোয়ালপাড়া (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : গোয়ালপাড়ায় এক ভয়ংকর সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলে দুই ব্যক্তির মৃত্যু হয়েছে। এ ছাড়া একই দুর্ঘটনায় আরও প্রায় ২৮ জন আহত হয়েছেন। তাদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। শুক্রবার ভোরে জেলার রংজুলিতে সংঘটিত হয়েছে ঘটনাটি। নিহতদের যথাক্রমে শিয়ালমারির বাসিন্দা মতিবুর রহমান এবং ভাকুলি পথারের হবিবুর রহমান বলে শনাক্ত করেছে পুলিশ।
জানা গেছে, বৃহস্পতিবার রাতে ইসলাম ধর্মাবলম্বীদের উরুস (জলসা জাতীয় সম্মেলন) অনুষ্ঠান ছিল জলেশ্বরে। উরুস-এর অনুষ্ঠানে এসেছিলেন নগাঁও জেলা থেকে বেশ কয়েকজন। অনুষ্ঠান শেষে যাত্রীবাহী টর্যাভেলারে চেপে নগাঁওয়ে যার যার গৃহাভিমুখে যাচ্ছিলেন তাঁরা। কিন্তু রংজুলি এলাকায় রাস্তার পাশে একটি গাছের সঙ্গে সংঘর্ষ হয় ট্র্যাভেলারের।
ঘটনার খবর পেয়ে অকুস্থলে ছুটে যায় রংজুলি থানার পুলিশ। তাঁরা দুর্ঘটনাগ্রস্ত যাত্রীদের উদ্ধার করে প্রথমে রংজুলি এবং পরে গোয়ালপাড়া জেলা হাসপাতালে এনে ভরতি করেছেন। তাছাড়া নিহত দুজনের মৃতদেহের ময়না তদন্ত করতে গোয়ালপাড়া সরকারি হাসপাতালের মর্গে রাখা হয়েছে। পুলিশের ধারণা, ঘন কুয়াশা এবং চালকের তন্দ্রাচ্ছন্ন হওয়ায় ওই সংঘর্ষজনিত দুর্ঘটনাটি সংঘটিত হয়েছে। পুলিশ দুর্ঘটনাগ্রস্ত ট্র্যাভেলারটি নিজেদের জিম্মায় নিয়েছে।

# করোনা ভাইরাসের কারণে প্রজাতন্ত্র দিবসের কর্মসূচি বাতিল ভারতীয় দূতাবাসে

বেজিং, ২৪ জানুয়ারি (হি.স.) : করোনাভাইরাস দ্রুত ছড়িয়ে পড়ায় বেজিংয়ে ভারতীয় দূতাবাস প্রজাতন্ত্র দিবসের সমস্ত কর্মসূচি স্থগিত করা হয়েছে। শুক্রবার এখবর পাওয়া গিয়েছে। একই সময়ে, করোনাভাইরাস থেকে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৫। তবে এ পর্যন্ত ৮৩০ জন এই রোগে আক্রান্ত হয়েছেন। চিনের সমস্ত বড় শহরগুলির বিমানবন্দরগুলিতে পরবর্তী নির্দেশ এবং সতর্কতামূলক ফেস মাস্ক ব্যবহার না করা পর্যন্ত যানবাহন বাতিল করা হয়েছে। বেজিংয়ে ভারতীয় দূতাবাস টুইটারে জানিয়েছে, করোনাভাইরাসগুলির দ্রুত ছড়িয়ে পড়ায় ২৬ জানুয়ারিতে নির্ধারিত সমস্ত অনুষ্ঠান বাতিল করা হয়েছে। এছাড়াও, একটি বিজ্ঞপ্তিও জারি করা হয়েছে যে চিন ভ্রমণের সময় আপনার সতর্কতা অবলম্বন করা উচিত এবং উহান শহরে বসবাসরত লোকেরা তাদের স্বাস্থ্যের বিশেষ যত্ন নেবেন। যাদের এই রোগের লক্ষণ রয়েছে তাদের থেকে দূরে থাকুন। উল্লেখ্য, দ্রুত ছড়িয়ে পড়া করোনাভাইরাস কারণে হংকংয়ের আন্তর্জাতিক কার্নিভালের পাশাপাশি একটি বিশাল ফুটবল টুর্নামেন্ট বাতিল করা হয়েছে। আমেরিকা, দক্ষিণ কোরিয়া এবং জাপানের মতো দেশে এখন এই ভাইরাস ছড়িয়ে পড়েছে।

# সিএএ, এনআরসি, এনপিআর নিয়ে কয়েক লক্ষ লিফলেট বিলি করবে তৃণমূল

কলকাতা, ২৪ জানুয়ারি (হি. স.) : কেন ক্ষতিকর নাগরিকত্ব সংশোধনী আইন, এনআরসি এবং এনপিআর ? মিছিল-সমাবেশের পাশাপাশি প্রচারে মাত্রা আনতে এবার প্রচারপত্র তৈরি করল তৃণমূল কংগ্রেস। এ রকম কয়েক লক্ষ লিফলেট বিলি করবে তারা।
কয়েক মাস আগে তৈরি হয়েছে তৃণমূল কংগ্রেসের উদ্বাস্তু সেল। সেই উদ্বাস্তু সেলের প্যাডে এই লিফলেট ছাপানো হয়েছে। সেখানে বলা হয়েছে, নাগরিকত্ব সংশোধনী আইন, এনটিআর এবং এনআরসি মারাত্মক ভয়ঙ্কর। সিএএ, নাগরিকত্ব আইন ওপার বাংলা থেকে আগত মানুষদের নাগরিকত্ব দেবে না উল্টে তাদের নাগরিকত্ব কেড়ে নিয়ে বিদেশি বানাবার ব্যবস্থা করা হচ্ছে। বিস্তারিত ভাবে লেখা হয়েছে এই আইন আইনের নেতিবাচক দিকগুলো। এই লিফলেট জেলায় জেলায় বিলি করা হবে বলেই সূত্রের খবর। পাশাপাশি চলবে প্রচার। আজ তৃণমূল ভবন থেকে এই লিফলেট বান্ডিল বান্ডিল জেলা সভাপতিদের দিয়ে দেওয়া হয়। মতুয়া সম্প্রদায় এবং বিভিন্ন কলোনি এলাকায় এই লিফলেট বিলির ব্যাপারে গুরুত্ব দেওয়া হবে।

# বিশ্বের জন্য এখনও বিপজ্জনক নয় করোনা ভাইরাস : বিশ্ব স্বাস্থ্য সংস্থা

জেনেভা, ২৪ জানুয়ারি (হি.স.) : করোনা ভাইরাস এখনও বিশ্ব জনস্বাস্থ্যের জন্য ঝুঁকি মানছে না বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। সংস্থাটির বক্তব্য, ভাইরাসটি বিশ্ব জনস্বাস্থ্যের জন্য এখনও ঝুঁকি তৈরি করেনি। সুইজারল্যান্ডের জেনেভায় সংস্থাটির সদর দফতরে করোনা ভাইরাস নিয়ে দু'দিনের জরুরি বৈঠক শেষে বৃহস্পতিবার সংস্থার মহাপরিচালক টেড্রোস অ্যাধানোম গেব্রিসাস এমনটাই জানিয়েছেন উ
গত বুধবার চিনে করোনা ভাইরাসের মহামারির পরিপ্রেক্ষিতে জেনেভাতে দু'দিনের বৈঠকে বসে বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিশেষ কমিটিতে থাকা ১৬ সদস্যের বিশেষজ্ঞের দল উ ওই বৈঠক শেষে বৃহস্পতিবার সংস্থার মহাপরিচালক টেড্রোস অ্যাধানোম গেব্রিসাস এক সংবাদিক সম্মেলনে জানান,করোনা ভাইরাস চিনের জন্য অবশ্যই ঝুঁকিপূর্ণ অবস্থা সৃষ্টি করেছে। তবে এর জন্য বিশ্ব স্বাস্থ্য ব্যবস্থায় জরুরি অবস্থা জারির মতো পরিস্থিতি এখনও তৈরি হয়নি। জরুরি অবস্থা জারি না করলেও কমিটির সদস্যরা সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান। উল্লেখ্য, এ ভাইরাস মানুষের ও প্রাণীদের ফুসফুস সংক্রমণ করতে পারে। ভাইরাসজনিত ঠাণ্ডা বা ফ্লু'র মতো হাঁচি-কাশির মাধ্যমে মানুষ থেকে মানুষে ছড়িয়ে পড়ছে করোনা ভাইরাস। এ ভাইরাসে সংক্রমিত হওয়ার প্রধান লক্ষণগুলো হল শ্বাসকষ্ট, জ্বর, কাশি, নিউমোনিয়া ইত্যাদি। শরীরের এক বা একাধিক অঙ্গ-প্রত্যঙ্গ নিষ্ক্রিয় হয়ে আক্রান্ত ব্যক্তির মৃত্যু হতে পারে।

# লখনউ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে সিএএ অন্তর্ভুক্তি অনুচিত : মায়াবতী

লখনউ, ২৪ জানুয়ারি (হি.স.): বিতর্কিত এবং বিভাজনমূলক সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) লখনউ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে অন্তর্ভুক্তি করার সিদ্ধান্ত সম্পূর্ণ ভুল এবং অন্যায়উ শুক্রবার টুইট করে এমনটাই জানালেন বহুজন সমাজ পার্টি (বিএসপি)-র সুপ্রিমো মায়াবাতীউ একইসঙ্গে মায়াবাতী জানিয়েছেন, বিএসপি এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছেউ উত্তর প্রদেশে বিএসপি ক্ষমতায় আসলেই এই সিদ্ধান্ত প্রত্যাহার করা হবেউ
শুক্রবার লখনউ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান শশী শুক্লা জানান, 'রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মাধ্যমে সিএএ অন্তর্ভুক্ত করা হবে লখনউ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমেউ এই মুহূর্তে সিএএ সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, তাই এ বিষয়ে পড়াশোনা করা উচিতউ' রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান শশী শুক্লা আরও জানিয়েছেন, কী, কেন এবং কীভবে নাগরিকত্ব আইন সংশোধিত হয়েছে, সে বিষয়ে পড়ানো হবেউ
লখনউ বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তের প্রেক্ষিতেই মায়াবতী জানিয়েছেন, সিএএ নিয়ে বিতর্ক পর্যন্ত ঠিক আছে, কিন্তু আদালতে শুনানি জারি থাকা সত্ত্বেও বিতর্কিত এবং বিভাজনমূলক সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) লখনউ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে অন্তর্ভুক্তি করার সিদ্ধান্ত সম্পূর্ণ ভুল এবং অন্যায়উ বিএসপি এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছেউ উত্তর প্রদেশে বিএসপি ক্ষমতায় আসলেই এই সিদ্ধান্ত প্রত্যাহার করা হবে

# কুলতলিতে নলি কাটা জোড়া মহিলার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার, চাঞ্চল্য এলাকায়

কুলতলি, ২৪ জানুয়ারি (হি. স.) : গলার নলি কাটা অবস্থায় জোড়া মহিলার মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য দক্ষিণ ২৪ পরগণার কুলতলিতে। তিনশো ফুট তফাতেই এই দুই দেহ ঘিরে রহস্য ঘনিভূত হয়েছে।
জানা গিয়েছে, ওই এলাকায় পিয়ালি নদীর চর থেকেই উদ্ধার হয়েছে মৃতদেহ দুটি। একটি দেহ বৃহস্পতিবার রাতেই উদ্ধার হয়েছিল। অন্যটি শুক্রবার ভোরে উদ্ধার করে পুলিশ। তবে এখনও পর্যন্ত মৃত ওই দুই মহিলার পরিচয় জানা সম্ভব হয়নি। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ঘটনাস্থল থেকে একটি চাদর

ছয়ের পাতায়

# হাতের পাঞ্জা তৈরি করে নজির গড়ল কলকাতা মেডিক্যাল কলেজ

কলকাতা,২৪ জানুয়ারি (হি.স.) : পায়ের চামড়া কেটে হাতের পাঞ্জা তৈরি করে নজির গড়ল কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল উমেশিনে চাপা পড়ে বাদ যাওয়া হাতের পাঞ্জা তৈরি করে বছর ২৩-র সৌরভ কুমার সিংকে নবজন্ম দিল কলকাতা মেডিক্যাল কলেজ উ কারখানায় কাজ করার সময় একটি ভারী মেশিনের তলায় বাঁ হাত চাপা পরে পিষ্ট হয়ে যায় সৌরভ কুমার

ছয়ের পাতায়

# তৃণমূল কর্মীদের পুরভোটের কাজে এখনই ঝাঁপিয়ে পরার নির্দেশ দলনেত্রীর

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): এখনই সামনেই পুরভোটের কাজে ঝাঁপিয়ে পরার নির্দেশ দিলেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজ তৃণমূল ভবনে বৈঠকে ছিলেন দলের নেতৃবৃন্দ ও সব জেলা সভাপতি।
রাজ্যের একাধিক পুর সভায় ভোট। চলতি বছরে কলকাতা, হাওড়ায় পুরভোট। একসঙ্গে আরও ৯৩টি পুরসভার ভোট রয়েছে। সময়সীমা পেড়িয়ে গেলেও ভোট হয়নি এমন প্রায় ১৭টি পুরসভার ভোটও রয়েছে। সব মিলিয়ে একুশের বিধানসভা নির্বাচনের আগে সেমিফাইনালের লড়াই। এই বৈঠকের গুরুত্ব এতটাই যে বৃহস্পতিবার উত্তরকন্যায় উত্তরবঙ্গের জেলা সভাপতিদের অনেককেই ব্যক্তিগত আলাপচারিতায় মুখ্যমন্ত্রী বৈঠকে থাকতে নির্দেশ দেন।
প্রত্যেক পুরসভা ধরে ধরে রিপোর্ট বানানো হয়েছে দলে। শাসক শিবিরে চর্চা, সারা রাজ্যে 'দিদিকে বলো' অভিযানে কোন জনপ্রতিনিধি কেমন কাজ করেছেন, তার ভিত্তিতে রিপোর্ট বানান হয়েছে। পাশাপাশি পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে পুরপ্রতিনিধিদের কার কী ভুমিকা, তা নিয়ে বিলক্ষন নজর রাখছে দল। আজ বৈঠক হয় এ সব নিয়েহ

# প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি, ভারত সফরে এলেন জাইর বোলসোনারো

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): এ বছর প্রজাতন্ত্র দিবসে প্রধান অতিথি হিসেবে দিল্লির রাজপথে উপস্থিত থাকবেন ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারোউ চার-দিনের সফরে শুক্রবারই ভারতে এসেছেন ব্রাজিলের প্রেসিডেন্টউ ৭১ তম প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারোকে দিল্লি বিমানবন্দরে এদিন স্বাগত জানানো হয়উ
চার-দিনের সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-সহ ভারতীয় নেতৃত্বের সঙ্গে বৈঠকের পাশাপাশি ভারত-ব্রাজিল বাণিজ্য মঞ্চে বক্তৃতা দেবেন জাইর বোলসোনারোউ তাজনগরী আগ্রা সফরেও যাওয়ার কথা রয়েছে তাঁরউ বিদেশ মন্ত্রক সূত্রের খবর, ভারত ও ব্রাজিলের মধ্যে বাণিজ্য, প্রতিরক্ষা-সহ বিভিন্ন ক্ষেত্রে পাঁচটিরও বেশি চুক্তিপত্র সই হবেউ ব্রাজিল থেকে অপরিশোধিত তেল, মিথানল, খনিজ, গ্যাস আমদানি বাড়ানো হবে

# সিএএ- র প্রতিবাদে কলকাতা পুরসভার সামনে রাস্তা জুড়ে অবস্থান

কলকাতা,২৪ জানুয়ারি (হি.স.):স্তব্ধ এসএন ব্যানার্জি রোড উ সংশোধিত নাগরিকত্ব আইন, এনআরসি-র প্রতিবাদে রাস্তা জুড়ে অবস্থান বিক্ষোভে সামিল বহু সংখ্যালঘু মুসলিম নারী-পুরুষরা উ ২১ জানুয়ারি থেকে কলকাতা পুরসভার সামনে এসএন ব্যানার্জি রোডে অবস্থান বিক্ষোভে সামিল তারাউ শুক্রবার তিনদিনে পরলো এসএন ব্যানার্জি রোডের অবস্থান উএসএন ব্যানার্জি রোড বন্ধ থাকায় সমস্যায় পরতে হচ্ছে নিত্যযাত্রীদেরউ
বিক্ষোভকারীদের হাতে জাতীয় পতাকা। সিএএ, এনআরসি বিরোধী পোষ্টারউ সিএএ, এনআরসি ও এনপিআর বিরোধী লেখা টি শার্টও পরেছে অনেকে উ প্রতিবাদকারীদের মধ্যে মহিলাদের উপস্থিতি বিশেষ উল্লেখযোগ্য উ বিক্ষোভে সামিল বহু মানুষ উ পুরসভার সামনে এসএন ব্যানার্জি রোডে ব্যারিকেড দিয়ে রাস্তা আটকানো হয়েছেউঘটনাস্থলে মজুত রয়েছে পুলিশ বাহিনীও উ
অন্যদিকে, ১৮ তম দিনেও সিএএ, এনআরসি বিরুদ্ধে অবস্থানে বিক্ষোভে সামিল পার্ক সার্কাসউ ৬ জানুয়ারী থেকে নাগরিকত্ব সংশোধনী আইন ও এনআরসি-র প্রতিবাদে পার্ক সার্কাস ময়দানে অবস্থানে বিক্ষোভে সামিল বহু সংখ্যালঘু মহিলারাউ প্রতিবাদীদের সংখ্যা গিয়ে দাড়িয়েছে ২০০ জনেরও বেশি

# করোনা ভাইরাস পরিস্থিতি সিঙ্গাপুরে এখনও মারাত্মক হয়নি : লি সিয়েন লং

সিঙ্গাপুর, ২৪ জানুয়ারি (হি.স.) : করোনা ভাইরাস পরিস্থিতি সিঙ্গাপুরে এখনও মারাত্মক হয়নি। তবে করোনা ভাইরাস মোকাবেলায় দেশটি যথাযথ প্রস্তুতি নিয়ে রেখেছে। শুক্রবার এমনটাই জানিয়েছেন সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লং।
বৃহস্পতিবারই করোনা ভাইরাসে আক্রান্ত প্রথম রোগীর বিষয় নিশ্চিত করে সিঙ্গাপুরে। এরপর শুক্রবার চিনা নববর্ষ উপলক্ষ্যে নববর্ষের ভাষণে এবিষয়ে উদ্বেগ প্রকাশ করেন সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লং উ তবে এই ভাইরাসের কারনে সিঙ্গাপুরের পরিস্থিতি এখনও মারাত্মক হয়নি বলে উল্লেখ করে তিনি জানান, ২০০৩ সালে সার্স ভাইরাসের মত মারাত্মক পরিস্থিতি সিঙ্গাপুরে তৈরি হয়নি। তবে করোনা ভাইরাস মোকাবেলায় দেশটি যথাযথ প্রস্তুতি নিয়ে রেখেছে।
চিনের পূর্বাঞ্চলের হুবেই প্রদেশের উহানে প্রথম সংক্রমিত হওয়া করোনা ভাইরাস ইতিমধ্যেই দেশটির অন্য অঞ্চল ছাড়াও থাইল্যান্ড, তাইওয়ান, সিঙ্গাপুর, জাপান, কোরিয়াসহ পাশের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ছে। করোনা ভাইরাসের আক্রমণে চিনে এ পর্যন্ত অন্তত ৮৩০ জন আক্রান্ত হয়েছেন। এছাড়া ভাইরাস সংক্রমণে

ছয়ের পাতায়



শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত একক চিত্র প্রদর্শনী নিয়ে সাংবাদিক সম্মেলনে উদ্যোক্তারা। ছবি- নিজস্ব।

# মাদ্রাসা পরীক্ষাকে মাধ্যমিকের স্বীকৃতি দেওয়ায় সন্তোষ প্রকাশ আমসা-ব

করিমগঞ্জ (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : অসমে মাদ্রাসা পরীক্ষাকে মাধ্যমিকের স্বীকৃতি দেওয়ায় সন্তোষ প্রকাশ করেছে সারা অসম মাদ্রাসা ছাত্র সংস্থা সংক্ষেপে আমসা। মূলত, অসমের মাদ্রাসা শিক্ষা পরিষদ মাদ্রাসা শিক্ষাকে আধুনিকীকরণের লক্ষ্যে ২০১৯ সালে মাদ্রাসা সিলেবাসে অমূল পরিবর্তন নিয়ে এসেছিল। নতুন সিলেবাস বলবতের ফলে মাধ্যমিকের বিষয়বস্তুগুলি মাদ্রাসা ইন্টারমিডিয়েট পরীক্ষার দু বছর আগে অর্থাৎ সিনিয়র দ্বিতীয় বর্ষে দাখিল নামে একটি পরীক্ষা চালু করে অন্তর্ভুক্ত করা হয়। আসাম শিক্ষা পরিষদ সেবা ১৮ জানুয়ারি এসইবিএ/এবি/আদার বোর্ড অ্যান্ড ইনস্টিটিউশন ১১ (পিটিশন) ৩২১ নম্বরের এক আদেশে মাদ্রাসা শিক্ষা পরিষদের অন্তর্গত মাদ্রাসা দাখিল পরীক্ষাকে মাধ্যমিকের সমতুল্য বলে ঘোষণা করে।

উল্লেখ্য, বিগত দিনে মাদ্রাসা ফাইনাল পরীক্ষাকে মাধ্যমিকের সমতুল্য বলে বিবেচনা করা হত। শিক্ষা বিভাগের এই সিদ্ধান্তে মাদ্রাসার ছাত্রদের আরও উচ্চ শিক্ষা অর্জনের পথ প্রশস্ত হয়েছে বলে মনে করে আমসা। করিমগঞ্জ জেলা আমসা সভাপতি মওলানা মণির উদ্দিন আহমেদ অসম মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সেবা)-এর এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মাদ্রাসা ছাত্রদের ভবিষ্যত আরও উজ্জ্বল হবে এবং ইসলামিক শিক্ষার পাশাপাশি মাদ্রাসার ছাত্ররা সাধারণ জ্ঞান অর্জন করতে পারবে বলে আশা ব্যক্ত করেছেন। জেলা আমসা সভাপতি মওলানা মণির উদ্দিন আহমেদ সেবা-র সকল কর্মকর্তা-সহ মাদ্রাসা বোর্ডের সর্বকালের সেরা চেয়ারম্যান ইমরান হোসেনকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন। সেই সঙ্গে অসমের শিক্ষামন্ত্রী, মাদ্রাসা বোর্ডের সচিব কবির আহমেদ, সেবা-র চেয়ারম্যান আরসি জৈন এবং সেবা-র ডিরেক্টর পি জিদুং-সহ বোর্ডের সকল কর্মকর্তা এবং মাদ্রাসা শিক্ষা পর্ষদের সমূহ কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়েছেন সারা অসম মাদ্রাসা ছাত্র সংস্থার কেন্দ্রীয় সভাপতি মওলানা ওয়াহিদুজ্জামান, সাধারণ সম্পাদক মওলানা আনোয়ার হুসেন, সহ-সভাপতি সহিদ আহমেদ মজুমদার এবং জেলা আমসা-র সাধারণ সম্পাদক হাফিজ ইকরামা মঞ্জুর চৌধুরী, সহ-সভাপতি মওলানা ইমরান হোসেন, সম্পাদক আরিফ উদ্দিন, বদরপুর ব্লক আমসা-র সভাপতি মোজাক্কির হোসেন-সহ অন্যরা।

# বরাক উপত্যাকার কৃষকদের ধান কিনবে কাছাড় এফসিআই

করিমগঞ্জ (অসম), ২৪ জানুয়ারি (হি.স.) : বরাক উপত্যকার কৃষকদের উৎপাদিত ধান কিনবে ভারতীয় খাদ্য নিগম (এফসিআই)-এর কাছাড় জেলা কার্যালয় কর্তপক্ষ। ক্রয় করা ধান নিগমের বদরপুরঘাট খাদ্য সংরক্ষণ ভাড়ার কেন্দ্রে রাখা হবে। রামকৃষ্ণনগর কৃষি মহকুমার সহকারী কৃষি পরিদর্শক নৃপেশ দাস এই খবর জানিয়ে বলেছেন, ভারত সরকার কর্তৃক নির্ধারিত মূল্য ও গুণগত মানদণ্ড সাপেক্ষে ধান সংগ্রহ অভিযান শুরু হয়েছে। নিজের উৎপাদিত ধান বিক্রি করতে ইচ্ছুক কৃষকদের সংশ্লিষ্ট জেলাশাসক অথবা তাঁর অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র বা কৃষক প্রমাণপত্র সঙ্গে নিয়ে আসতে হবে। ধানের মূল্য নির্ধারণ করে বলা হয়েছে, মোটা ধান প্রতি কুইন্টাল ১,৮১৫ টাকা দরে নির্ধারণ করা হয়েছে।

## প্রয়াত

● প্রথম পাতার পর

দেন। ২০০৯ সালে অবসরে যান। অবসরকালে তিনি রাজ্যের বিভিন্ন সংবাদপত্রে কাজ করেছেন।


প্রবীণ সাংবাদিক প্রদীপ দত্ত চৌধুরীর প্রয়াণে ত্রিপুরাও ওয়ার্কিং জার্নালিস্টস এসোসিয়েশন গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

## উন্নয়নের

● প্রথম পাতার পর

তিনি জানান, ত্রিপুরায় ২০১৯-২০ অর্থ বছরে ২০ কোটি ৫৪ লক্ষ টাকার বানিজ্য হয়েছে। তাতে স্পষ্ট, বানিজ্যে শ্রীবৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা রয়েছে ত্রিপুরায়। ওই পোর্টাল সারা দেশ তথা বহির্বিশ্বের কাছে ত্রিপুরার দ্বার উন্মুক্ত করে দেবে। মূলত, সরকারি ক্রয়ের ক্ষেত্রে জেইএম গুরুত্বপূর্ন ভূমিকা নেবে, আশা প্রকাশ করে বলেন তিনি।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# মহারাষ্ট্র : থাণে শহরে মোটরবাইক-ট্রাকের সংঘর্ষ, মৃত্যু দু'জন যুবকের

থাণে (মহারাষ্ট্র), ২৪ জানুয়ারি (হি.স.): বেপরোয়া গতিতে মোটরবাইক চালানোর পরিণতি যে কতটা ভয়াবহ হতে পারে, আবারও তা প্রমাণিত হলঊ মহারাষ্ট্রের থাণে শহরে মোটরবাইক ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারালেন দু'জন যুবকঊ বৃহস্পতিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে থাণে শহরের নৌপাড়া থানার অন্তর্গত তীন হাথ নাকা জংশনেঊ নিহত দু'জন যুবকের নাম-প্রতীক অবিনাশ (২৩) এবং প্রশান্ত ঘাটগে (২২)ঊ প্রতীক ও প্রশান্তের বাড়ি মুলুন্দেঊ ঘাতক ট্রাকের চালককে গ্রেফতার করেছে পুলিশঊ

শুক্রবার সকালে নৌপাড়া থানার পদস্থ এক পুলিশ কর্তা জানিয়েছেন, বৃহস্পতিবার রাত ৯.৪৫ মিনিট নাগাদ থাণে শহরের নৌপাড়া থানার অন্তর্গত তীন হাথ নাকা জংশনে মোটরবাইক ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়ঊ মোটরবাইক চালাচ্ছিলেন প্রতীক, পিছনে বসেছিলেন প্রশান্তঊ থাণে মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর দুর্যোগ ব্যবস্থাপনা সেল-এর প্রধান সন্তোষ কদম জানিয়েছেন, মুখোমুখি সংঘর্ষের জেরে দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় প্রতীকেরঊ হাসপাতালে চিকিতাধীন অবস্থায় মৃত্যু হয় প্রশান্তেরঊ ঘাতক ট্রাকের চালককে গ্রেফতার করা হয়েছেঊ ধৃতের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি এবং মোটর ভেহিকেলস আইনে মামলা রুজু করা হয়েছেঊ

শুধুমাত্র ওয়াইফাই নয়, দিল্লিতে ব্যাটারি চার্জিংও বিনামূল্যে : অরবিন্দ কেজরিওয়াল

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): ভোটের দিন এগিয়ে আসতেই বাড়ছে সংঘাতঊ চলছে বাকযুদ্ধঊ বৃহস্পতিবার দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (আপ)-র সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়ালকে খোঁচা দিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছিলেন, 'কেজরিওয়াল জি আপনি বলেছিলেন সমগ্র দিল্লিতেই বিনামূল্যে ওয়াইফাই পরিষেবা প্রদান করবেনঊ আমি রাস্তায় ওয়াইফাই খুঁজতে খুঁজতে আসছিলাম, ব্যাটারির চার্জ শেষ হয়ে গিয়েছে কিন্তু ওয়াইফাই খুঁজে পাইনিঊ' অমিত শাহের এই বক্তব্যের পাল্টা প্রতিক্রিয়া দিতে খুব বেশি সময় নেননি আপ সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়ালঊ

শুক্রবার সকালে নিজের টুইটার হ্যান্ডেলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে কটাক্ষ করে অরবিন্দ কেজরিওয়াল লিখেছেন, 'স্যার, বিনামূল্যে ওয়াইফাই-এর পাশাপাশি বিনামূল্যে চার্জিংয়েরও ব্যবস্থা করেছি আমরাঊ' কেজরিওয়াল আরও লিখেছেন, 'দিল্লিতে ২০০ ইউনিট বিদ্যুৎ বিনামূল্যেহ

# তামিলনাড়ুতে পেরিয়ারের মূর্তি ভাঙচুর, তীব্র নিন্দা এম কে স্ট্যালিনের

চেন্নাই, ২৪ জানুয়ারি (হি.স.): ফের শুরু মূর্তি ভাঙচুরের উন্মাদ খেলাঊ দক্ষিণ ভারতে আবারও ভাঙচুর করা হল দ্রাবিড় আন্দোলনের পুরোধা ই ভি রামাস্বামী (পেরিয়ার)-র মূর্তিঊ বৃহস্পতিবার রাতে অথবা শুক্রবার ভোররাতে তামিলনাড়ুর কাঞ্চীপুরম জেলায় ভেঙে ফেলা হয় দ্রাবিড় আন্দোলনের প্রাণপুরুষ পেরিয়ারের মূর্তিঊ কাঞ্চীপুরম জেলার সালাভাক্কামের চেঙ্গালপাত্তুতে পেরিয়ারে মূর্তি ভাঙচুর করা হয়ঊ পেরিয়ারের মূর্তির ডান হাত এবং মাথা ভেঙে ফেলা হয়েছেঊ স্থানীয় পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছেঊ

পেরিয়ারের মূর্তি ভাঙচুরের তীব্র নিন্দা করেছে বিভিন্ন রাজনৈতিক দলঊ পেরিয়ারের মূর্তি ভাঙচুরের নিন্দা করে ডিএমকে সভাপতি এম কে স্ট্যালিন বলেছেন, 'অত্যন্ত নিন্দনীয় ঘটনাঊ রাজ্য সরকারের উচিত দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়াঊ' পেরিয়ার সম্পর্কে বেফাঁস মন্তব্য করায় এমনিতেই অস্বস্তিতে রয়েছে তামিল সুপারস্টার রজনীকান্ত।

## রাস্তা জুড়ে অবস্থান

পাচের পাতার পর

২৮ জনের মৃত্যু হয়েছে।

উল্লেখ্য, এ ভাইরাস মানুষের ও প্রাণীদের ফুসফুস সংক্রমণ করতে পারে। ভাইরাসজনিত ঠাণ্ডা বা ফ্লু'র মতো হাঁচি-কাশির মাধ্যমে মানুষ থেকে মানুষে ছড়িয়ে পড়ছে করোনা ভাইরাস। এ ভাইরাসে সংক্রমিত হওয়ার প্রধান লক্ষণগুলো হল শ্বাসকষ্ট, জ্বর, কাশি, নিউমোনিয়া ইত্যাদি। শরীরের এক বা একাধিক অঙ্গ-প্রত্যঙ্গ নিষ্ক্রিয় হয়ে আক্রান্ত ব্যক্তির মৃত্যু হতে পারে।সবচেয়ে আতঙ্কের বিষয় হল ভাইরাসটি নতুন হওয়ায় এখনো কোনো প্রতিষেধক আবিষ্কার হয়নি।

## মেডিক্যাল কলেজ

পাচের পাতার পর

সিং-র হাতের তালু ঊ ক্ষতবিক্ষত হয়ে যায় বাঁ হাতের তালুঊ গত ১৪ জানুয়ারি, কলকাতা মেডিকেল কলেজে ভর্তি করা হয় বছর ২৩-এর সৌরভ কুমার সিংকেঊ দুটো অস্ত্রোপচার করা হয়ঊ বাঁ পায়ের পাতা থেকে চামড়া তুলে এনে সৌরভের বাঁ হাতে প্রতিস্থাপন করা হয়ঊ এতদিন পর সৌরভের বাঁ হাতের ড্রেসিং খুলে দেখা যায় আগের অবস্থায় ফিরে এসেছে সৌরভের বাঁ-হাতঊ আগামী কিছুদিন তাকে হাসপাতালে থেকেই ফিজিওথেরাপি করতে হবে

## চাঞ্চল্য এলাকায়

পাচের পাতার পর

এবং ধারালো অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। নিহতদের নাম—পরিচয় এখনও জানা যায়নি। প্রাথমিক তদন্তে কুলতলি ও বারুইপুর জেলা পুলিশের অনুমান খুন করা হয়েছে দুই মহিলাকে।

দক্ষিণ ২৪ পরগনার কুলতলির মেরিগঞ্জে ইটভাটার পাশ দিয়ে কাজ সেরে বৃহস্পতিবার রাতে শ্রমিকরা বাড়ি ফিরছিলেন। সেই সময় তাঁরা দেখতে পান রাস্তায় উপুড় হয়ে পড়ে রয়েছেন এক মহিলা। কাছে গিয়ে স্থানীয়রা বুঝতে পারেন তিনি আর বেঁচে নেই। খবর দেওয়া হয় পুলিশকে। কুলতলি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। এই ঘটনার রেশ কাটতে না কাটতেই শুক্রবার সকালে মেরিগঞ্জ থেকে মাত্র ১০০ মিটার দূরে পিয়ালি নদীর চরে আরও এক মহিলার ক্ষতবিক্ষত দেহ পড়ে থাকতে দেখেন মৎস্যজীবীরা। খবর দেওয়া হয় কুলতলি থানা এবং বারুইপুর জেলা পুলিশকে। ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠানোর বন্দোবস্ত করা হয়েছে। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, খুনই করা হয়েছে তাঁদের।

## বলেছে বিজেপি

তিনের পাতার পর

কৃপানাথ মালাহ, এআইডিসি চেয়ারম্যান মিশন রঞ্জন দাস, পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল, রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকার, প্রদেশ বিজেপির উপ-সভাপতি বিশ্বরূপ ভট্টাচার্য, বরাক বিজেপি-র সাংগঠনিক সম্পাদক নিত্যভূষণ দে, করিমগঞ্জের দলীয় প্রভারী রুপম সাহা প্রমুখ। আজকের সাংবাদিক সম্মেলনে সুব্রত ভট্টাচর্যের সঙ্গে উপস্থিত ছিলেন সঞ্জীব বণিক, রবীন্দ্র দেব, প্রমথেশ দে, দিলীপ দাস, কিশোর দে, নির্মল বণিক প্রমুখ।

## আরও ৪ জন

তিনের পাতার পর

কেন এনডিআরএফ টিমকে সময় মত ডাকা হল না তা নিয়েও উঠেছে প্রশ্ন।

কালিম্পং জেলা পুলিশ জানিয়েছে, ওই গাড়িটি সিকিমের তাদঙ থানার বাইপাস এলাকার বাসিন্দা চন্দন রাই-য়ের । আজ দুর্ঘটনার সময় গাড়িতে ছিলেন চন্দনবাবু ও তাঁর স্ত্রী তুলসি রাই এবং তাঁদের ছেলে সরগম( ১৯ ) মেয়ে সাক্ষী( ১৪) । তাঁদের সঙ্গে ছিলেন গাড়ির চালক ।

তিস্তা পুলিশ চেকপোস্টের ওসি লাকপা ভুটিয়া বলেন, 'এক কিশোরীর দেহ উদ্ধার হয়েছে। বাকিদের খোঁজে তিস্তায় তল্লাশি চলছে।' কিন্তু সন্ধ্যা পর্যন্ত আর কারও দেহ উদ্ধার করা যায়নি। খোঁজ মেলেনি গাড়িটিরও।

# ১০ শয্যা বিশিষ্ট মনুঘাট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নবনির্মিত পাকা বাড়ির দ্বারোদঘাটন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ এক অনুষ্ঠানের মাধ্যমে ১০ শয্যা বিশিষ্ট মনুঘাট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নবনির্মিত পাকা বাড়ির দ্বারোদঘাটন করেন। ফিতা কেটে এবং ফলক উন্মোচন করে তিনি মনুঘাট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের দ্বার জনগণের জন্য উন্মক্ত করেন। দ্বারোদঘাটন সমাবেশে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব স্বাস্থ্যক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরে বলেন, স্বাস্থ্য দপ্তরকে ঢেলে সাজানো হচ্ছে জনকল্যাণে। তিনি বলেন, ত্রিপুরাতে ক্যানসার ইনস্টিটিউট হবে কেউ কল্পনাও করতে পারেনি। জিবি হাসপাতালে নিউরো সার্জেন আসবেন, সার্জারি হবে, ১৫০ জনের বেইন টিউমার অপারেশন হবে কেউ ভাবেননি। এটাই হচ্ছে পরিবর্তন। ত্রিপুরাতে ১১০ জন নুতন ডাক্তার সরকারি চিকিৎসা পরিষেবায় নেওয়া হয়েছে। পি জি এবং এম বি বি এস কোর্সে আসন সংখা বৃদ্ধি করা হচ্ছে। খুমুলুঙে এইমসের মতো অত্যাধুনিক হাসপাতাল নির্মাণের জন্য কেন্দ্রের কাছে আর্জি জানানো হয়েছে। মনুঘাটে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ত্রিপুরার ১১৫তম স্বাস্থ্য কেন্দ্র। হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদিক ডাক্তারগণকেও গ্রামের হাসপাতালে পাঠানো হয়েছে যাতে করে গ্রামীণ এলাকার মানুষ স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেতে পারেন।

সমাবেশে মুখ্যমন্ত্রী বলেন, আগে সামান্য জর হলেও মহকুমা হাসপাতালগুলি থেকে রুগীদের সদর রেফারেল হাসপাতালে রেফার করা হতো। এখন তা অনেক কমেছে। বর্তমান সরকার পি জি এবং এম বি বি এস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। তাই ডাক্তারদের জন্য নতুন পলিসি তৈরি করে তাদের মানুষের কল্যাণে গ্রামেগঞ্জের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পাঠানো হচ্ছে। সামান্য প্রাথমিক চিকিৎসা করার জন্যও আগে গ্রামে ডাক্তার ছিল না। এখন গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রগুলিতে চিকিৎসক দেওয়া হচ্ছে। স্বাস্থ্য দপ্তরকে ঢেলে সাজানো হচ্ছে। পরিষেবায় স্বচ্ছতা আনা হচ্ছে। আয়ুমান ভারত সাধারণ মানুষের চিকিৎসায় হচ্ছে সবচেয়ে বড় যোজনা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে যে সরকার চলছে সে সরকার ত্রিপুরাতে ২০ লক্ষ ৫৫ হাজার পরিবারকে আয়ুমান ভারতের কার্ড দেওয়ার লক্ষ্যমাত্রা হাতে নিয়েছে। তার মধ্যে এখন পর্যন্ত পৌনে নয় লক্ষ মানুষের হাতে আয়ুমান ভারতের কার্ড তুলে দেওয়া হয়েছে। যারা বাদ পড়েছে অথচ গরীব, তাদের মধ্যে আয়ুমান ত্রিপুরা নামে প্রকল্প রচনা করে ৩ লক্ষ ৫৬ হাজার ই-কার্ড গরীব মানুষের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। প্রতিটি বাড়িতে অটল জলধারা প্রকল্পে পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে ৭০০ কোটি টাকা কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রনালয়ের মাধ্যমে মঞ্জুর করা হয়েছে। এটাই এই সরকারের সাফল্য। সরকার উন্নয়নের দিশায় কাজ করছে। একাজে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান মুখ্যমন্ত্রী। চোখের ছানি মুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে সকল চক্ষুরোগীদের বিনামূল্যে চশমা দেওয়া হবে বলে জানান তিনি।

মুখ্যমন্ত্রী মনুঘাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চক্ষুরোগীদের এবং যক্ষারোগীদের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা ইতিমধ্যে স্বাস্থ্য দপ্তর থেকে চিকিৎসার সুযোগলাভ করেছেন। মুখ্যমন্ত্রী নির্মিয়মান ফেনী সেতুর কাজ পর্যবেক্ষণ করেন। দ্বারোদঘাটন অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক শঙ্কর রায়। স্বাগত ভাষণ দেন দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. শঙ্কর দাস। এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব ডা. দেবাশিষ বসু, দক্ষিণ জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাতচাঁদ প'ায়েত সমিতির চেয়ারম্যান অনিল চন্দ্র ত্রিপুরা। ৩ কোটি ৮৫ লক্ষ টাকা ব্যয়ে ১০ শয্যা বিশিষ্ট মনুঘাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয়।

## শুভেচ্ছা

● প্রথম পাতার পর

পরায়নতা, স্বাধীনতা, সমানাধিকার এবং সৌভ্রাতৃত্ব সুনিশ্চিত করতে ভারত একটি সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্রে পরিণত হয়। পরবর্তীকালে ৪২তম সংবিধান সংশোধনের মাধ্যমে আমরা ধর্মনিরপেক্ষ সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়েছি। আসুন আমরা সবাই স্বাধীনতা সংগ্রামী এবং স্বাধীনতার লড়াইয়ে সামিল নাম না জানা হাজার হাজার মানুষ যারা বীরের মতো আত্মবলিদান করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করি। ভারতের সংবিধানের রচয়িতা যারা কঠিন সময়ে দেশকে পথ দেখিয়েছেন তাদের প্রতিও গভীর শ্রদ্ধা নিবেদন করছি। নিষ্ঠা ও একাগ্রতার সঙ্গে যেসব সশস্ত্র সেনা, পুলিশ এবং আধা সামরিক বাহিনী আমাদের দেশের স্থলসীমা, জল এবং অভ্যন্তরীন নিরাপত্তায় নিয়োজিত আছেন তাদের প্রতিও আমি বিশেষ শ্রদ্ধা জানাচ্ছি।

আমাদের ঐতিহ্যে অসহিষ্ণুতা এবং হিংসার কোন স্থান নেই। আমাদের দেশ ধর্মনিরপেক্ষ এবং নাগরিকদের ভাষা, ধর্ম, বর্ণ, লিঙ্গে কোন বৈষম্য করেনা। শান্তি এবং সৌভ্রাত'ত্ব রাজ্যের অতি প্রয়োজনীয় বৈশিষ্ট। বর্তমানে গ্রামীণ ত্রিপুরা উন্মক্ত স্থানে শৌচমুক্ত ঘোষিত হয়েছে। এটা শুধু ক্ষমতা নয়, স্বচ্ছ ভারত অভিযানের সাফল্যেরও উৎস। এতে জনগণ স্বেচ্ছায় অংশ নিয়েছেন। স্ব-উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযান জীবন রক্ষা এবং জীবনমান উন্নয়নেও কাজ করবে। দেশের প্রতিটি অংশের উন্নয়নের উপর দেশের উন্নয়ন নির্ভর করবে। উত্তর-পূর্বাঞ্চলের উন্নতি ছাড়া দেশের উন্নতি হবেনা। এ কারণেই কেন্দ্রীয় সরকার এই অঞ্চলের দ্রত উন্নয়নে বিশেষ গুরুত্ব দিচ্ছে। এই বিশেষ দিনে আমাদের রাজ্যকে উজল, সমৃদ্ধশালী, উন্নত মডেল রাজ্য তৈরি করার জন্য হাতে হাত মিলিয়ে কাজ করতে হবে'।

এদিকে, মহান প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্রের নাগরিক আমরা। দেশকে অখণ্ড, শক্তিশালী এবং সুদৃঢ় রাখতে নাগরিক হিসেবে আমাদের সংবিধানের প্রতি আনুগত্য ও শ্রদ্ধাশীল থাকা আবশ্যক। সবার সাথে, সবার বিকাশের লক্ষ্যে নিজেদেরকে যুক্ত করে গণতন্ত্রকে মজবুত করা এবং শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যেই হোক প্রজাতন্ত্র দিবসের অঙ্গীকার।

দেশের একতা, অখণ্ডতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য যারা নিজেদেরকে উৎসর্গ করেছেন আমি তাদের প্রতি বিনম শ্রদ্ধা নিবেদন করছি।'

## অভিযোগ শমীক ভট্টাচার্যর

আটের পাতার পর

সেটাকে বাতিল করতে পারে। কিন্তু তার আগে পশ্চিমবঙ্গের মত রাজনৈতিক সচেতন রাজ্যে যে তামাসা চলছে তা হাস্যকর। যুক্তরাষ্ট্র পরিকাঠামো মধ্যে কেন্দ্র যদি কোনও আইন পাশ করে তা লাগু করতেই হবেঊ সেটা এই রাজ্যের মুখ্যমন্ত্রীকেও মানতে হবে। মুখ্যমন্ত্রী-সহ বিরোধীরা এনআরসি, সিএএ নিয়ে অহেতুক বিতর্ক ছড়াচ্ছে। তাতে মানুষ বিভ্রান্ত হচ্ছে।

## মিমি চক্রবর্তী

আটের পাতার পর

"এখনও চুল নিয়ে পড়ে রয়েছে?" জবাবে মিমি বলছেন, "আমি এখন জনপ্রতিনিধি। তাই তার যোগ্য সিরিয়াস হেয়ারস্টাইল।'

এই নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। বেসরকারি বিজ্ঞাপনে কিভাবে নিজের জনপ্রতিনিধিত্বের কথা উল্লেখ করলেন মিমি।

মিমি অবশ্য জানিয়েছেন, তাঁর অজ্ঞতার কারণেই বিষয়টি হয়েছে। আইন মহলের ব্যাখ্যা, যেভাবে তিনি নিজের সাংসদ পদ জাহির করে বিজ্ঞাপনে অভিনয় করেছেন, তাতে কেউ মামলা করলে তাঁর জনপ্রতিনিধিত্ব হারানোর আশঙ্কা রয়েছে। আইনি পথে গিয়ে কেউ মিমিকে চ্যালেঞ্জের মুখে ফেলতে পারেন। তবে, তাঁর দল তৃণমূল কংগ্রেস অবশ্য মিমি চক্রবর্তীর এই বিজ্ঞাপন প্রসঙ্গে এখনও কোনও প্রতিক্রিয়া জানায়নি।

## অবস্থান

আটের পাতার পর

প্রতিবাদকারীদের কারুর হাতে জাতীয় পতাকা আবার কারুর হাতে ব্যানার কারুরু হাতে পোস্টার ঊ পোস্টার-প্ল্যাকার্ডকে ছাপিয়ে গেছে জাতীয় পতাকা ঊ মুখে রয়েছে স্লোগানঊ কেউ এসেছেন সদ্য হাঁটতে শেখা সন্তানের হাত ধরে কেউবা কোলে শিশু নিয়ে ঊ চলছে নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে স্লোগান, ধর্মের ভিত্তিতে দেশ ভাগ না করতে দেওয়ার জন্য গান, কবিতা, বক্তৃতা ঊ পার্ক সার্কাসে এক আকাশের নীচেই একসঙ্গে উচ্চারিত হচ্ছে গীতা, কোরান, বাইবেলঊ প্রতিবাদী মায়ের পাশে বসে ছবি আঁকছে খুদেরাঊ স্লোগান তুলছে শিশুরাও

## তোড়জোড় তুঙ্গে

আটের পাতার পর

মেট্রো রুট হয়ে যাবে কবি সুভাষ থেকে একেবারে দক্ষিণেশ্বর পর্যন্ত ঊ নোয়াপাড়া থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত বর্ধিত রুটে দুটি স্টেশন হবে ঊ একটি বরাহনগর ও অন্যটি দক্ষিণেশ্বর ঊ

মেট্রো চালুর সময়সীমা না জানালেও, ৩০ জনের পরিদর্শক দল কাজের গতি দেখে মনে করছেন দ্রুত সম্ভব এই পরিষেবা চালু করতে চাইছে মেট্রো কর্তৃপক্ষ ঊ মেট্রো রেলের কর্তৃপক্ষের তরফেও জানানো হয়েছে আর দেরি নেই দক্ষিণেশ্বর মেট্রো চালু হতে ঊ

উল্লেখ্য,দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো পরিষেবা চালু হলে হুগলি ও হাওড়ার একটা বড় অংশের মানুষ যাঁরা নিয়মিত উত্তর, দক্ষিণ কলকাতায় যায় তাঁদের সমস্যার অনেক সমাধান হবে ঊ কারন এখন মেট্রো ধরতে গেলে ডানলপ হয়ে নোয়াপাড়া পৌঁছতে হয় তবে তারা মেট্রো পায়

## আইপিএফটি

● প্রথম পাতার পর

কথা থাকলেও কোন কাজ আজ না করে পুরো টাকাই হাফিজ করে দিয়েছে লিটন দেবনাথ।

তাঁর অভিযোগ, দিনের পর দিন ফরেস্টার লিটন দেবনাথ কোটি কোটি টাকার কেলেঙ্কারি করছেন। এছাড়াও, চন্ডীপুর ব্লকের অধীনে সমস্ত এডিসি এলাকাতে ২০১৫ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত জঙ্গল কাটার নামে কোন কাজ না করেই সাড়ে তিন কোটি টাকা হাফিজ করেছেন। জয় কিশানের দাবি, ফরেস্টার লিটন দেবনাথের সাথে দপ্তরের একাংশ অফিসার যুক্ত রয়েছেন।

প্রসঙ্গত, চলতি গত পাঁচ জানুয়ারি লিটন দেবনাথকে কৈলাসহর থেকে পানিসাগর বদলী করেছিল বন দপ্তর। কিন্তু, তার এতোই প্রভাব যে, কুড়ি জানুয়ারি সেই বদলীর আদেশ স্থগিত করে দেন। তাই, যত দিন পর্যন্ত তাদের দাবি মানা হবে না ততোদিন পর্যন্ত মহকুমা বন দপ্তরের অফিস তালাবন্দি রেখে ঘেরাও চলবে বলে জানান। প্রায় চার ঘন্টা বিক্ষোভ চলার পর ঘটনা স্থলে কৈলাসহরের মহকুমা শাসক ডা: বিশাল কুমার এসে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে দাবিগুলির প্রতি সহমত পোষণ করেন দশদিনের সময় চেয়ে মহকুমা শাসক বলেন, খুব শীঘ্রই লিটন দেবনাথের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। দপ্তরের সঙ্গে কথা বলে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস পাবার পর বিক্ষোভ প্রত্যাহার করেন আইপিএফটি কর্মীরা।

## আশঙ্কা

● প্রথম পাতার পর

বৃহস্পতিবার রাত সাড়ে এগারোটা নাগাদ এক পথিকের নজরে পড়ে সড়কের পাশের বিশেষ অনুষ্টানের জন্য নির্মিয়মান এক বাঁশের গেটের মধ্যে গলায় পাটের সুঁতলি বেঁধে এক যুবকের দেহ ঝুলছে।তিনি বিষয়টি তড়িঘড়ি স্থানীয় বিশিষ্ট জনগনকে অবগত করালে মাঠে নামেন তারা।পরে খবর দেওয়া হয় পুলিশে।খবর পেয়ে মুহুত্বের মধ্যে পাতারকান্দি থানার ওসি ঘনকান্ত ভূঁইয়া দলবল নিয়ে তদন্তে নেমে প্রাথমিক তদন্তের পর কোনও ক্লু না পেয়ে পরে খবর দেন করিমগঞ্জ জেলা প্রশাসনকে।এমন খবর পেয়ে রাতেই অকুস্থলে ছুটে আসেন সদর ডিএসপি।উক্ত রাতেই মৃতদেহ উদ্ধার করে প্রশাসন।এ সংবাদ লেখা পর্য্যন্ত পুলিশি তদন্ত অব্যাহত থাকলেও এ কান্ডের রহস্য জট প্রকাশ্য বেরিয়ে আসার খবর নেই।

জানা গেছে মৃত অবিবাহিত যুবকের নাম কুন্দন রাজভর( ২৫ )পিতার নাম বিক্রম রাজভর।বাড়ি স্থানীয় পুতনি যোলফুট এলাকায়।উল্লেখ্য যে মৃত যুবকটি গত কয়মাস ধরে পাথারকান্দির এক মৃতশিল্পালয়ে প্রতিমার রংয়ের কাজ করত বলে জানা গেছে।এ ঘটনায় এলাকা জুড়ে চাঞ্চল্য বিরাজ করছে।তবে ময়না তদন্তের রিপোর্ট হাতে আসার পরই আসল রহস্য উন্মোচন হবে।পাশাপাশি পাতারকান্দি থানার পুলিশ পাশের পেট্রল পাম্পে থাকা সিসি ক্যামেরাও ফুটেজও খতিয়ে দেখছে।

## প্রত্যক্ষ

● প্রথম পাতার পর

অর্থবর্ষে যাদি বা ১১.৫ লক্ষ কোটি কর আদায় হয়েছিল। এ বার তার ধারেকাছেও পৌঁছনো সম্ভব নয়।

প্রত্যক্ষ কর আদায়ে এমন পতন এই প্রথম বলে জানিয়েছেন তাঁরা। তবে অর্থনীতির এই ঝিমুনি দীর্ঘদিন স্থায়ী হবে না বলে মত আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার (আইএমএফ)-এ প্রধান ক্রিস্তালিনা জর্জিয়েভার। শুক্রবার সুইৎজারল্যান্ডের দাভোসে আয়োজিত ওয়ার্ল ইকনমিক ফোরাম ২০২০-র মঞ্চ থেকে তিনি বলেন, "ভারতের মতো সুবিশাল বাজার খানিকটা নিম্নমুখী হয়েছে বটে, গোটা বিশ্বে তার প্রভাব পড়েছে। তবে এটা স্থায়ী হবে না বলেই বিশ্বাস আমাদের। খুব তাড়াতাড়ি এই পরিস্থিতি থেকে তারা বেরিয়ে আসতে পারবেবলে আশাকরি।"

## মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

ভাবনায় দেশকে এগিয়ে নিয়ে চলেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীও সংসদে আওয়াজ তুলেছেন পাক অধিকৃত কাশ্মীরও আমাদের চাই।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন, ১৯তম বার্ষিক সম্মেলনের চেয়ারপার্সন অনুষ্ঠানের সভাপতি ডা. মানিক সাহা, দেশের বিশিষ্ট সার্জন ডা. এস এম বালাজী। স্বাগত বক্তব্য রাখেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন ডিরেক্টর ডা. এস এন চৌধুরী। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন ডা. ভাস্কর রায় বিশ্বাস। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সম্মেলন উপলক্ষ্যে প্রকাশিত একটি মরনিকার আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে জাতীয় স্বাস্থ্য মিশনের ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রাম সেল ত্রিপুরার দন্ত চিকিৎসকদের প্রশিক্ষণের আয়োজন করে।

## উদ্ধার

● প্রথম পাতার পর

সকালে ঘটনাস্থলে তদন্তের জন্য আসেন জেলা অতিরিক্ত পুলিশ সুপার সহ মোহনপুর মহকুমা পুলিশ আধিকারিক। পুলিশ সূত্রে খবর মৃত দুই ভাইয়ের নাম সুমন দেব, বয়স ২৭ বছর এবং সৌরভ দেব, বয়স ২৩ বছর। তাদের বাড়ি মোহনপুর মহকুমার জগতপুর এলাকায়।

## শান্তিরবাজারে

● প্রথম পাতার পর

সামগ্রী বাজেয়াপ্ত করে নেশা কারবারী স্বপন মালাকারকে আটক করে শান্তিরবাজার থানায় নিয়ে আসে। এই অভিযানে সাফল্যের পর স্বপন মালাকারকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

# ছয় মেরে জেতালেন শ্রেয়াস, অকল্যান্ডে ৬ উইকেটে নিউজিল্যান্ডকে হারাল ভারত

দাপটে সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে জিতল ভারত। অকল্যান্ডের ইডেন পার্কে বিশাল ছয় মেরে জয় ছিনিয়ে আনলেন 'ম্যান অফ দ্যা ম্যাচ'শ্রেয়াস আইয়ার। ছয় বল বাকি থাকতে এল ছয় উইকেটে জয়। পাঁচ ম্যাচের সিরিজে ১-০ এগিয়ে গেল বিরাট কোহালির দল। সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টি রবিবার অকল্যান্ডেই।কলিন মুনরো, কেন উইলিয়ামসন ও রস টেলরের মারমুখী ব্যাটিংয়ে রানের পাহাড়ে চড়েছিল নিউজিল্যান্ড। ২০ ওভারে কিউয়িরা তুলেছিল পাঁচ উইকেটে ২০৩ রান। টি টোয়েন্টি ক্রিকেটে এই রান যথেষ্ট। তার উপরে বিদেশের মাটিতে গিয়ে দুশোর বেশি রান তাড়া করা কঠিনই বলতে হবে। কিন্তু সেটাই সহজে করে দেখাল ভারত (১৯ ওভারে ২০৪-৪)। শ্রেয়াস আইয়ার, লোকেশ রাহুল ও বিরাট কোহালির ব্যাটিংয়ে এক ওভার বাকি থাকতে এল জয়।শুরু্টা অবশ্য ভাল হয়নি। রান তাড়া করতে নেমে ছন্দে থাকা রোহিত শর্মা ৭ রান করেই ফিরে গিয়েছিলেন। মিচেল স্যান্টনারের বলে ঠিকঠাক টাইম করতে পারেননি্স্বইকর। বল উঠে গিয়েছিলশূন্যে। সহজ ক্যাচ ধরেছিলেন রস টেলর। রোহিত ফেরার পর লোকেশ রাহুল ও বিরাট কোহালি টানছিলেন দলকে। দ্বিতীয় উইকেটে দু'জনে যোগ করেছিলেন ৯৯ রান। দুর্দান্ত ছন্দে আসেন রাহুল। সেই ফর্মেই ব্যাট করলেন। ছয় মেরে পঞ্চাশে পৌঁছেছিলেন তিনি। যা এসেছিল মাত্র ২৩ বলে। কিন্তু তার পরই ফিরলেন তিনি। ঈশ সোধিকে ছয় মারতে গিয়ে তুললেন লোপ্পা ক্যাচ। রাহুলের ২৭ বলে ৫৬ রানের ইনিংসে রয়েছে চারটি চার ও তিনটি ছয়।রাহুল ফেরার পর বেশিক্ষণ স্থায়ী হননি কোহালিও। ৩২ বলে ৪৫ করে ফেরেন তিনি। চেজমাস্টার মেজাজেই ছিলেন। মনে হচ্ছিল, ম্যাচ শেষ করেই ফিরবেন। কিন্তু, পঞ্চাশের আগেই ফিরে গিয়েছিলেন। তবে বোলার ব্লেয়ার টিকনার নন, তাঁকে ফেরানোর কৃতিত্ব মার্টিন গাপ্টিলের। সীমানা থেকে দৌড়ে এসে পুরোদস্তুর ঝাঁপিয়ে অবিশ্বাস্য



ক্যাচ নিলেন তিনি। এই ক্যাচই ম্যাচের মোড় ঘুরিয়ে দেবে না তো, আশঙ্কিত হয়ে উঠেছিলেন ভারতীয় সমর্থকরা। কিন্তু শ্রেয়াস-মণীশের অবিচ্ছিন্ন পঞ্চম উইকেটের জুটি চাপ কাটিয়ে দিল।বিরাট ফেরার পর পাঁচে অবশ্য মণীশ নন, এসেছিলেন শিবম দুবে। মারমুখী মেজাজে খেলছিলেন।কিন্তু বেশি ক্ষণ থাকলেন না। নয় বলে ১৩ করে ফিরলেন মারতে গিয়ে। ১৪২ রানে পড়েছিল ভারতের চতুর্থ উইকেট। তার পর জুটি বেঁধেছিলেন শ্রেয়াস আইয়ার (১৬) ও মণীশ পাণ্ডে (৩)। দু'জনে ৩৪ বলে যোগ করলেন ৬২ রান। ২৬ বলে পঞ্চাশে পৌঁছেছিলেন শ্রেয়াস। শেষ পর্যন্ত ২৯ বলে অপরাজিত থাকলেন ৫৮ রানে। যাতে ছিল পাঁচটি চার ও তিনটি ছয়। ছয় মেরে ম্যাচ শেষও করলেন তিনি। আর মণীশ অপরাজিত থাকলেন ১২ বলে ১৪ রানে। শুক্রবার টস হেরে ব্যাট করতে নেমে ঝোড়ো শুরু করেছিল নিউজিল্যান্ড। দুই ওপেনার মার্টিন গাপ্টিল ও কলিন মুনরো মারমার কাটকাট ভঙ্গিতে চালাচ্ছিলেন। দু'জনের দাপটে ২৭ বলে পঞ্চাশে পৌঁছে গিয়েছিল রান। পাওয়ারপ্লে-র ছয় ওভারে বিনা উইকেটে উঠেছিল ৬৮। প্রথম স্পেলে শার্দুল ঠাকুরের দুই ওভারে উঠেছিল ৩০ রান, শামির দুই ওভারে উঠেছিল ২২ রান। রানের গতি কিছুটা থামিয়েছিলেন লেগস্পিনার যুজবেন্দ্র চহাল। প্রথম দুই ওভারে তিনি দিয়েছিলেন মাত্র আট রান।নিউজিল্যান্ড ইনিংসে প্রথম আঘাত হেনেছিলেন অলরাউন্ডার শিবম দুবে। তাঁর প্রথম ওভারে ফিরেছিলেন গাপ্টিল (১৯ বলে ৩০)। ছয় মারতে গিয়েছিলেন তিনি। ডিপ মিড উইকেটে রিলে ক্যাচ নিয়ে তাঁকে ফেরালেন রোহিত শর্মা। প্রথম উইকেটে ৮০ রান যোগ করেছিল নিউজিল্যান্ড।দ্বিতীয় উইকেটে মুনরোর সঙ্গে অধিনায়ক কেন উইলিয়ামসন যোগ করেছিলেন ৩৬ রান। শার্দুল ঠাকুরের দ্বিতীয় স্পেলেযুজবেন্দ্র চহালকে ক্যাচ দিয়ে ফিরেছিলেন তিনি। ৪২ বলে তাঁর ৫৯ রানে ছিল ছয়টি চার ও দুটো ছয়। ১১৬ রানে দ্বিতীয় উইকেট পড়েছিল কিউয়িদের। তৃতীয় উইকেট পড়ল ১১৭ রানে। রবীন্দ্র জাডেজার প্রথম ওভারে ফিরলেন কলিন ডি গ্র্যান্ডহোমি (০)।তাঁর লেগ গ্লান্স জমা হল শিবম দুবের হাতে।চার মেরে হাফ-সেঞ্চুরিতে পৌঁছতে উইলিয়ামসনের লেগেছিল ২৫ বল। বিধ্বংসী মেজাজে খেলছিলেন তিনি। তবে ফিরলেন তার পরই। ২৬ বলে ৫১ রানের ইনিংসে ছিল চারটি চার ও চারটি ছয়। ১৭৮ বলে পড়েছিল চতুর্থ উইকেট। পঞ্চম উইকেট পড়ল ১৮১ রানে। উইকেটকিপার টিম সেইফার্ট (১) মারতে গিয়ে জশপ্রীত বুমরার বলে ক্যাচ দিলেন শ্রেয়াস আইয়ারকে। শেষের দিকে রস টেলর ২৭ বলে বিধ্বংসী মেজাজে ৫৪ রান করেন। তাঁর ইনিংসে ছিল তিনটি চার ও তিনটি ছয়।টস জিতে সফরের শুরু করেছিলেন বিরাট কোহালি। ভারতীয় দল যা পছন্দ করে, সেই রান তাড়ার সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি।শুরুতে নতুনবলে আঘাত হানতে চান, বলেও দিয়েছিলেন। কিন্তু তা হল না। ভারতীয় পেসারদের বিরুদ্ধে আক্রমণাত্মক মেজাজে ব্যাট করবেন গাপ্টিল-মুনরোরা।টি-টোয়েন্টিতে ভারতের বিরুদ্ধে নিউজিল্যান্ডের রেকর্ড দুর্দান্ত। আটবার ভারতকে হারিয়েছে তারা। ভারত জিতেছে মাত্র তিন বার। ঘরের মাঠে ব্ল্যাক ক্যাপসরা আরও বিপজ্জনক। চারবার জিতেছে তারা। নিউজিল্যান্ডে এসে কুড়ি ওভারের ফরম্যাটে ভারত মাত্র একবারই হারিয়েছে হোম টিমকে। ফলে, বিরাট কোহালির দলের সামনে কঠিন চ্যালেঞ্জ। এই বছরেই অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি বিশ্বকাপ। সেই দিকে তাকিয়েই বছরের শুরুতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলছে ভারত। এই ম্যাচে উইকেটকিপার হিসেবে খেলছেন লোকেশ রাহুল। দলে নেই ঋষভ পন্থ ও সঞ্জু স্যামসন, দুই বিশেষজ্ঞ উইকেটকিপারই। প্রথম এগারোয় নেই নবদীপ সাইনি, কুলদীপ যাদবও।

# হার্দিক পাণ্ডিয়ার হাত ঘড়ি আর জুতোর দাম শুনলে চোখ কপালে উঠবে !

সংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক: গত বছর সেপ্টেম্বর থেকে আন্তর্জাতিক বাইশ গজে দেখা যায়নি তাঁকে। কিন্তু বিভিন্ন কারণে তিনি মাঝেমধ্যেই উঠে আসছেন শিরোনামে। কথা হচ্ছে হার্দিক পাণ্ডিয়ার। বান্ধবী নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সদ্য বাগদান সেরেছেন ভারতীয় অলরাউন্ডার। তাঁর প্রেমকাহিনী ও অকস্মাত বাগদান এখনও অনুরাগীদের চর্চায়। তারই মধ্যে এবার অত্যন্ত দামী ঘড়ি পরে পাপারাজ্জিদের নজর কাড়লেন তিনি।নিজের স্টাইল আর লুক নিয়ে বরাবরই সচেতন হার্দিক। জ্যাকেট থেকে সানগ্লাস, জুতো থেকে ঘড়ি, সবকিছুর পিছনেই মোটা অঙ্ক খরচ করেন তিনি। এসব ব্যাপারে সর্বদা ফ্যাশনে ইন থাকতেই পছন্দ করেন অলরাউন্ডার। এবারও তার ব্যতিক্রম হল না। এবার হার্দিকের হাতের ঘড়িটি এবং স্নিকার্স উঠে এল নেটিজেনদের আলোচনায়। সম্প্রতি মুম্বই বিমানবন্দরে লেন্সবন্দি হন পাণ্ডিয়া। যেখানে মেডুসার চিহ্ন দেওয়া কালো রঙের একটি স্নিকার্স পরেছিলেন তিনি। দাম জানেন? ৫০ হাজার টাকা। তাঁর কর্ডের পাজামাটির মূল্য দেড় লক্ষ টাকা। তাঁর পরনের শার্টটিও ছিল বেশ দামী। কিন্তু এসবকে ছাপিয়ে গেল হার্দিকের হাতের ঘড়িটি। প্যাটেক ফিলিপ কোম্পানির ৫৭৪০/১ও মডেলটির ভারতীয় মুদ্রায় আনুমানিক মূল্য এক কোটি দশ লক্ষ টাকা। হ্যাঁ, ঠিকই পড়েছেন। এক কোটিরও বেশি মূল্যের ঘড়ি হাতে পরেছেন ভারতীয় তারকা।হবে না-ই বা কেন। বান্ধবী নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সদ্য বাগদান সেরেছেন ভারতীয় অলরাউন্ডার। তাঁর প্রেমকাহিনী ও অকস্মাত বাগদান এখনও অনুরাগীদের চর্চায়। তারই মধ্যে এবার অত্যন্ত দামী ঘড়ি পরে পাপারাজ্জিদের নজর কাড়লেন



তিনি।অল্প সময়ের মধ্যেই নিজেকে প্রমাণ করে ভারতীয় দলের অন্যতম স্তম্ভে পরিণত হয়েছেন। চোটের কারণে দীর্ঘদিন বাইরে থাকায় সীমিত ওভারে তাঁর অনুপস্থিতি ভালই অনুভব করছে টিম ইন্ডিয়া।

তাছাড়া বিভিন্ন বিজ্ঞাপন থেকে মোটা অঙ্কের আয় রয়েছে হার্দিকের। এখানেই শেষ নয়, আইপিএল থেকেও বড়সড় উপার্জন করেন তিনি। তাই নিজের লাইফস্টাইল মেনটেন করতে কোনও কসুর করেন না তিনি। তাঁর এই স্টাইল পাপারাজ্জিদের নজর এড়ায়নি।আপাতত বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে (ঞ্চঞ্জঙ) রিহ্যাবে রয়েছেন হার্দিক। নিউজিল্যান্ডে ভারতীয় এ দলে সুযোগ পেয়েছিলেন। কিন্তু ফিটনেস টেস্টে পাশ না করায় শেষমেশ তাঁকে বাদ পড়তে হয়। এরপর মনে করা হয়েছিল, কিউয়িদের বিরুদ্ধে হয়তো সিনিয়র দলে যোগ দিতে পারবেন। কিন্তু পুরোপুরি ফিট না হওয়ায় টি-টোয়েন্টি এবং ওয়ানডে সিরিজে ডাক পাননি তিনি।

# মুখ্যমন্ত্রীর সামনেই দেদার সিটি বাজালেন মহেন্দ্র সিং ধোনি

রাঁচি: মহেন্দ্র সিং ধোনি -প্রায় একবছর ধরে আন্তর্জাতিক ক্রিকেটে খেলেননি। বিশ্বকাপে খেলার পর মাহি যে ব্যাট-প্যাড প্যাকআপ করেছেন তা আর খোলেননি। এরপর আবার এ বছর বোর্ডের যে চুক্তি হয়েছে তাতে বার্ষিক চুক্তির তালিকা থেকে বাদ পড়েছেন মহেন্দ্র সিংধোনি। ক্রিকেটে থাকুন বা না থাকুন তিনি যখনই যা করছেন সবতেই শিরোনাম ছিনিয়ে নিতে কোনও অসুবিধা হয়নি।এমনিতে মাহি নিয়ন্ত্রিক আবেগের জন্য বিখ্যাত।তার নামের পাশে ট্যাগ হয় কুল। তবে হঠাত একী হল। দাবাং ২ ছবিতে সলমন খানের পপুলার গান . "থানা ম্যায় বেইঠে অন ডিউটি বাজাওয়ে হ্যায় পান্ডেজি সিট" - যেখানে থানাতেই সিটি বাজিয়ে বাজিয়ে গান গাইছিলেন তিনি। এবার এই ঢঙেই সিটি বাজিয়ে ভাইরাল মহেন্দ্র সিং ধোনি। একটি অনুষ্ঠানে হাজির ছিলেন ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন , সেখানেই ছিলেন মহেন্দ্র সিং ধোনিও। রাঁচির স্টেডিয়ামে নতুন ব্যবস্থার উদ্বোধনে হাজির ছিলেন দু"জনেই। ধোনি ও সোরেন স্টেডিয়ামের নতুন সৌরশক্তি সিস্টেম, ফিটনেস ক্লাব, ক্যাফে -র উদ্বোধন করেন।দিন স্টেডিয়ামে হাজির হয়ে মাহি তরুণ ক্রিকেটারদের টিপস দেন। তবে হঠাতই সকলকে চমকে দিয়ে তিনি যে কাজ করেন তাতে চমকে যান সকলেই।অনুষ্ঠানের মধ্যে ধোনি ও সোরেন রেস্তোঁরার নতুন নতুন ডিশ চেখে দেখেন। এইসময়েই পেঁয়াজের পাতা দিয়ে সিটি বাজানো শুরু করেন ধোনি। ধোনির দেখাদেখি মুখ্যমন্ত্রী নিজেও পেঁয়াজ পাতা দিয়ে সিটি বাজানোর চেষ্টা করেন। এরপরেই ফোন বেজে ওঠায় মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন তা ছেড়ে দিলে ধোনি আবার আঙুল দিয়ে দেখান সিটি বাজল না কিন্তু ফোনের ঘন্টি বেজে গেল! ধোনির এই মজারু ভিডিও এখন নেটিজেনদের মধ্যে দারুণ জনপ্রিয়। দেখে নিন সেই ভাইরাল ভিডিও।

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 15/EE/PWD/KHW/2019-20 Date : 20-01-2020**

The Executive Engineer, Khowai Division, PWD(R&B), Khowai, Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders /Firms/ Agencies of appropriate class registered with PWD/TTAADC/ MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 11-02-2020 for the following work:-

| Sl No. | Name of the work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1. | FDR work on PWD Road from Tulasikhar to Promodnagar Bazar L= 2.50 Km and Anath Chow para to Petramura L= 5.50 Km under Tulashikhar RD Block during the year 2019-20 / SH: Protection of road embankment by CC Block, at CH: 0.80 Km and at CH: 0.150 Km. DNIeTNo:15/EE/PWD(R&B)/KHW/2019-20 | Rs. 24,00,883.00 | Rs. 24,009.00 | 04(Four) Months |
| 2. | FDR work on PWD road from Promodnagar to Twibaglai (upto Nishan Ch. Para) L= 5.00 Km under Tuiashikhar RD Block during the year 2019-20/SH: Protection of road embankment by CC Block at CH: 2.20 Km. DNIeTNo:16/EE/PWD(R&B)/KHW/2019-20 | Rs. 21,80,326.00 | Rs. 21,803.00 | 04(Four) Months |

Note : All details DNIT can be seen in the office of the undersigned during office hours from 22-01-2020 to 11-02-2020 upto 15.00Hrs.
For more details kindly visit : https://tripuratenders.gov.in

ICA/C-2297/2019-20

**Executive Engineer,
Division, PWD (R&B)
Khowai Tripura**

# বোলিংয়ের সময় গোড়ালি মচকে গেল বুমরার, উদ্বেগে ভারতীয় দল



সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে নিউজিল্যান্ডকে দাপটে হারানোর সুবাসের মধ্যেও দুশ্চিন্তার ছায়া ভারতীয় শিবিরে। কারণ, বোলিং করার সময় পা মচকে গিয়েছিল জশপ্রীত বুমরার। তাঁর পায়ের অবস্থা কেমন, তা নিয়ে উদ্বেগ বাড়ছে।নিউজিল্যান্ডের ইনিংসের শেষ ওভারের দ্বিতীয় বলে চোট পান বুমরা। রস টেলরকে বল করার সময় পা মচকে যায় তাঁর। রিপ্লেতে দেখা যায়, তাঁর বাঁ পা পিচে পড়েছিল বেকায়দায়। যার ফলে ফলো থ্রুতে বসেই পড়েন তিনি। বেশ কিছুক্ষণ সেই ভাবেই থাকেন। তাঁকে দেখে মনে হচ্ছিল যে তীব্র যন্ত্রণা হচ্ছে। পরিচর্যার পর তিনি অবশ্য ওভারের বাকি বলগুলো করেন। তবে ওভার শেষ করলেও রান-আপে তাঁর সমস্যা হচ্ছিল। ম্যাচ শেষের পর তাঁর স্ক্যান করার কথা রয়েছে। তখনই বোঝা যাবে তাঁর চোট কতটা গুরুতর।সদ্য কোমরের চোট সারিয়ে জাতীয় দলে ফিরেছেন ডানহাতি পেসার। সেই কারণে ভারতীয় ক্রিকেটপ্রেমীরা তাঁকে নিয়ে উদ্বিগ্ন। তার যে কারণও রয়েছে, তা এদিনের পারফরম্যান্সেই প্রতিফলিত। চার ওভারে মাত্র ৩১ রান দিয়েছেন তিনি। নিয়েছেন এক উইকেট। সেখানে তিন ওভারে ৪৪ রান দিয়েছেন শার্দুল ঠাকুর, মহম্মদ শামি চার ওভারে দিয়েছেন ৫৩ রান।বিরাট কোহালির দলের গুরুত্বপূর্ণ সদস্য তিনি। টিম ইন্ডিয়ার এক নম্বর স্ট্রাইক বোলারও বুমরা। তাই সফরের প্রথম ম্যাচেই তাঁর চোট চিন্তা বাড়াচ্ছে। নিউজিল্যান্ডে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের পর তিন ম্যাচের একদিনের সিরিজ ও দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। এই সিরিজের পরের টি-টোয়েন্টি রবিবার। পা যে ভাবে পড়েছিল, তাতে পরের ম্যাচে তাঁকে নামানো ঝুঁকি হয়ে যেতে পারে বলে মনে করছে ক্রিকেটমহল।

# কবে নাইট রাইডার্স অধিনায়ক হবেন শুভমন ? শাহরুখ বললেন...

শুভমন গিল কবে কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক হবেন? টুইটারে এক নাইট ভক্ত এই প্রশ্নই করেছিলেন শাহরুখ খানকে। আপাত নিরীহ প্রশ্নের জবাব 'কিং খান' দিলেন মজা করে।আইপিএল নিলামের পরেই নাইটদের হেড কোচ ব্রেন্ডন ম্যাকালাম জানিয়ে দেন, দীনেশ কার্তিকই কেকেআর শিবিরের নেতা থাকছেন। তবুও সেই ভক্ত সোশ্যাল মিডিয়ায় শাহরুখকে প্রশ্ন করে বসেন, ক্যাপ্টেনের আর্মব্যান্ড কবে উঠবে গিলের হাতে। নাইট মালিক জবাবে তাঁকে বলেন, বন্ধু, কেকেআর যে দিন তোমাকে হেড কোচ করবে, সে দিন শুভমন গিল কেকেআর-এর ক্যাপ্টেন হবে। দলের মালিকের এ হেন জবাব দেখার প্রায় সঙ্গে সঙ্গেই কলকাতা নাইট রাইডার্স হেড কোচ ম্যাকালামের একটি ছবি পোস্ট করেছে। ছবিতে দেখা যাচ্ছে, প্রাক্তন কিউয়ি তারকা হাসছেন। কেকেআর লিখেছে, কড়া জবাব।ভারত এ দলের হয়ে নিউজিল্যান্ডে খেলছেন। ভাল পারফর্ম করে নজর কাড়ছেন তিনি। আইপিএল-এর দুনিয়াতেও গিল ভালই খেলেছেন। ওপেনও করতে পারেন তিনি। আবার মিডল অর্ডারে ব্যাট করতে নেমে রানের গতি বাড়াতেও পারেন। তাঁর খেলা পছন্দ হওয়ায় সেই ভক্ত শাহরুখকে জিজ্ঞাসা করেছিলেন, গিলকে কবে নেতা হিসেবে দেখা যাবে। এ বার অবশ্য কেকেআর শক্তিশালী দল গড়েছে। কার্তিককে সাহায্য করার জন্য দলে নেওয়া হয়েছে ইয়ন মর্গ্যানকে। তিনি কার্তিককে গুরুত্বপূর্ণ সময়ে পরামর্শ দেবেন বলে জানিয়েছেন ম্যাকালাম। মাঠে কেকেআর কেমন পারফরম্যান্স তুলে ধরে এ বছর, তা দেখার অপেক্ষায় সমর্থকরা।


বিজ্ঞপ্তি

**জাতীয় ভোটার দিবস-২০২০**

উদযাপিত হচ্ছে প্রতিটি ভোটকেন্দ্রে, ব্লক, মহকুমা, জিলা ও রাজ্যস্তরে।
আপনারা সবাই আমন্ত্রিত
আসুন
শক্তিশালী গণতন্ত্র গড়ার কাজে ব্যাপকভাবে অংশগ্রহণ করুন
"জাতীয় ভোটার দিবস" হল আপনার ক্ষমতায়নের দিবস।
"শক্তিশালী গণতন্ত্রের জন্য নির্বাচনী সাক্ষরতা"
*মুখ্য নির্বাচনী আধিকারিক, ত্রিপুরা।*

ICA/D-1600/2019-20

**NATURE OF PUBLICATION IN LOCAL DAILIES**
**Ref : Manpathar O.P GDE No. 07 dated 27/12/2019**



পাশের ছবিটি শ্রীমতি মোহন মালা বিবি যার আনুমানিক বয়স ২৭ বৎসর, স্বামী-কমরোল ইসলাম, সাং-মনপাথর, সালথাং মনু (লালটিলা), থানা-শান্তিরবাজার, জেলা-দক্ষিণ ত্রিপুরা, উচ্চতা-৫ফুট ৩ ইঞ্চি, গঠন-মাঝারি, গায়ের রঙ শ্যামলা, চুল-কালো, পরনে ছিল হলুদ রঙের শাড়ী। গত ২৩/১২/২০১৯ ইং বাড়ি হইতে বাহির হইয়া যায়, সে আর বাড়ীতে ফিরে আসে নাই। উক্ত মহিলাকে এখন পর্যন্ত কোথাও খুঁজে পাওয়া যায় নাই।
উপরে উল্লেখিত নিখোঁজ মহিলাটির সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকিলে নিম্নলিখিত ঠিকানার ফোন নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাইতেছে।
(যোগাযোগের ঠিকানা):
১) এস পি (ডি আই বি) কন্ট্রোল দক্ষিণ ত্রিপুরা, বিলোনীয়া ফোন নম্বর : ০৩৮২৩-২২২০৫২/৭৬২৮০০৭০৭৯
২) শান্তিরবাজার থানা : ফোন নম্বর : ৯৪৩৬৭৭৩৬০৭

ICA/D-1603/2019-20

Superintendent of Police
South Tripura District

**(email: eeagrisouth@gmail.corn)**
**NOTICE INVITING e- TENDER NO:- 21/EE(AGRI)/S/2019-20**

On behalf of the Governor of Tripura, the Executive Engineer (South), Department of Agriculture & Farmers Welfare, Government of Tripura, Udaipur, Gomati invites separate Percentage Rate e-Tenders for "Operation, Running maintenance and repairing of Cold Storages with in Gomati & South Tripura District during the season 2020" from the eligible bidders Up to 06/02/2020 at 04:00 PM for the following works:

| Sl No | e-D.N.I.T No. | Estimated cost | Earnest Money | Pre-bid conference | Last date of e-bidding | date of opening | Time of completion |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | (21/EE/AGRI/SOUTH/2019-20 | Rs. 6,22,458 | Rs. 6,225 | In the office chamber of the Executive Engineer (south), Department of Agriculture & Farmers Welfare, Udaipur, Gomati, Tripura on 31/01/2020 at 11.00 AM | Upto 4.00 PM of 06/02/2020 | On 07/02/2020 at 1.00 PM (If possible) | 9(Nine) Months |
| 2 | (22/EE/AGRI/SOUTH/2019-20 | Rs. 3,98,026 | Rs. 3,980 | | | | 9(Nine) Months |
| 3 | (23/EE/AGRI/SOUTH/2019-20 | Rs. 5,16,361 | Rs. 5,164 | | | | 9(Nine) Months |
| 4 | (24/EE/AGRI/SOUTH/2019-20 | Rs. 4,61,217 | Rs. 4,612 | | | | 9(Nine) Months |
| 5 | (25/EE/AGRI/SOUTH/2019-20 | Rs. 4,41,123 | Rs. 4,411 | | | | 9(Nine) Months |

Bidders are requested to contact with office of the undersigned/ go through the e- portal www.tripuratenders.gov. in

ICA/C-2301/2019-20

**(Er. P. Debbarma)
Executive Engineer(South)
Department of Agriculture & Farmers Welfare,
Udaipur, Gomati.**

# আইসিসি ব্যাংকিংয়ে বিরাটের অনড় অবস্থান

দুবাই: একইদিনে বিরাটের জোড়া সুসংবাদ। নিউজিল্যান্ডেরর মাটিতে প্রথমবার টি-২০ ম্যাচে নেমে জেতার পর পাশাপাশি আইসিসি টেস্ট ব্যাংকিংয়ে ব্যাটসম্যানদের মধ্যে শীর্ষস্থান ধরে রাখলেন বিরাট কোহলি।শুক্রবার অকল্যান্ডে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টি-২০ সিরিজের প্রথম ম্যাচে সহজ জয় পেয়েছে বিরাটবাহিনী। নিজেও রান পেয়েছেন কোহলি। ৪৫ রানের গুরুত্বপূর্ণ ইনিংস খেলেন বিরাট। এদিন আইসিসি প্রকাশিত টেস্ট ব্যাংকিংয়ে এক নম্বর জায়গাটা ধরে রাখলেন ভারত অধিনায়ক। প্রথম দশে নিজেদের জায়গা ধরে রেখেন ভারতের তিন ব্যাটসম্যান। ছ"নম্বরে নিজের জায়গা ধরে রাখেত সক্ষম হয়েছেন টিম ইন্ডিয়ার নম্বর তিন ব্যাটসম্যান চেতেশ্বর পূজারা। আর এক ধাপ এগিয়ে আট নম্বরে রয়েছেন টেস্টে বিরাটের ডেপুটি অজিঙ্ক রাহানে।এই ব্যাংকিংয়ে পোর্ট এলিজাবেথ টেস্টে ইংল্যান্ড জেতার পর। পোর্ট এলিজাবেথে ইনিংস ও ৫৩ রানে জিতে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে চার টেস্টের সিরিজে ২-১ এগিয়ে রয়েছে ইংল্যান্ড। নভেম্বরে ভারত শেষ টেস্ট খেললেও ৯২৮ পয়েন্টে নিয়ে এখনও এক নম্বরে রয়েছেন বিরাট। দ্বিতীয় স্থানে রয়েছেন অজি ব্যাটসম্যান স্টিভ স্মিথ। বিরাটের থেকে ১৭ পয়েন্ট কম রয়েছে স্মিথের। ৭৯১ পয়েন্ট নিয়ে ছ"নম্বরে রয়েছেন পূজারা। আর ৭৫৯ পয়েন্ট পেয়ে আট নম্বরে রয়েছেন রাহানে।বোলারদের মধ্যে প্রথম দশে রয়েছেন ভারতের তিন জন। ৭৯৪ পয়েন্ট নিয়ে জসপ্রীত বুমরাহ রয়েছেন ছ"নম্বরে। রবিচন্দ্রন অশ্বিন রয়েছেন আট এবং ১০ নম্বরে রয়েছেন বুমরাহের বোলিং পার্টনার মহম্মদ শামি। তবে বোলারদের মধ্যে শীর্ষস্থানে রয়েছেন প্যাট কামিন্স। অজি পেসারের পয়েন্ট ৯০৪।অল-রাউন্ডারের মধ্যে তিন নম্বরে রয়েছেন রবীন্দ্র জাদেজা।

**PRESS NOTICE INVITING TENDER No:-10/EEIDWSIKMP12019-20 Dt:-18101/2020**

Separate sealed tenders are invited on behalf of the "Governor of Tripura" from enlisted Contractor's/ Firms of Tripura PWD / TTAADC in appropriate class and from the contractors registered in the appropriate class of MES, Railways, CPWD and other state PWD and firms in FORM No. 8 (eight) for the following works up to 3.00 pm on 06/0212020.

| Sl No. | Name of work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1. | (DNIT No.28/ EE/DWS/KMP/ 2019-20 | 1,98,000 | 1980 | 06(Six) Months |
| 2. | (DNIT No.29/ EE/DWS/KMP/ 2019-20 | 1,98,000 | 1980 | 06(Six) Months |

Last date for submission of application for tender form is:- 29/01/2020 & last date of tender form issue is upto:- 04/02/2020 and Tender Dropping Dale is up to 3.00PM on 06/02/2020.
All details can be seen in the office of the undersigned. Tender form can be obtained & may also be dropped in Agartala, DWS Division-I and Rig Division Agartala.
(For & on behalf of the Governor of Tripura)

ICA/C-2290/2019-20

**(Er. B. Debbarma)
Executive Engineer,
DWS Division, Kamalpur
Dhalai Tripura**

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2020





শুক্রবার রাজ্যপাল রমেশ বৈশ্য রাজবাড়ি মিউজিয়াম পরিদর্শন করেন। ছবি- নিজস্ব।

# তেলিয়ামুড়ায় সিএএ'র প্রতিবাদে গণমুক্তি পরিষদের গণঅবস্থান অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯-এর প্রতিবাদে ত্রিপুরা রাজ্য উপজাতি গণমুক্তি পরিষদ তেলিয়ামুড়া মহকুমা কমিটির উদ্যোগে শুক্রবার গণ-অবস্থান অনুষ্ঠিত হয় তেলিয়ামুড়াতে।

তেলিয়ামুড়ায় আয়োজিত গণমুক্তি পরিষদের গণ-অবস্থানকে কেন্দ্র করে স্থানীয় জাতি উপজাতি উভয় অংশের মানুষের মধ্যে নানা কৌতুহলের সৃষ্টি হয়েছে। এ উপলক্ষ্যে সিপিআইএম পার্টি অফিসের সামনে দলীয় কর্মীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। শুক্রবার সিপিআইএম তেলিয়ামুড়া বিভাগীয় গণমুক্তি কার্যালয়ের সামনে গণ-অবস্থানে ছিলেন গণমুক্তি পরিষদের কেন্দ্রীয় নেতা তথা প্রাক্তন সাংসদ জীতেন্দ্র চৌধুরী, সিপিআইএম তেলিয়ামুড়া বিভাগীয় সম্পাদক হেমন্ত কুমার জমাতিয়া, প্রাক্তন বিধায়ক মনীন্দ্র চন্দ্র দাস সহ দলের গণ-সংগঠনগুলির নেতৃত্বরা। গণ-অবস্থানে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন সাংসদ জীতেন্দ্র চৌধুরী বলেন, কেন্দ্রে বিজেপির নেতৃত্বাধীন সরকার গঠন হওয়ার প্রায় একবছর হতে চললেও জনমুখী কোনো কর্মসূচি নিতে পারেনি কেন্দ্রীয় সরকার। তিনি বক্তব্যের দীর্ঘসময় কেন্দ্রীয় সরকারের সমালোচনাতে মুখর ছিলেন। তিনি এও বলেন, দেশের কৃষি ব্যবস্থা বর্তমানে চরম পর্যায়ে গিয়ে পৌঁছেছে। রাজ্যের অন্যান্য স্থানেও নাগরিকত্ব সংশোধনী আইন ইস্যুতে গণমুক্তি পরিষদ গণ-অবস্থান সহ নানা আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছে।

# ইন্দো-বাংলা মৈত্রী সেতুর কাজ দেখতে এলেন কেন্দ্রীয় প্রতিনিধি দল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** ইন্দো-বাংলা মৈত্রী সেতুর কাজ দ্রুত শেষ করতে এবং ব্রীজ এলাকায় আন্তর্জাতিক স্থলবন্দরের জায়গা এবং বন্দরের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজকর্ম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে পরিদর্শনে আসেন ভারত সরকারের ল্যান্ড পোর্ট অথরিটির চেয়ারম্যান আদিত্য মিশ্র, ত্রিপুরা সরকারের স্থল বন্দরের ম্যানেজার দেবাশিস নন্দী, ইন্ডাস্ট্রি ডেপুটি ডাইরেক্টর স্বপন মিত্র, বিএসএফের ডিজি জে আহম্মেদ সঙ্গে ছিলেন বিধায়ক শঙ্কর রায়। স্পেশাল ইকোনমিক জোনের জায়গা এবং বিভিন্ন ইন্ডাস্ট্রির জন্য জায়গা পরিদর্শন করে বলেন, সব কিছু ঠিক থাকলে আগামী কয়েকমাসের মধ্যে মৈত্রী ব্রীজের সাহায্যে উত্তর পূর্বাঞ্চলের প্রবেশদ্বার হিসেবে বহিঃবিশ্বের মানচিত্রে জায়গা করে নেবে ত্রিপুরা।

# করোনা ভাইরাসে আক্রান্তদের জন্য নতুন হাসপাতাল তৈরি করছে চিন

বেজিং, ২৪ জানুয়ারি (হি.স.) : করোনা ভাইরাসে আক্রান্তদের জন্য নতুন হাসপাতাল তৈরি করছে চিন ঊ এক হাজার শয্যা বিশিষ্ট হাসপাতালটিতে আগামী ৩ ফেব্রুয়ারি থেকেই রোগীরা চিকিৎসা পরিসেবা দেওয়া হবে ঊ চিনসহ বিশ্বব্যাপী 'প্রাণঘাতী' হয়ে ওঠা করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের সংখ্যা বেড়েই চলেছেঊ ইতিমধ্যে এই ভাইরাসে আট শতাধিক মানুষ আক্রান্ত হয়েছেন। আর মারা গেছেন অন্তত ২৬ জন।এডি অবস্থায় করোনা ভাইরাসে আক্রান্তদের জন্য নতুন হাসপাতাল তৈরি করছে চিন ঊ এক হাজার শয্যা বিশিষ্ট হাসপাতালটিতে আগামী ৩ ফেব্রুয়ারি থেকেই রোগীরা চিকিৎসা পরিসেবা দেওয়া হবে ঊ মাত্র ১০ দিনের মধ্যে হাসপাতালটি রোগীদের চিকিৎসা দেওয়ার উপযোগী করা হবে বলে কর্তৃপক্ষের বরাতে জানিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো। এর আগে ২০০৩ সালে বেইজিংয়ের আশপাশে সিভিয়ার অ্যাকুইট রেসপিরেটরি সিনড্রোম বা সার্স ভাইরাস আক্রান্ত রোগীদের চিকিৎসা দিতেও নতুন হাসপাতাল নির্মাণ করে কর্তৃপক্ষ। সে সময় ভাইরাসটির আক্রমণে চিনের মূল ভূ-খণ্ডে প্রায় সাড়ে তিনশ ও হংকংয়ে প্রায় তিনশ মানুষের মৃত্যু হয়। বেইজিংয়ে সেসময় যে কাঠামোতে হাসপাতাল নির্মাণ করা হয়, এবারও করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের চিকিৎসায় নতুন হাসপাতালটি একই কাঠামোতে নির্মাণ হবে।

এরইমধ্যে ভাইরাসটি ছড়িয়ে পড়েছে চিনের অন্য অঞ্চলসহ থাইল্যান্ড, তাইওয়ান, জাপান, দক্ষিণ কোরিয়ায়। এমনকি আমেরিকাতেও এ ভাইরাসে আক্রান্ত এক ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে। আক্রান্ত ব্যক্তিদের সবাই সম্প্রতি উহান ভ্রমণ করেছেন বা সেখানে বসবাস করেন।

এ ভাইরাস মানুষের ও প্রাণীদের ফুসফুস সংক্রমণ করতে পারে। ভাইরাসজনিত ঠাণ্ডা বা ফ্লু'র মতো হাঁচি-কাশির মাধ্যমে মানুষ থেকে মানুষে ছড়িয়ে পড়ছে করোনা ভাইরাস। এ ভাইরাসে সংক্রমিত হওয়ার প্রধান লক্ষণগুলো হল শ্বাসকষ্ট, জ্বর, কাশি, নিউমোনিয়া ইত্যাদি। শরীরের এক বা একাধিক অঙ্গ-প্রত্যঙ্গ নিষ্ক্রিয় হয়ে আক্রান্ত ব্যক্তির মৃত্যু হতে পারে।

## রাজ্যে সাংবিধানিক সংকট তৈরি করছেন মুখ্যমন্ত্রী, অভিযোগ শমীক ভট্টাচার্যর

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): মুখ্যমন্ত্রী নিজেই প্রশ্ন করছেন আবার নিজেই উত্তর দিয়েচ্ছেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করলেন বিজেপি নেতা শমীক ভট্টাচার্যঊ এই সঙ্গে অভিযোগ করেন, রাজ্যে সাংবিধানিক সংকটও তৈরি করছেন মুখ্যমন্ত্রী।

বারাসাত বিশেষ আদালতে দাঁড়িয়ে আজ শমীকবাবু বলেন, এনআরসি করবে বলে কেন্দ্র এখনও কোনও ঘোষনা করেনিঊ স্বরাষ্ট্র দফতর থেকে নির্দেশিকাও জারি হয়নি। এখানকার মুখ্যমন্ত্রী সব বিষয়েই না বলছেন। ১৪০ টি মামলাকে নিয়ে একসঙ্গে সুপ্রিমকোর্টে যে মামলা হয়েছে তার পরিপ্রক্ষিতে আদালত কোনও স্থগিতাদেশ দেয়নি। বরঞ্চ সরকারকে ৮ সপ্তাহ সময় দিয়েছে। এর থেকে প্রমানিত এতদিন বিষয়টিকে সাংবিধান বিরোধী বলে পরিকল্পিত ভাবে উষ্কানি দিয়ে রাজ্যে নানা গন্ডগোল বাধাঁনো হয়েছে।

শমীকবাবু বলেন, ভারতীয় সংবিধানের প্রাথমিক দৃষ্টি কোন থেকে আদালতের সাংবিধানিক বেঞ্চ ছয়ের পাতায় দেখুন

## সিএএ নিয়ে অযথা বিভ্রান্তি ছড়ানো হচ্ছে : যোগগুরু রামদেব

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) নিয়ে অযথা বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। বেশ কিছু দেশীয় এবং আন্তর্জাতিক শক্তি সমাজে বিভাজন তৈরি করার চেষ্টা করছে। সিএএ-র প্রেক্ষিতে দেশজুড়ে প্রতিবাদ ও হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শুক্রবার এমনই মন্তব্য করেছেন যোগগুরু বাবা রামদেব। শুক্রবার দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে যোগগুরু বাবা রামদেব বলেছেন, 'কারও নাগরিকত্ব ছিনিয়ে নেওয়া হবে নাঊ ভুল তথ্য প্রচার করা হচ্ছে যে, সংশোধিত নাগরিকত্ব আইনের মাধ্যমে মুসলিমদের নাগরিকত্ব কেড়ে নেওয়া হবে, যা মোটেও সঠিক নয়।

সিএএ-র প্রেক্ষিতে হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে যোগগুরু বাবা রামদেব আরও বলেছেন, 'বেশ কিছু দেশীয় এবং আন্তর্জাতিক শক্তি সমাজে বিভাজন তৈরি করার চেষ্টা করছে। প্রসঙ্গত, সংশোধিত নাগরিকত্ব আইন নিয়ে দেশজুড়ে চলছে বিক্ষোভ-প্রতিবাদ। হিংসাত্মক ঘটনাও ঘটেছেঊ যদিও, সিএএ সম্পর্কে দেশবাসীকে অবগত করার জন্য প্রচার অভিযান চালাচ্ছে বিজেপি।

## বিতর্কে তৃণমূল সাংসদ-অভিনেত্রী মিমি চক্রবর্তী

কলকাতা, ২৪ জানুয়ারি, (হি.স.): তিনি সাংসদ, জনপ্রতিনিধিঊ বিজ্ঞাপনী মোড়কে তার এই জাহির করা নিয়ে গোল বেধেছে। বিজ্ঞাপনে নিজেকে জনপ্রতিনিধি জাহির করে জোর বিতর্কে জড়ালেন যাদবপুরের এই তৃণমূল সাংসদ।

সম্প্রতি একটি বহুজাতিক কোম্পানির চুলের তেলের বিজ্ঞাপনে অভিনয় করেছেন টলিউডের এই অভিনেত্রী। নতুন বিজ্ঞাপনটিতে মিমি-র সঙ্গে রয়েছেন বলিউডের অভিনেত্রী বিদ্যা বালন। বিজ্ঞাপনে দেখা যাচ্ছে, একটি আয়নার সামনে বসে চুল বাঁধছেন মিমি। পিছন থেকে হেঁটে এসে বিদ্যা মিমিকে প্রশ্ন করছেন, ছয়ের পাতায় দেখুন



শুক্রবার আগরতলায় কংগ্রেসের এক বিক্ষোভ র‍্যালী আয়োজিত হয়। ছবি- নিজস্ব।

# কৃষক সভার জিরানীয়া মহকুমা সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** শুক্রবার সদরের ভানুঘোষ স্মৃতি ভবনে সারা ভারত কৃষক সভার পঞ্চম জিরানিয়া মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের শুরুতে শহিদবেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন সারা ভারত কৃষক সভার বর্ষীয়ান নেতা প্রাক্তন সাংসদ নারায়ণ কর, সিপিআইএম পশ্চিম জেলা সম্পাদক পবিত্র কর প্রমুখ। সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে সিপিআইএম পশ্চিম জেলা সম্পাদক পবিত্র কর বর্তমান কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের কাজকর্মের তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, এই সরকার মানুষকে প্রচণ্ড ভয় পায়। মানুষের শক্তির কাছে তারা ভীত। বর্তমান পরিস্থিতিতে কৃষক সম্মেলন খুবই গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন। এ প্রসঙ্গে পবিত্রবাবু বলেন, রাজ্যের ৮০ শতাংশ মানুষই কৃষিনির্ভর। স্বাভাবিক কারণেই এই সংগঠনে ভিত শক্তিশালী করা সম্ভব হলে রাজ্যে গণতন্ত্র পুনরুদ্ধার করা সম্ভব হবে। তিনি বিরোধীদের সভা সমিতি, মিছিল মিটিং সহ রাজনৈতিক অধিকারের উপর শাসক দল ও রাজ্য সরকার নানাভাবে বাধা সৃষ্টি করছে বলেও অভিযোগ আনেন।

# ৩৮তম আগরতলা বইমেলাকে সফল করতে সচিবালয়ে সভা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** এবার ৩৮তম আগরতলা বইমেলা আরও নতুন উদ্যমে প্রথমবারের মতো হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। সকলস্তরের বইপ্রেমিক, প্রকাশনা সংস্থা ও পুস্তক বিক্রেতাদের অংশগ্রহণে এই বইমেলাকে সর্বাঙ্গীন সুন্দর করার লক্ষ্যে আজ ৩৮তম আগরতলা বইমেলা কমিটির চেয়ারম্যান তথা উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মার কক্ষে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বইমেলা কমিটির ভাইস চেয়ারম্যান তথা শিক্ষামন্ত্রী রতনলাল নাথ, বইমেলা কমিটির অপর ভাইস চেয়ারম্যান ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অরুণোদয় সাহা এবং তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস। তাছাড়া, সভায় ত্রিপুরা পাবলিশার্স গিল্ড ও অল ত্রিপুরা পাবলিশার্স এণ্ড বুক সেলার্স এসোসিয়েশনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। আগরতলা বইমেলা কমিটির চেয়ারম্যান যীষ্ণু দেববর্মা হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে প্রথমবারের মতো অনুষ্ঠিতব্য এই আগরতলা বইমেলাকে সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি সভায় উপস্থিত প্রতিনিধিদের বইমেলায় অংশগ্রহণের জন্য সর্বতোভাবে সহায়তারও আশ্বাস দেন। আগামী ২৬ ফেবয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত ৩৮তম আগরতলা বইমেলা হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ৩৮তম আগরতলা বইমেলায় দিল্লি, মুম্বাই, কলকাতা, গুয়াহাটি সহ উত্তর-পূর্বা'লের অনেক প্রকাশক ও পুস্তক বিক্রেতাগণ অংশগ্রহণে আগ্রহী হয়েছেন।




শুক্রবার শ্যামসুন্দর কো জুয়েলার্স'র উদ্যোগে দাবা প্রতিযোগিতা নিয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে কর্মকর্তারা। ছবি- নিজস্ব।

# স্কুলে বন্ধ করে দেওয়া পুজো শুরু করতে উদ্যোগী পড়ুয়ারা, বিক্ষোভ-উত্তেজনা

কলকাতা, ২৪ জানুয়ারি (হি. স.) : উত্তর ২৪ পরগণার বসিরহাটের একটি স্কুলে জোর করে ৮ বছর আগে সরস্বতী পুজো বন্ধ করে দেওয়া হয়েছিল। এবার পড়ুয়াদের একাংশ ফের ওই পুজো শুরু করতে উদ্যোগী হয়েছে। এ নিয়ে দেখা দিয়েছে উত্তেজনা। পড়ুয়ারায় এদিন বিক্ষোভ দেখায় স্কুলে।

শালিপুর গ্রাম পঞ্চায়েতে চৌহাটা আদর্শ বিদ্যাপীঠ (উচ্চ মাধ্যমিক) স্থাপিত হয় ১৯৬৮ সালে। ওই স্কুলের একাদশ শ্রেণীর ছাত্র সোমনাথ বিশ্বাস এই প্রতিবেদককে বলেন, ''শুরু থেকেই সেখানে সরস্বতী পুজো হত। কিন্তু আট বছর ধরে বন্ধ। ২০১১ সালে স্কুলে নবী দিবস উদযাপনের দাবি করে ছাত্ররা। কর্তৃপক্ষ অনুমতি না দেওয়ায় এক শ্রেণীর ছাত্র সরস্বতী পুজো বন্ধ করে দেয়। ঠাকুর বাইরে ফেলে দেওয়ার অভিযোগ করে সোমনাথ। সেই ঘটনায় দু''পক্ষের মধ্যে ঝামেলা হয়।

সোমনাথের দাবি, এরপর প্রতিবছর পড়ুয়ারা স্কুলে সরস্বতী পুজো করার চেষ্টা করছে। কিন্তু বেশ কিছু ছাত্র তাতে বাধা দিচ্ছে। বিষয়টি আমরা স্থানীয় ব্লক সভাপতি এবং স্কুল কমিটির সভাপতি তৃণমূলের বিমল মন্ডলকে জানিয়েছি। তিনি আমাদের বলেছেন, পারলে কর। স্কুল কমিটির সদস্য আসাদুল মোল্লা (বুলা)-র সঙ্গে কথা হয়েছে। তিনি বলেছেন, রাজনীতিকরা স্কুলের সমস্যায় থাকতে চাই না। কেউ সরস্বতী পুজো করার জন্য নিশ্চিত নিরাপত্তার আশ্বাস দিচ্ছেন না।" স্কুলের প্রধান শিক্ষক হিমাংশু শেখর মন্ডলকে এ ব্যাপারে প্রশ্ন করলে এই প্রতিবেদককে তিনি বলেন, "আমি স্বরূপনগর চারঘাট মিলন মন্দির বিদ্যাপীঠ প্রধান শিক্ষক ছিলাম। গত জুলাই মাসে এই স্কুলে প্রধান শিক্ষক হিসেবে যোগ দিয়েছি।

এই স্কুলে সরস্বতী পুজো করার জন্য আবেদন করেছে। আমি স্কুল ম্যানেজমেন্টকে জানিয়েছি। তারা এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্তের কথা জানাননি। শুনেছি হিন্দু-মুসলমান গণ্ডগোলে পুজো বন্ধ আছে। আমি প্রস্তাব দিয়েছি স্কুলের সরস্বতী পুজো এবং নবী দিবস দুটোই যদি শান্তিপূর্ণ ভাবে করা যায় তাহলে ভালো হয়। এর জন্য নিরাপত্তা ব্যবস্থা দেখতে হবে। স্কুলে সংখ্যা ১,৭৪৯। এর ৭৫ শতাংশ মুসলমান, ২৫ শতাংশ হিন্দু। পড়ুয়াদের অধিকাংশই ছাত্রী।'

## স্লোগানে স্লোগানে ১৮ দিনেও উতপ্ত পার্ক সার্কাসের অবস্থান

কলকাতা,২৪ জানুয়ারি (হি.স.) : ১৮ দিনে পা দিল, তবুও নেই ক্লান্তি ঊ স্লোগানে পাল্টা স্লোগানে উতপ্ত পার্ক সার্কাসের ময়দান ঊ নাগরিকত্ব সংশোধনী আইন ও এনআরসি-র প্রতিবাদে পার্ক সার্কাস ময়দানে অবস্থানে বিক্ষোভে সামিল বহু সংখ্যালঘু মহিলারা ঊ আজ শুক্রবার ১৮ দিনে পড়ল পার্ক সার্কাসের অবস্থান ঊ ১৮ তম দিনেও অনড় অবস্থানে বিক্ষোভে পার্ক সার্কাসঊ

৬ জানুয়ারি থেকে নাগরিকত্ব সংশোধনী আইন ও এনআরসি-র প্রতিবাদে পার্ক সার্কাস ময়দানে অবস্থানে বিক্ষোভে সামিল বহু সংখ্যালঘু মহিলারা ঊ ৫০ বছরের প্রৌঢ়া থেকে ৫ বছরের শিশু সবার মুখে একই স্লোগান 'হাল্লা বোল, হাল্লা বোল ঊ সিএএ,এনআরসি মানছি না, মানব না' ঊ বিক্ষোভে সামিল আট থেকে আশির কয়েকশো সংখ্যালঘু মহিলাঊ প্রতিবাদীদের সংখ্যা গিয়ে দাড়িয়েছে ২০০ জনেরও বেশি ঊ সন্তানকে সঙ্গে নিয়েই চলছে তাঁদের আন্দোলনে দিন রাতঊ কেউ ঘরের কাজ ফেলে রেখে আবার কেউ পরিবারের জন্য রান্না করে সন্তানদের স্কুলে পাঠিয়ে ঘরের কাজ সেরে এসে রোজই খোলা মাঠে মাথার উপর এক চিলতে ছাউনির তলায় বসে আছেন । ছয়ের পাতায় দেখুন

## বিতর্কিত টুইট করে অস্বস্তিতে কপিল মিশ্র, রিপোর্ট তলব নির্বাচন কমিশনের

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): আগামী ৮ ফেব্রুয়ারি দিল্লিতে বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ। ওই দিন দিল্লির রাস্তায় নাকি ভারত এবং পাকিস্তানের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে। ২৩ জানুয়ারি, বৃহস্পতিবার নিজের টুইটার হ্যান্ডেলে এমনই বিতর্কিত টুইট করেছিলেন বিজেপি নেতা কপিল মিশ্র। বিতর্কিত এই টুইটের জন্য বেজায় অস্বস্তিতে পড়লেন কপিল মিশ্র। কপিল মিশ্রর টুইটের প্রেক্ষিতে দিল্লির মুখ্য নির্বাচনী অফিসারের কাছ থেকে রিপোর্ট তলব করেছে ভারতের নির্বাচন কমিশন। আগামী ২৪ ঘন্টার মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। ২৩ জানুয়ারি, বৃহস্পতিবার নিজের টুইটার হ্যান্ডেলে বিজেপি নেতা কপিল মিশ্র লিখেছিলেন, "...৮ ফেব্রুয়ারি দিল্লির রাস্তায় ভারত এবং পাকিস্তানের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।" ঘটনাচক্রে ওই দিনই দিল্লিতে বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ। বিতর্কিত এই টুইটের প্রেক্ষিতেই দিল্লির মুখ্য নির্বাচনী অফিসারের কাছ থেকে রিপোর্ট তলব করেছে ভারতের নির্বাচন কমিশন। এ প্রসঙ্গে শুক্রবার কপিল মিশ্র জানিয়েছেন, "বৃহস্পতিবার রাতে নির্বাচন কমিশনের কাছ থেকে নোটিশ পেয়েছি। ভুল মন্তব্য করেছি বলে আমি মনে করি না। সত্যি কথা বলা এদেশে অপরাধ নয়। আমি সত্যি কথাই বলেছি।"

## শক্তিশালী ভূমিকম্পে কাঁপল উত্তর আর্জেন্টিনা, তীব্রতা ৫.৫

বুয়েনাস আইরেস, ২৪ জানুয়ারি (হি.স.): শক্তিশালী ভূমিকম্পে কাঁপল উত্তর আর্জেন্টিনা। স্থানীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার রাতে জোরালো তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আর্জেন্টিনায়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৫.৫ঊ ভূমিকম্পের তীব্রতা অপেক্ষাকৃত বেশি থাকা সত্ত্বেও ক্ষয়ক্ষতি অথবা হতাহতের কোনও খবর পাওয়া যায়নি।

মার্কিন যুক্তরাষ্ট্রের জিওলজিক্যাল সার্ভে (ইউএসজিএস) জানিয়েছে, স্থানীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার রাত ৯.১১ মিনিট নাগাদ ৫.৫ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় উত্তর আর্জেন্টিনায়। ভূমিকম্পের উতস্থল ছিল এল হোয়ো শহর থেকে ১৬ কিলোমিটার পশ্চিমে, ভূপৃষ্ঠের ৫৬০ কিলোমিটার গভীরেঊ ভূমিকম্পের তীব্রতা অপেক্ষাকৃত বেশি ছিল, তবে ভূপৃষ্ঠের অনেক গভীরে উতস্থল হওয়ায় কোথাও কোনওরকম ক্ষয়ক্ষতি হয়নি।

## দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো চালুর তোড়জোড় তুঙ্গে

কলকাতা,২৪ জানুয়ারি (হি.স.):কলকাতাবাসীর জন্য সুখবর ঊ খুব শীঘ্রই চালু হতে চলেছে দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো ঊ আজ শুক্রবার ৩০ জন ইঞ্জিনিয়র কাজের অগ্রগতি খতিয়ে দেখতে বরাহনগর স্টেশনে যান ঊ নোয়াপাড়া পর্যন্ত মেট্রো রেল রয়েছেই ঊ দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো চালু হলে দক্ষিণেশ্বর হবে শেষ স্টেশন ছয়ের পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনেবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।